لُغَةُ الْقُرْآن

আল-কুরআনের ভাষা

সংকলন

এস এম নাহিদ হাসান

সম্পাদনা

উস্তায ইমরান হেলাল

উস্তায রেদওয়ান মাহমুদ

উস্তায মাহমুদুল হাসান

আল-কুরআনের ভাষা

প্রকাশক

এস এম নাহিদ হাসান

ধ ব্লক, মিরপুর ১২, পল্লবী, ঢাকা

মোবাইলঃ ০১৭১২৫২৯২৯৮

©

গ্রন্থস্বত্বঃ লেখক

প্রচ্ছদ

প্রকৌশলী মোঃ নওয়াজিস ইসলাম

৭ম সংস্করণঃ আগস্ট ২০২৩

নির্ধারিত মূল্যঃ **৫০০.০০** টাকা মাত্র

যোগাযোগ

এস এম নাহিদ হাসান

ইমেইলঃ nahidce03@yahoo.com

www.alquranervasha.com

ভূমিকা

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

সকল প্রশংসা মহান আল্লাহর এবং সালাত ও সালাম তার রসূলের প্রতি।

লুগাতুল কুরআন বা আল কুরআনের ভাষা বইটি মূলত আরবী ভাষারীতি বা আরবী ব্যকরণ শিক্ষার বই। আরবী ব্যাকরণের মৌলিক দিকগুলো তুলে ধরা হয়েছে সহজ ও সাবলীলভাবে। আর প্রতিটি আলোচ্য বিষয়ের সাথে উল্লেখ করা হয়েছে অনেক কুরআনের উদাহরণ যেহেতু অনেক পাঠকের উদ্দেশ্য থাকে কুরআন বোঝা।

বইটির ভাষারীতির আলোচনা কুরআন হাদিস সহ বিভিন্ন আরবী লেখা বিশদভাবে বুঝতে সাহায্য করবে ইনশা আল্লাহ। তবে মনে রাখতে হবে যে ভাষা শিক্ষার প্রধান দিক হলো শব্দ ও তার ব্যবহার শেখা। শুধু গ্রামার বা ভাষারীতি শেখা কখনওই আপনাকে ভাষা বুঝতে ও প্রয়োগ করতে সাহায্য করবে না। আরবীকে ভাষা হিসেবে শিখতে আমরা সংকলন করেছি “বিদায়াতুল আরাবিয়াহ” সিরিজ যেখানে ব্যবহারিক পদ্ধতিতে আরবী ভাষা শেখানো হয়েছে।

এই বইটি পাঠ করার শুরুতে আপনাকে নিশ্চিত হতে হবে আপনি কুরআন পড়তে জানেন। এটা মূলত ভাষারীতি শিক্ষার বই। আরবী উচ্চারণের নিয়ম সংশ্লিষ্ট আলোচনা নেই।

আশা করি লুগাতুল কুরআন বইটি আপনাকে আরবী ভাষা শিক্ষার যাত্রায় একইসাথে একজন মেধাবী সহপাঠী ও শিক্ষকের ভূমিকা পালন করবে ইনশা আল্লাহ।

এস এম নাহিদ হাসান।

সূচীপত্র

ভূমিকা 2

আরবী ভাষা কেন শিখবো ও কিভাবে শিখবো 15

অধ্যায়–১ (আরবি ভাষারীতি, শব্দ ও বাক্য) **20**

১। আরবী ব্যাকরণ বা ভাষারীতি 20

২। আরবী শব্দ ও তার প্রকার (الكَلِمَةُ و أَقْسَامُهَا) 21

৩। আরবী বাক্য ও তার প্রকার (الجُملَةُ وأَقْسَامُهَا) 22

অধ্যায়–২ (ইসম সম্পর্কিত কিছু বিষয়) **24**

১। اِسْمٌ নামপদ 24

২। نَكِرَةٌ অনির্দিষ্ট مَعْرِفَةٌ নির্দিষ্ট 26

৩। اَلْمُذَكَّرُ পুরুষবাচক এবং اَلْمُؤَنَّثُ স্ত্রীবাচক 27

৪। الشَّخْصُ বা পুরুষ 30

৫। الإِعْرَابُ বা কারক 31

অধ্যায়–৩ (বচন) **36**

১। اَلْمُثَنَّى দ্বিবচন 36

২। الْجَمْعُ বহুবচন 38

৩। كلُّ جَمعٍ مُؤَنَّثٌ বুদ্ধিহীনদের বহুবচন 46

৪। اِسْمُ الجَمْعِ বহুবচনের ইসম 47

অধ্যায়–৪ (সর্বনাম) **52**

১। الضَّمِيْرُ সর্বনাম 52

২। اِسْمُ الإِشَارَةِ ইশারাবাচক বিশেষ্য 58

৩। الإِسْمُ الْمَوْصُولُ সম্বন্ধকারক বিশেষ্য 61

অধ্যায়–৫ (শব্দগুচ্ছ) **65**

১। الإِضَافَةُ দুই ইসমের সম্পর্ক 65

২। نَعْتٌ বিশেষণ 68

৩। بَدَلٌ ব্যাখ্যামূলক শব্দ 71

অধ্যায়–৬ (বিভিন্ন প্রকার ইসম) **75**

১। اِسْمُ الظَّرْف সময় ও স্থানবাচক ইসম 75

২। اِسْمُ الْفِعْلِ ক্রিয়াবাচক ইসম 78

৩। اِسْمُ الْكِنَايَةِ ইঙ্গিতবাচক ইসম 78

৪। اِسْمُ الإِسْتِفْهَام প্রশ্নবোধক ইসম 79

অধ্যায়–৭ (মাসদার) **83**

১। الْمَصْدَر ক্রিয়া বিশেষ্য 83

২। মাসদার সম্পর্কিত কয়েকটি বিষয় 87

৩। الْمَصْدَر الْمِيمِي মিমযুক্ত মাসদার 89

৪। اسْمُ الْمَصْدَرِ ইসমুল মাসদার 91

অধ্যায়–৮ (ক্রিয়া উদ্ভুত ইসম) **99**

১। اِسْمُ الْفَاعِلِ কর্তার নাম ও اِسْمُ الْمَفْعُوْلِ কর্মের নাম 99

২। اِسْمُ الزَّمَانِ ও اِسْمُ الْمَكَانِ সময় ও স্থানবাচক বিশেষ্য 101

৩। اِسْمُ الآلَةِ ক্রিয়া সম্পাদনের উপকরণ 102

৪। صِيَغُ الْمُبَالَغَة ইসমের তীব্রতার গঠন 103

৫। الصِّفَةُ الْمُشَبَّهَةُ কর্তার স্থায়ী গুণ 104

৬। اِسْمُ التَّفْضِيْلِ তুলনার্থে ব্যবহৃত বিশেষ্য 105

অধ্যায়–৯ (হারফ) **108**

১। حَرْفُ الْجَرِّ যের দানকারী অব্যয় 110

২। الحروف الْمُشَبَّة بِالفِعْل যবর দানকারী অব্যয় 111

৩। حَرْفُ العَطْفِ সংযোগকারী অব্যয় 112

৪। حَرْفُ النِّدَاءِ সম্বোধনের অব্যয় 113

৫। حَرْفُ التَّنْبِيْه বা সাবধানতার অব্যয় 114

৬। حَرْفُ التَّحْضِيْضِ والتنديم উৎসাহ ও ধিক্কারের অব্যয় 114

৭। حَرْفُ الزَّائِدَةِ অতিরিক্ত অব্যয় 115

৮। حَرْفُ الإِسْتِئْنافِ পুনরারম্ভ করার অব্যয় 116

৯। حَرْفُ الإِسْتِفْهَامِ প্রশ্নবোধক অব্যয় 116

১০। حَرْفُ الجوابِ জবাব দানের অব্যয় 116

১১। حَرْفُ التَّفْسِير ব্যাখ্যা দানের অব্যয় 117

১২। الحُرُوفُ الْمَصْدَرِيَّة মাসদারের অর্থ দানকারী অব্যয় 117

অধ্যায়–১০ (অতীত কালের ক্রিয়া) **120**

১। الفِعْلُ الْمَاضِي অতীত কালের ক্রিয়া 121

২। লিংগ ও বচনভেদে الفِعْلُ الْمَاضِي এর বিভিন্ন রূপ 124

৩। الفِعْلُ الْمَاضِي এর فَاعِلٌ বা কর্তা 126

৪। না বোধক অতীত 128

৫। অতীত কালের ক্রিয়ার বিভিন্ন ব্যবহার 129

৬। ক্রিয়ার সাথে হারফ জার বা صِلَةٌ 132

অধ্যায়–১১ (বর্তমান কালের ক্রিয়া) **135**

১। الْمُضَارِعُ বর্তমান ও ভবিষ্যৎ কালের ক্রিয়া 135

২। লিংগ ও বচনভেদে الفِعْلُ الْمُضَارِعُ এর বিভিন্ন রূপ 143

৩। الْمُضَارِعُ এর মারফু, মানসুব ও মাজ্জুম অবস্থা 147

৪। না - বোধক বর্তমান 148

৫। না বোধক ভবিষ্যত 148

৬। বর্তমান কালের ক্রিয়ার বিভিন্ন ব্যবহার 149

৭। لَمْ ، لَمَّا মুদারীকে অতীত অর্থ দেয় 151

৮। একসাথে ক্রিয়ার কাল 153

৯। অসমাপিকা ক্রিয়া 154

১০। لَامُ التَعْلِيْلِ কারন বোঝানোর লাম 155

১১। ক্রিয়ার বিভিন্ন ব্যবহার 155

অধ্যায়–১২ (আদেশ ও নিষেধ) **159**

১। أَمْرٌ আদেশ 159

২। النَّهْيُ নিষেধ 160

৩। لَامُ الْأَمْرِ তৃতীয়পুরুষে ও প্রথমপুরুষে আদেশ ও নিষেধ 163

অধ্যায়–১৩ (ক্রিয়ার কর্ম) **167**

১। مَفْعُوْلٌ بِهِ ক্রিয়ার কর্ম 167

২। مَفْعُوْلٌ فِيْهِ ক্রিয়া সংঘটনের সময়/স্থান 170

৩। مَفْعُوْلٌ لَهُ ক্রিয়া সংঘটিত হওয়ার কারণ 170

৪। مَفْعُوْلٌ مَعَهُ ক্রিয়া সংঘটনের সাথী 170

৫। مَفْعُول مُطْلَق সমধাতুজ কর্ম 171

অধ্যায়–১৪ (নিরেট ক্রিয়া ও দুর্বল ক্রিয়া) **177**

১। الفِعْلُ الصَّحِيْحُ নিরেট ক্রিয়া 177

২। الفِعْلُ الْمَهْمُوْزُ মাহমুজ ক্রিয়া 178

৩। الفِعْلُ الْمُضَاعَفُ মুদায়াফ ক্রিয়া 181

৪। التَّعْلِيْلُ বর্ণের রুপান্তর 184

৫। الفِعْلُ الْمُعْتَلُّ দুর্বল ক্রিয়া 187

৬। الْفِعلُ الْمِثَالُ মিছাল ক্রিয়া 188

৭। الْفِعلُ الْأَجْوَفُ আজওয়াফ ক্রিয়া 192

৮। الفِعْلُ النَّاقِصُ নাকিস ক্রিয়া 197

৯। الفِعْلُ اللَّفِيْفُ লাফিফ ক্রিয়া 204

অধ্যায়–১৫ (কর্মবাচ্যের ক্রিয়া) **210**

১। الْمَجْهُولُ لِلسَّالِمِ সালিম ক্রিয়ার কর্মবাচ্যের রূপ 217

২। الْمَجْهُولُ لِلمَهْمُوز মাহমুজ ক্রিয়ার কর্মবাচ্যের রূপ 218

৩। الْمَجْهُولُ لِلمُضَعَّف মুদায়াফ ক্রিয়ার কর্মবাচ্যের রূপ 219

৪। الْمَجْهُولُ لِلمِثَال মিছাল ক্রিয়ার কর্মবাচ্যের রূপ 220

৫। الْمَجْهُولُ لِلأَجْوَف আজওয়াফ ক্রিয়ার কর্মবাচ্যের রূপ 221

৬। الْمَجْهُولُ لِلنَّاقِص নাকিস ক্রিয়ার কর্মবাচ্যের রূপ 222

অধ্যায়–১৬ (ক্রিয়াপদের বিভিন্ন গঠন) **225**

১। الْمَزِيْدُ এবং الْمُجَرَّدُ 225

২। Form II فَعَّلَ 228

৩। Form III أَفْعَلَ 232
৪। Form IV فَاعَلَ 236
৫। Form V تَفَعَّلَ 238
৬। Form VI تَفَاعَلَ 241
৭। Form VII اِنْفَعَلَ 243
৮। Form VIII اِفْتَعَلَ 246
৯। Form IX اِفْعَلَّ 249
১০। Form X اِسْتَفْعَلَ 250
১১। اَلْفِعْلُ الرُّبَاعِيُّ মূলচার অক্ষর বিশিষ্ট ক্রিয়া 252

অধ্যায়–১৭ (বাক্য) **260**
১। বাক্য جُمْلَةٌ 260
২। বিভিন্ন প্রকার خَبَرٌ বা বিধেয় 262
৩। এক শব্দ বিশিষ্ট খবর اَلْخَبَرُ الْمُفْرَدُ 263
৪। জার মাজরুর খবর جَارٌّ وَمَجْرُوْرٌ خَبَرٌ 265
৫। জারফ খবর ظَرْفٌ خَبَرٌ 267
৬। নামপ্রধান বাক্যের খবর اَلْجُمْلَةُ الاسْمِيَّةُ خَبَرٌ 269
৭। ক্রিয়া প্রধান বাক্যের খবর اَلْجُمْلَةُ الفِعْلِيَّةُ خَبَرٌ 270
৮। না-বাচক নাম প্রধান বাক্য 271

অধ্যায়–১৮ (প্রশ্নবোধক বাক্য) **275**
১। أَدَوَاتُ الاسْتِفْهَامِ প্রশ্নবোধক শব্দ 275
২। প্রশ্নের উত্তরে نَعَمْ ،لَا ،بَلَى ইত্যাদির ব্যবহার 276

৩। প্রশ্ন করতে أَيٌّ এবং كَمْ শব্দের ব্যবহার 277
৪। প্রশ্নবোধক বাক্যে أَمْ ও أ ব্যবহার 278
৫। প্রশ্নবোধক বাক্যের কয়েকটি বিষয় 278

অধ্যায়–১৯ (তুলনাবাচক বাক্য) **282**
১। দুইয়ের মধ্যে তুলনা করতে 282
২। সবার সাথে তুলনা 282

অধ্যায়–২০ (আশ্চর্যবোধক বাক্য) **288**
১। আশ্চর্যবোধক বাক্য গঠনের ক্ষেত্রে লক্ষ্যনীয় তিনটি বিষয় 288
২। আশ্চর্যবোধকের জন্য إِذَا এর ব্যবহার 289
৩। আশ্চর্যবোধকের জন্য كَمْ এর ব্যবহার 289

অধ্যায়–২১ (বাক্যে জোরদান) **291**
১। নাম প্রধান বাক্যে জোরদান 291
২। ক্রিয়া প্রধানবাক্যে জোরদান 293
৩। نُوْنُ التَّوْكِيْدِ জোর দেওয়ার নুন 294

অধ্যায়–২২ (ব্যতিতসূচক বাক্য) **298**
১। اَلْاِسْتِثْنَاءُ ব্যতীত 298
২। غَيْرُ ও سِوَى এর পরবর্তী মুসতাসনা 300
৩। مَاخَلَا ও مَاعَدَا এর পরবর্তী মুসতাসনা 301

অধ্যায়–২৩ (শর্তসূচক বাক্য) **302**
১। الطَّلَبُ তলব ও جَوَابُ الطَّلَبِ তলবের উত্তর 302
২। الجُمْلَةُ الشَّرْطِيَّةُ শর্তযুক্ত বাক্য 302

অধ্যায়–২৪ (তামিজ) **308**
১। اَلتَّمْيِيْزُ স্পষ্টকরণ 308

অধ্যায়–২৫ (হাল) **311**
১। اَلحَالُ কর্তা ও কর্মের অবস্থা 311
২। نَعْتٌ এবং حَالٌ এর মধ্যে পার্থক্য 313

অধ্যায়–২৬ (রঙ ও সময়) **315**
১। اللَّوْنُ রঙ 315
২। وَقْتٌ সময় 316

অধ্যায়–২৭ (নাম্বার) **320**
১। العَدَدُ নম্বর 320
২। أَلْفٌ ও مِائَةٌ 328
৩। ক্রমবাচক সংখ্যা 328
৪। ভগ্নাংশ 331

অধ্যায়–২৮ (বিভক্তি) **337**
১। ইসমের মারফু অবস্থা 337
২। ইসমের মাজরুর অবস্থা 337
৩। ইসমের মানসুব অবস্থা 337
৪। ক্রিয়ার মানসুব অবস্থা 338
৫। ক্রিয়ার মাজ্জুম অবস্থা 339

অধ্যায়–২৯ (বিবিধ বিষয়) **342**
১। هَمْزَةُ الْوَصْلِ এবং هَمْزَةُ الْقَطْعِ 342

২। اِلتِقَاءُ السَّاكِنَيْنِ দুই সাকিনের মিলন 343
৩। مُبْتَدَأٌ উদ্দেশ্য ও خَبَرٌ বিধেয় 344
৪। اَلْكَلِمَاتُ الْمَبْنِيَّةُ মাবনী 346
৫। مَمْنُوعٌ مِنَ الصَّرْفِ আংশিক পরিবর্তনশীল ইসম 347
৬। اَلأَسْمَاءُ الْخَمْسَةُ পাঁচটি বিশেষ বিশেষ্য 350
৭। اَلْمَنْقُوْصُ মানকুস 350
৮। ضَمِيْرُ الفَصْلِ পৃথকীকরণ সর্বনাম 351
৯। الاِخْتِصَاصُ বা সর্বনামকে নির্দিষ্ট করণ 352
১০। মুক্ত সর্বনামগুলোর মানসুব অবস্থা 353
১১। اَلتَّصغِيرُ ক্ষুদ্রতর অর্থে ইসম 354
১৪। لَا النَّافِيَّةُ لِلْجِنْسِ সমষ্টিগতভাবে না বোঝাতে 355
১৫। لَامُ الجُحُوْدِ অস্বীকার করার না 356
১৬। بَدَلٌ এর প্রকারভেদ 356
১৭। نَعْتٌ এর প্রকারভেদ 357
১৮। اَلنَّعْتُ السَّبَبِيُّ নিমিত্তবাচক বিশেষণ 358
১৯। اَلْمَنْسُوْبُ সম্পৃক্ত বিশেষ্য 359
২০। الفاءُ السَّبَبِيَّةُ কারন বাচক فَ 360
২১। أَفْعَالُ الشُّرُوْعِ শুরু করার ক্রিয়া 361
২২। أَفعَالُ الْمَدْحِ والذَمِّ প্রশংসা ও ঘৃনা প্রকাশক ক্রিয়া 362
২৩। عَلامَاتُ الإِعْرَابِ বিভক্তির আলামত 362
২৪। দ্বিবচনের কয়েকটি নিয়ম 363
২৫। বহুবচনের কয়েকটি নিয়ম 364

২৬। جَمْعُ الجَمْعِ বহুবচনের বহুবচন...366
২৭। جَمْعُ الكَثْرَةِ এবং جَمْعُ القِلَّةِ...368
২৮। শব্দের শুরুতে, মধ্যে এবং শেষে আলিফ এর রুপ...369
২৯। শব্দের শুরুতে, মধ্যে এবং শেষে ء এর চেয়ার...371

অধ্যায়-৩০ (বিবিধ শব্দের ব্যবহার)...**372**
১। كَانَ এর ব্যবহার...372
২। لَيْسَ এর ব্যবহার...375
৪। عَسَى এর ব্যবহার...376
৫। ذُوْ এর ব্যবহার...377
৬। الْ এর বিভিন্ন ব্যবহার...379
৭। كُلُّ এর ব্যবহার...380
৮। بَلْ শব্দের ব্যবহার...381
৯। أَمَّا এর ব্যবহার...382
১০। إِنَّمَا এর ব্যবহার...382
১১। حَتَّى শব্দের ব্যবহার...383
১২। وَ এর বিভিন্ন ব্যবহার...384
১৩। مَا এর বিভিন্ন ব্যবহার।...386
১৪। كَ এর ব্যবহার...388
১৫। أَوْ এবং أَمْ এর ব্যবহার...388
১৬। فَإِنَّ ও لِأَنَّ এর ব্যবহার...389
১৭। آخَرُ ও أُخْرَى এর ব্যবহার...390

১৮। وَإِمَّا ... إِمَّا এর ব্যবহার 390
১৯। كِلَا এবং كِلْتَا এর ব্যবহার 391
২০। إِيَّاكَ সাবধান করতে 392
২১। لَا بُدَّ এর ব্যবহার 393
২২। تَعَالَ শব্দের ব্যবহার 393
২৩। هَاتِ এর ব্যবহার 394
২৪। كَلَّا এবং هَلاَّ এর ব্যবহার 394
২৫। إِذَنْ শব্দের ব্যবহার 395
২৬। فَ এর বিভিন্ন ব্যবহার 396
২৭। لام এর বিভিন্ন ব্যবহার 398
২৮। أَنْ، أَنَّ، إِنْ، إِنَّ এর বিভিন্ন ব্যবহার 399

অধ্যায়–৩১ (আলংকারিক বাক্য) 404
১। التَّشْبِيه তুলনামুলক কথা 406
২। الْمَجَازُ রূপক কথা 407
৩। الكِنَايَةُ ইংগিতপূর্ন কথা 409
৪। الخَبَرُ খবর 411
৫। الإِنْشَاءُ ইনশা 412
৬। الإِيجَازُ সংক্ষিপ্তকরণ 414
৭। الإِطنَابُ অতিরিক্ত শব্দ যোগ 418
৮। الإِبْدَالُ বদল 419
৯। التَّقْدِيمُ و التَّأخِيرُ শব্দের স্থান পরিবর্তন 420

১০। الْمُنَاسَبَةُ যথাযথ শব্দ 420
১১। কিছু শব্দের ব্যতিক্রমি ব্যবহার 423
১২। অনির্দিষ্টতার বিভিন্ন অর্থ 424
১৩। বিপরীত লিঙ্গের কর্তা 424
১৪। الجِنَاس একই শব্দের একাধিক প্রয়োগ 425
১৫। السَّجْعُ ছন্দ মিল 426
১৬। الطِّبَاقُ والْمُقَابَلَةُ বিপরীত অর্থের শব্দ প্রয়োগ 428
১৭। التَّهَكُّمُ ঠাট্টা বিদ্রুপ 428
১৮। أُسلُوبُ الحَكِيمِ অবাক করা উত্তর 429
১৯। الإلْتِفَاتُ দৃষ্টি আকর্ষণ 429

অধ্যায়–৩২ (**এক নজরে আরবি ভাষা**) **432**
১। বর্ণ حَرْفٌ 432
২। শব্দ كَلِمَةٌ 433
৩। বাক্য جُمْلَةٌ 436

অধ্যায়–৩৩ (**কুরআন থেকে নির্বাচিত ইরাব ও অনুবাদ**) **438**
১। নির্বাচিত ইরাব 438
২। নির্বাচিত অনুবাদ 456

আরবী ভাষা কেন শিখবো ও কিভাবে শিখবো

পার্থিব লাভ কিংবা আগ্রহ যেটাই হোকনা কেন মাতৃভাষার বাইরেও আমরা অনেক ভাষা শিখে থাকি। তবে এর মধ্যে আরবী ভাষা শিক্ষার্থীর সংখ্যা খুব বেশি নয় যেহেতু আমরা এটা শিক্ষা করার লাভ সম্পর্কে অবগত নই অথবা তেমনভাবে চিন্তা করে দেখিনি। সেক্ষেত্রে আসুন আমরা প্রথমেই দেখি আরবী ভাষা শিখলে আমাদের কি ধরণের উপকার হতে পারে।

প্রথমটা অবশ্যই কুরআনকে বুঝতে পারা। মহান আল্লাহ কুরআনে যেখানে আরবী ভাষার উল্লেখ করেছেন সেখানে আরবী ভাষার মর্যাদা বর্ণনা করেননি বরং মূলত এটা বুঝিয়েছেন যে তোমাদের জানা আরবী ভাষায় নাযিল করেছি যাতে তোমরা বুঝতে পারো। তিনি বলেন,

إِنَّا جَعَلْنَاهُ قُرْآنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُونَ

নিশ্চয়ই আমি একে করেছি আরবী কোরআন যাতে তোমরা বোঝ। [৪৩-৩]

অন্যান্য কিতাবগুলোও স্ব স্ব নাবীর মাতৃভাষায় নাযিল হয়েছে। ভাষাটা এখানে মুখ্য নয়। মুখ্য হল বার্তা বা সংবাদ যা মহান আল্লাহ তার বান্দাদের বোঝাতে চান। আরবীকে এজন্যই কুরআনের ভাষা হিসেবে নির্বাচন করা হয়েছে যেন আরববাসীরা তা বুঝতে পারেন। মহান আল্লাহ বলেন,

كَذَٰلِكَ أَوْحَيْنَا إِلَيْكَ قُرْآنًا عَرَبِيًّا لِّتُنذِرَ أُمَّ الْقُرَىٰ وَمَنْ حَوْلَهَا

এমনি ভাবে আমি আপনার প্রতি আরবী ভাষায় কোরআন নাযিল করেছি, যাতে আপনি মক্কা ও তার আশ-পাশের লোকদের সতর্ক করেন। [৪২-৭]

তাহলে প্রশ্ন জাগে যে, যে সকল অনারবদের ভাষা আরবী নয় তারা কিভাবে বুঝবে! উত্তর খুব সহজ তাদেরকে এটা শিখতে হবে। আর যেহেতু এই কাজটা পৃথিবীর অধিকাংশ মানুষকেই করতে হবে এজন্য মহান আল্লাহ এর শিক্ষাকে সহজ করেছেন। তিনি বারংবার কুরআনে উল্লেখ করেন,

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ

আমি কোরআনকে সহজ করে দিয়েছি বোঝার জন্যে। [৫৪: ১৭]

দ্বিতীয়ত, আরবী জানলে কুরআনের আয়াত বা হাদিস মুখস্ত করা অনেক সহজ হয়ে যায়। উদাহরণ স্বরুপ আমরা ক্বদরের নিম্নোক্ত আয়াত তিনটি লক্ষ্য করি,

إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ [١:٩٧] وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ [٢:٩٧] لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ [٣:٩٧]

প্রথম আয়াতে আমরা দেখছি "লাইলাতিল ক্বাদরি" পরের আয়াতগুলোতে "লাইলাতুল ক্বাদরি" । যারা আরবী জানেন না তারা মনে রাখেন এভাবে যে প্রথমে "লাইলাতিল" ও পরের দুটিতে "লাইলাতুল"। এমনিভাবে কুরআনে আপনি দেখবেন কোথাও মু'মিনুন আবার কোথাও মু'মিনিন। সাধারনভাবে মুখস্ত রাখা অনেক কষ্টসাধ্য কিন্তু আরবী জানা থাকলে বাক্যের গঠনই আপনাকে বলে দেবে কোথায় কি হবে।

তৃতীয়ত, কুরআন হাদিসের উপস্থাপন সহজ ও প্রাণবন্ত হবে যখন আপনি ভাষার প্রয়োগ ও প্রকাশ সঠিকভাবে উপলব্ধি করতে পারবেন। আরবী না জানলে আপনাকে আলাদা করে পুরো বাক্যের অর্থ মুখস্ত করতে হবে। সেক্ষেত্রে একদিকে যেমন দ্বিগুণ সময় ও শ্রম প্রয়োজন তেমনি আয়াত বা হাদিসের শব্দে শব্দে বিচরণ করা সম্ভব হয় না।

চতুর্থত, কুরআনের অনেকগুলো অলৌকিকত্বের মধ্যে একটা হলো তার ভাষা। যেটা চোখ দিয়ে দেখা যায় না, অন্তর দিয়ে দেখতে হয়। আরবী ভাষা বোঝা ব্যতীত এই আধ্যাত্মিকতা উপলব্ধি করা সম্ভব নয়। কুরআনের অলঙ্কার, ছন্দ ও তথ্যের উপস্থাপন এমন যে মহান আল্লাহ কিয়ামত পর্যন্ত মানব জাতিকে চ্যালেঞ্জ করে রেখেছেন যে কেউ এর মত একটা সুরাও রচনা করতে পারবে না। মহান আল্লাহ বলেন,

وَإِن كُنتُمْ فِي رَيْبٍ مِّمَّا نَزَّلْنَا عَلَىٰ عَبْدِنَا فَأْتُوا بِسُورَةٍ مِّن مِّثْلِهِ

এতদসম্পর্কে যদি তোমাদের কোন সন্দেহ থাকে যা আমি আমার বান্দার প্রতি অবতীর্ণ করেছি, তাহলে এর মত একটি সূরা রচনা করে নিয়ে এস। [২: ২৩]

মানুষ ও জ্বীন উভয়ে মিলেও কেন কুরআনের একটা সুরা রচনা করতে পারবে না? কি এমন গভীরতা এর মাঝে যেখানে কেউ কোনদিন পৌঁছাতে পারবে না? এসব প্রশ্নের উত্তর পেতে আমাদেরকে অবশ্যই আরবী জানতে হবে।

সবচেয়ে বড় কথা অনুবাদ কখনই আল্লাহর কালাম নয়। একটা ভাষার অনুবাদ কখনোই অনুবাদকৃত ভাষাকে পুরোপুরি ধারণ করতে পারে না। উদাহরণস্বরূপ একটি বাংলা কবিতার ইংরেজি অনুবাদ পড়ে যদিও কবিতার ভাবার্থ বোঝা যায় কিন্তু কখনই কবিতার আসল স্বাদ ও সৌন্দর্য উপলব্ধি করা যায় না।

সবকিছু বিবেচনায় মহান আল্লাহর কালামকে পুরোপুরিভাবে অনুভব করতে হলে আরবী জানার বিকল্প নাই।

কিভাবে একটা ভাষা শিখবেন তার প্রথমেই আপনাকে ঠিক করে নিতে হবে আপনি ভাষাটা কেন শিখবেন? কারন উদ্দেশ্যের উপর নির্ভর করে আপনি ঠিক কিভাবে শুরু করলে সবচেয়ে সহজ ও সঠিক পন্থায় অগ্রসর হওয়া সম্ভব। ধরুন আরবি ভাষার কথাই বলি, আপনি আরবি শিখতে চাচ্ছেন। যেহেতু আপনি আপনার সমাজ আরবিকে ভাষা হিসেবে ব্যবহার করেন না তাহলে এটা কেন শিখবেন? এর মুলত তিনটি উদ্দেশ্যে থাকতে পারে,

১) আরবীতে কোন কিছু পড়ে বোঝা। যেমন কুরআন, হাদিস বা অন্য কোন আরবী বই। এক্ষেত্রে আরবি বলা ও শুনে বোঝার বিষয়টা গৌন। কারন বলা শোনার ভালো যোগ্যতা ছাড়াও এই উদ্দেশ্য অর্জন করা যায়।

২) আরবীতে কথা বলা ও আরবী শুনে বোঝা। এক্ষেত্রে আরবি পড়ে বোঝার বিষয়টা গৌন। কারন পড়ার যোগ্যতা ছাড়াও এই উদ্দেশ্য অর্জন করা যায়।

৩) কেবল কুরআন পড়ে আরবীতে বুঝতে চান।

অথবা আপনি সবগুলোই চান। এখন বলছি কোন ক্ষেত্রে আপনাকে কোন পথে এগোতে হবে। যদি আপনি আরবি বলতে চান বা শুনে বুঝতে চান তাহলে এমন কারও থেকে আরবি শিখতে হবে যে আপনার মাতৃভাষাও বলতে পারে আবার আরবি ভাষাও বলতে পারে। সে আপনাকে পড়াবে আরবীতে। কেবল প্রয়োজন হলেই বাংলা বলবে। এক্ষেত্রে ধীরে ধীরে আপনাকে প্রচুর শুনতে হবে, বলতে হবে। শুনে শুনে নিজে নিজে রিপিট করতে হবে। অনেক ব্যাকরণ শেখাটা এতে খুব একটা কাজে দেয় না। অল্প কিছু নিয়ম জেনে নিলেই যথেষ্ট হয়।

যদি আপনি আরবী বই পুস্তক পড়ে বুঝতে চান, শুদ্ধ আরবি লিখতে চান সেক্ষেত্রে আপনাকে ভাষারীতি বা ব্যাকরণ শিখতে হবে। আর সাথে প্রচুর আরবী বই পড়তে হবে। গল্প কবিতা ইত্যাদি পড়ার সাথে শব্দ শিখতে হবে। ডিকশনারি ঘাটাঘাটির অভ্যাস তৈরি করতে হবে। অনেক পড়ার মধ্য দিয়ে পড়ার যোগ্যতা তৈরি হবে। কারন আরবির একটা জটিলতা হলো এতে স্বরধ্বনি বা হরকত দেওয়া নাই। এটা বুঝে নিতে হয় বা মুখস্থ জানা থাকতে হয়। বাক্যরীতি শিখে ফিকহ আর উসুলের দুই একটা বই ভালো করে পড়বেন। এধরণের বইগুলোতে একই টাইপের লেখা বা পরিভাষা থাকে।

আর যারা কেবল কুরআন আরবীতে বুঝতে চান তাদের কাজটা উপরের সব কাজ থেকে অপেক্ষাকৃত সহজ। কারণ এখানে অনেক বই পড়তে হয় না। শুধু কুরআনের শব্দ আর বাক্যরীতি শিখলেই হয়। সাথে কুরানের অনুবাদ কয়েকবার ভালো করে পড়তে হবে। আর এটা সহজ মুলত এই কারণে যে এখানে হরকত দেওয়া থাকে এবং শব্দ ও বাক্য সংখ্যা নির্দিষ্ট। হ্যা, যদিও কুরআনের বাক্যগঠন বেশ ক্যারিশমাটিক তবে সহজ। আল্লাহই সহজ করেছেন। এখানে আপনি কেবল নাহু সরফ বালাগার মৌলিক বিষয় শিখবেন, শব্দ শিখবেন, কয়েকবার অনুবাদ পড়বেন। ব্যাস বোঝার যোগ্যতা তৈরি হবে। সাথে যারা হাদিস বুঝতে চান। তাদেরও একই কথা। বাক্যরীতি শেখার পরে অনেক হাদিস পড়বেন। রিয়াযুস সালেহীন বা মিশকাত। একটা ভালো করে পড়লে দেখবেন বাকি হাদিসগুলো সহজ হয়ে যাবে।

তাহলে খুব সহজভাবে এভাবে বলা যায়। বলতে হলে বলা, শুনতে হলে শোনা, পড়তে হলে পড়া, লিখতে হলে লেখা। অনেক সময় দিতে হবে। ধৈর্য্য আর একনিষ্ঠতা থাকতে হবে।

কৃতজ্ঞতাঃ

মূলত বইটির রচনা একটি সমন্বিত প্রয়াস যা গড়ে উঠেছে ডঃ ভি. আব্দুর রহীম এর Madina Book series, দারুস সালামের Learning Arabic Language of The Quran, করাচীর আল বুশরা পাবলিকেশন্সের Lisan-ul-Quran কে অনুসরণ করে। রেফারেন্স হিসেবে আরও ব্যবহৃত হয়েছে মাসুদ রাঙ্গিনওয়ালার Essential of quranic Arabic এবং ডঃ ফজলুর রহমান স্যারের "আরবী ব্যাকরণ", কাওয়ায়িদুল লুগাতিল আরাবিয়া, এম এম শহীদুল মিল্লাতের "আধুনিক আরবী ব্যাকরন" ইত্যাদি।

রচনা ও সম্পাদনার ক্ষেত্রে এতো বেশি লোক জড়িত হয়ে পড়েছে যে সবার নাম এখানে উল্লেখ করা সম্ভব না! আমাদের সাথে বিভিন্নভাবে জড়িত সেই সকল ভাই ও বোনদেরকে আল্লাহ উত্তম প্রতিদান দান করুন।

আমরা আরও কৃতজ্ঞতা প্রকাশ করছি শাইখ আব্দুল মতিন, ডঃ শাহরিয়ার সাদউল্লাহ, উস্তায রেজা করিম, উস্তায ডাঃ ইমরান হেলাল, উস্তায রেদওয়ান মাহমুদ, উস্তায মাহমুদুল হাসান সহ সকল উস্তাযগনের। আর তাদের সাথে আমাদের সহপাঠী ও ছাত্র-ছাত্রীদের যাদের আলোচনা ও পরামর্শ সর্বদা প্রেরণার উৎস হয়েছে।

হে আল্লাহ! আপনি সকলের মেহনতকে কবুল করুন। আমীন।

অধ্যায়-১ (আরবি ভাষারীতি, শব্দ ও বাক্য)

১। আরবী ব্যাকরণ বা ভাষারীতি

ব্যাকরণ বা قَوَاعِد العَرَبِيَّة হলো এমন শিক্ষা যা একটা ভাষাকে শুদ্ধরূপে জানতে সাহায্য করে। আরবি ভাষা ভালোকরে রপ্ত করতে আমাদের ব্যাকরণের তিনটি মৌলিক শাখা পড়তে হয়।

১। নাহু النَّحْوُ

এই শাস্ত্রে বাক্যে শব্দের ব্যবহার সংক্রান্ত আলোচনা করা হয়। যেমন قَتَلَ دَاوُوْدُ جَالُوْتَ বাক্যে দাউদ হলো কর্তা ও জালুত হলো কর্ম। আর قَتَلَ دَاوُوْدَ جَالُوْتُ বাক্যে দাউদ কর্ম আর জালুত কর্তা। শেষ বর্ণের হরকত দিয়ে আলাদা করে বোঝা যায়।

২। সরফ الصَّرْفُ

এই শাস্ত্রে শব্দের উৎপত্তি ও ক্রমবিকাশ, পরিবর্তন, রুপান্তর সংক্রান্ত আলোচনা করা হয়। قَالَ، قَالُوا قَوْلٌ، قِيْلَ، قُلْ، শব্দগুলো সব একই ক্রিয়ামূল থেকে উতপন্ন।

৩। বালাগাহ اَلبَلاَغَةُ

এই শাস্ত্রে স্থান,কাল ও পাত্র অনুযায়ী মনের ভাষা সুস্পষ্টভাবে প্রকাশ করার কৌশল আলোচনা করা হয়। রুপক বর্ণনা করে অনেক সময় বলা হয়। যেমন, فَلَا اقْتَحَمَ الْعَقَبَةَ আয়াতে ‘আকাবা’ দ্বারা গিরিপথ না বুঝিয়ে দ্বীনের কঠিন বিষয়গুলো বুঝানো হয়েছে আর “ইক্তাহামা” দ্বারা ঝাপিয়ে পড়া না বুঝিয়ে অবলম্বন করা বোঝানো হয়েছে।

২। আরবী শব্দ ও তার প্রকার (الكَلِمَةُ و أَقْسَامُهَا)

ভাষা হলো মূলত শব্দের ব্যবহার। বিভিন্ন শব্দমালা পাশাপাশি বসে একটা বাক্য তৈরী হয়। আর বিভিন্ন বাক্য দিয়ে আমরা মনের ভাব প্রকাশ করি। যেমন আমরা নিচের শব্দগুলো সাজিয়ে কিছু বাক্য বলছি,

هٰذَا كِتَابٌ. الكِتَابُ عَلَى الْمَكْتَبِ. أَقْرَأُ الكِتَابَ فِي الْمَدْرَسَةِ

এটা একটা বই। বইটি টেবিলের উপরে। আমি মাদ্রাসায় বই পড়ি।

কথাটিতে তিনটি বাক্য আছে। বাক্যগুলো আবার আছে কতগুলো শব্দ । আরবীতে শব্দ বা পদকে বলা হয় كَلِمَةٌ । আরবী শব্দগুলো তিন প্রকারের। اِسْمٌ বা নামপদ (Noun), حَرْفٌ বা অব্যয়পদ (Particle), এবং فِعْلٌ বা ক্রিয়াপদ (Verb)। যেমন উপরের বাক্যটিতে مَدْرَسَة, مَكْتَب, كِتَابٌ ইত্যাদি হলো اِسْمٌ । عَلَى, فِي হলো حَرْفٌ আর أَقْرَأُ হলো فِعْلٌ

كَلِمَةٌ					
حَرْفٌ		فِعْلٌ		اِسْمٌ	
অব্যয়		ক্রিয়া		নামপদ	
এবং	وَ	সে গেলো,	ذَهَبَ	মসজিদ	مَسْجِدٌ
মধ্যে	فِيْ	সে বের হলো,	خَرَجَ	হামিদ	حَامِدٌ
থেকে	مِنْ	সে দেখলো	رَأَى	নতুন	جَدِيْدٌ
জন্য	لِ	সে খেলো	أَكَلَ	সে	هُوَ
উপরে	عَلَى	সে পড়লো	قَرَأَ	যিনি	اَلَّذِيْ

৩। আরবী বাক্য ও তার প্রকার (الجُملَةُ وأَقْسَامُهَا)

একাধিক শব্দ মিলিত হয়ে যদি পূর্ণ অর্থ দেয় তবে তা বাক্য جُمْلَةٌ বা كَلَامٌ । একে অর্থপূর্ণ শব্দগুচ্ছ বা مُرَكَّبٌ مُفِيْدٌ বলা যায়। অর্থানুযায়ী বাক্যকে আবার দুইভাগে ভাগ করা হয়।

১) যে বাক্যকে সত্য বা মিথ্যা বলা যায় তাকে সংবাদমূলক বাক্য الجُمْلَةُ الخَبَرِيَّةُ বলে। যেমন,

এটা একটা বই	هٰذا كِتَابٌ	নামপ্রধান
আমি বইটি পড়েছি	قَرَأْتُ الكِتَابَ	ক্রিয়া প্রধান

২) যে বাক্যকে সত্য বা মিথ্যা বলা যায় না তাকে রচনামূলক বাক্য الجُمْلَةُ الإنْشَائِيَّةُ বলে। যেমন,

এটা কি?	مَا هٰذا ؟	প্রশ্নসূচক বাক্য
ফেরাউনের কাছে যাও	اِذْهَبْ إِلَى فِرْعَوْنَ	আদেশ
শয়তানের উপাসনা করো না	لَا تَعْبُدِ الشَّيْطَانَ	নিষেধ
কত সুন্দর গাড়ি!	مَا أَجْمَلَ السَّيَّارَةَ!	আশ্চর্যবাচক বাক্য
আল্লাহর শপথ অবশ্যই আমি যায়েদকে মারবো।	وَاللهِ لَأَضْرِبَنَّ زَيْدًا	শপথমূলক বাক্য

এছাড়া গঠনানুযায়ী আরবী বাক্য দুই প্রকার।

১) যখন কোন বাক্য اِسْمٌ দিয়ে শুরু হয় তখন তাকে নামপ্রধান বাক্য বা اَلْجُمْلَةُ الاِسْمِيَّةُ বলে। যেমন, اَلْكِتَابُ جَدِيْدٌ বইটি নতুন ২) যখন কোন বাক্য فِعْلٌ দিয়ে শুরু হয় তখন তাকে ক্রিয়া প্রধান বাক্য বা اَلْجُمْلَةُ الفِعْلِيَّةُ বলে। যেমন, خَرَجَ خَالِدٌ খালিদ বের হলো।

কখনও এমন হয় যে একাধিক শব্দ পাশাপাশি বসে কিন্তু পূর্ণ অর্থ দেয় না। তখন তাকে আমরা বলি শব্দগুচ্ছ বা مُرَكَّبٌ غَيْرُ مُفِيْدٌ যেমন,

هٰذا القَلَمُ	قَلَمٌ جَدِيْدٌ	قَلَمُ حَامِدٍ	على الْمَكْتَبِ
এই কলমটি...	...একটি নতুন কলম	হামিদের কলম...	টেবিলের উপর...

بَيْتُ حَامِدٍ	قَلَمٌ جَدِيْدٌ	مُرَكَّبٌ غَيرُ مُفِيْدٌ
হামিদের বাড়ি...	একটি নতুন কলম...	অপূর্ণ অর্থের শব্দগুচ্ছ
بَيْتُ حَامِدٍ كَبِيرٌ	عَلَى الْمَكْتَبِ قَلَمٌ جَدِيْدٌ	مُرَكَّبٌ مُفِيْدٌ (جُمْلَةٌ)
হামিদের বাড়িটি বড়	টেবিলের উপর একটি নতুন কলম	পূর্ণ অর্থের শব্দগুচ্ছ

কুরআনীয় উদাহরণ (বিভিন্ন প্রকার বাক্য)

বাক্যের প্রকার	অর্থ	আয়াতাংশ
নামপ্রধান	আল্লাহ অমুখাপেক্ষী	اللهُ الصَّمَدُ
ক্রিয়া প্রধান	তিনি মানুষ সৃষ্টি করেছেন জমাট রক্ত থেকে	خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ
আদেশ	বল, তিনি আল্লাহ, এক অদ্বিতীয়,	قُلْ هُوَ اللهُ أَحَدٌ
নিষেধ	শয়তানের ইবাদত করো না	لَا تَعْبُدِ الشَّيْطَانَ
প্রশ্নসূচক	তোমার কাছে মুসার খবর এসেছে কি?	هَلْ أَتَاكَ حَدِيثُ مُوسَىٰ
আশ্চর্যবোধক	ধ্বংস হোক মানুষ সে কতই না অকৃতজ্ঞ	قُتِلَ الْإِنسَانُ مَا أَكْفَرَهُ
জোরদান	নিশ্চয়ই মানুষ ক্ষতির মধ্যে আছে	إِنَّ الْإِنسَانَ لَفِي خُسْرٍ
আকাঙ্ক্ষা বাচক বাক্য	হায় আফসোস! যদি মৃত্যু হতো	يَا لَيْتَهَا كَانَتِ الْقَاضِيَةَ

অধ্যায়-২ (ইসম সম্পর্কিত কিছু বিষয়)

বন্ধুরা ইতোমধ্যে আমরা প্রথম অধ্যায়ে শব্দের প্রকারভেদ সম্পর্কে মোটামুটি দেখেছি। এই অধ্যায়ে আমরা ইসম সম্পর্কিত কয়েকটি বিষয় দেখবো ইনশা আল্লাহ।

১। اِسْمٌ নামপদ

ইসম হলো বিভিন্ন বিষয়ের নাম। হতে পারে সেটা মানুষ, কোন প্রাণী, উদ্ভিত, সময়, গুন বা জড় বস্তু ইত্যাদি। আমরা যদি বাংলা ও ইংরেজীর সাথে তুলনা করি তাহলে ঠিক কোনগুলোকে আমরা ইসম বলছি তা বুঝতে সহজ হবে।

اِسْمٌ				
مُحَمَّدٌ بَشَرٌ	মুহাম্মাদ মানুষ	**বিশেষ্য**	Muhammad, Man	**Noun**
هُوَ، نَحْنُ، هٰذَا	সে, আমরা, এই	**সর্বনাম**	He, we, this	**Pronoun**
طَيِّبٌ، جَدِيدٌ	ভালো, নতুন	**বিশেষণ**	Good, New	**Adjective**
عَاجِلًا، سَيِّئًا	দ্রুত, খারাপভাবে	**ক্রিয়া বিশেষণ**	Quickly, badly	**Adverb**

কোন কিছুর নির্দিষ্ট নামকে اِسْمُ الْعَلَمِ বলে যেমন زَيْدٌ، بِلَالٌ، مَرْيَمُ ইত্যাদি। এর মধ্যে রয়েছে ব্যক্তিবাচক নাম, স্থানের নাম, জাতির নাম ইত্যাদি। ইংরেজীতে এদেরকে আমরা বলি Proper Noun. আর কোন কিছুর জাতিবাচক নামকে বলা হয় اِسْمُ الْجِنْسِ । ইংরেজীতে বলা হয় Common noun যেমন,

اِسْمُ العَلَمِ		اِسْمُ الجِنْسِ		قِسْمٌ	
নির্দিষ্ট নাম		জাতিবাচক নাম		প্রকার	
মুহাম্মাদ	مُحَمَّدٌ	লোক	رَجُلٌ	মানুষ	إنسانٌ
		সিংহ	أَسَدٌ	প্রাণী	حَيوَانٌ
কাটা গাছ	زَقُّومٌ	গাছ	شَجَرٌ	উদ্ভিত	نَبَاتٌ
মক্কা	مَكَّةٌ	গ্রাম	قَرْيَةٌ	স্থান	مَكَانٌ
লুগাতুল কুরআন	لُغَةُ القرآن	বই	كِتَابٌ	বস্তু	جَمَادٌ
রমাদান	رَمَضَانُ	মাস	شَهرٌ	সময়	زَمَانٌ
কালো	أَسْوَدُ	রঙ	لَوْنٌ	গুন	صِفَةٌ

আরবীতে একটা ইসমের সাথে বেশ কিছু বিষয় জড়িত। যেমন লিংঙ্গ Gender বা جِنْسٌ, বচন Number বা عَدَدٌ, কারক Case বা إِعْرَابٌ, নির্দিষ্টতা Definiteness বা تَعَرُّفٌ ইত্যাদি। যেমন আমরা مُسْلِمٌ "একজন মুসলিম" ইসমটি লক্ষ্য করি।

২। نَكِرَةٌ অনির্দিষ্ট مَعْرِفَةٌ নির্দিষ্ট

কিছু ব্যতিক্রম বাদে ইসমের শেষে সাধারণত تَنْوِيْنٌ থাকে। ইসমের শেষে تَنْوِيْنٌ থাকলে সেটা অনির্দিষ্ট (Indefinite) ও একবচন (Singular) বোঝায়। যেমন, كِتَابٌ একটি বই, كُرْسِيٌّ একটি চেয়ার, بَيتٌ একটি বাড়ি ইত্যাদি। অনির্দিষ্ট اِسْمٌ কে নির্দিষ্ট (Definite) করতে اَلْ হারফটি যুক্ত করতে হয়। সেক্ষেত্রে تَنْوِيْنٌ এর এক হরকত উঠে যায়।

চাবিটি	اَلْمِفْتَاحُ	একটি চাবি	مِفْتَاحٌ
কলমটি	اَلْقَلَمُ	একটি কলম	قَلَمٌ
লোকটি	الرَّجُلُ	একটি লোক	رَجُلٌ
বিড়ালটি	اَلْقِطُّ	একটি বিড়াল	قِطٌّ
সিংহটি	الأَسَدُ	একটি সিংহ	أَسَدٌ
গাছটি	الشَّجَرُ	একটি গাছ	شَجَرٌ
গ্রামটি	القَرْيَةُ	একটি গ্রাম	قَرْيَةٌ
বইটি	الكِتَابُ	একটি বই	كِتَابٌ
মাসটি	الشَّهرُ	একটি মাস	شَهرٌ

মনে রাখতে হবে, নির্দিষ্ট নামবাচক ইসমের শেষে তানয়ীন থাকলেও সেটা নির্দিষ্ট। যেমন زَيْدٌ । জায়েদ" এর শেষে তানয়ীন থাকা সত্ত্বেও তা নির্দিষ্ট। আবার কিছু অনির্দিষ্ট ইসমের শেষেও একপেশ থাকতে পারে যেমন أَبْيَضُ، أَجمَلُ، مَسَاجِدُ ইত্যাদি। অনির্দিষ্ট অর্থে একজন, জনৈক, কোন ইত্যাদি ব্যবহৃত হয়।

৩। الْمُذَكَّرُ পুরুষবাচক এবং الْمُؤَنَّثُ স্ত্রীবাচক

আরবীতে প্রত্যেকটা اِسْمٌ হয় الْمُذَكَّرُ পুরুষবাচক (Male) অথবা الْمُؤَنَّثُ স্ত্রীবাচক (Female) ধরা হয়। ক্লীব লিঙ্গ বলে কিছু নাই। স্ত্রীবাচক শব্দ কয়েকভাবে হতে পারে, ১) জৈবিক দিক দিয়ে ২) স্ত্রীবাচক আলামতের মাধ্যমে ৩) আলামত ছাড়াই কেবল ব্যবহারের জন্য।

১ .স্ত্রীবাচক নামঃ

سُعَادُ	زَيْنَبُ	مَرْيَمُ	فَاطِمَةُ	خَدِجَةُ	عَائِشَةُ
সুয়াদু	যায়নাবু	মারইয়ামু	ফাতিমা	খাদিজা	আয়িশা

২ .স্ত্রীবাচক সম্পর্কঃ

حَامِلٌ	بِنْتٌ	أُخْتٌ	عَرُوْسٌ	أُمٌّ
গর্ভবতী	কন্যা	বোন	বধূ	মা

৩ .শেষে তা التَّاءُ الْمَرْبُوْطَةُ বিশিষ্টঃ

زَوجَةٌ	دَرَّاجَةٌ	بَقَرَةٌ	حَقِيْبَةٌ	قَرْيَةٌ
স্ত্রী	সাইকেল	গাভী	ব্যাগ	গ্রাম

কিছু শব্দে শেষে ة থাকলেও স্ত্রীবাচক নয়। যেমন عَلَّامَةٌ ، خَلِيْفَةٌ

৪. শেষে الأَلِفُ الْمَقْصُوْرَةُ বিশিষ্টঃ

كُبْرَى	سَلْمَى	لَيْلَى	بُشْرَى	حُبْلَى	دُنْيَا	عَطْشَى
বড় (মহিলা)	সালমা	লায়লা	সুসংবাদ	গর্ভবতী	নিকটবর্তী	পিপাশার্ত

কিছু শব্দে শেষে ى থাকলেও স্ত্রীবাচক নয়। যেমনঃ يَتَمَى، أَعْمَى، أَعْلَى، مَعْنَى ইত্যাদি

৫.শেষে الأَلِفُ الْمَمْدُوْدَةُ বিশিষ্টঃ اء

حَسْنَاءُ	خَضْرَاءُ	حَمْرَاءُ	سَمَاءٌ
সুন্দরী নারী	সবুজ	লাল	আকাশ

কিছু শব্দে শেষে اء থাকলেও স্ত্রীবাচক নয়। যেমন شُهَدَاءُ ، فُقَرَاءُ ، عُلَمَاءُ

৬ .পুরুষবাচক শব্দের শেষে ة যোগ করে

قَرِيْبَةٌ	قَرِيبٌ	নিকটবর্তী	غَنِيَّةٌ	غَنِيٌّ	ধনী
سَعِيْدَةٌ	سَعِيدٌ	নেতা	كَافِرَةٌ	كَافِرٌ	অবিশ্বাসী
مُغْلَقَةٌ	مُغْلَقٌ	বন্ধ	خَادِمَةٌ	خَادِمٌ	সেবক
مَيِّتَةٌ	مَيِّتٌ	মৃত	عَالِمَةٌ	عَالِمٌ	জ্ঞানী
اِبْنَةٌ	اِبْنٌ	পুত্র	قَصِيرَةٌ	قَصِيرٌ	খাটো
			مُهَنْدِسَةٌ	مُهَنْدِسٌ	প্রকৌশলী

৭ .দেহের যে অঙ্গসমুহ দুটো করে আছেঃ

عَقِبٌ	قَدَمٌ	كَتِفٌ	شَفَةٌ	أُذُنٌ	عَيْنٌ
গোড়ালী	পায়ের পাতা	কাঁধ	ঠোঁট	কান	চোখ
رُكْبَةٌ	رِجْلٌ	فَخِذٌ	كَفٌّ	ذِرَاعٌ	يَدٌ
হাটু	পা	উরু	হাতের তালু	বাহু	হাত

কিছু অংগ দুটো করে থাকলেও স্ত্রীবাচক নয়। যেমন حَاجِبٌ، خَدٌّ، مِرْفَقٌ، إصبَعٌ،

৮. আগুনের কিছু নাম

جَهَنَّمُ	نَارٌ	سَعِيْرٌ	جَحِيْمٌ	سَقَرٌ
জাহান্নাম	আগুন	সায়ির	জাহিম	সাকার

৯. বাতাসের কিছু নাম

رِيْحٌ	سَمُوْمٌ	صَرْصَرٌ	عَاصِفٌ
বাতাস	ঘুর্ণি ঝড়	হিমবাহ	ঝড়ো বাতাস

১০. কিছু দৈনন্দিন শব্দ ও দেশ , শহর বা গোত্রের নাম

خَمْرٌ	دَارٌ	طَرِيْقٌ	نَفْسٌ	أَرْضٌ
মদ	বাড়ি	পথ	সত্তা	মাটি
شَمْسٌ	حَرْبٌ	مِصْرُ	دِمَشْقُ	قُرَيْشٌ
সূর্য	যুদ্ধ	মিশর	দামেস্ক	কোরাইশ

কিছু শব্দ স্ত্রী ও পুরুষ উভয় হিসেবে ব্যবহৃত হয়, যেমনঃ

سُوْقٌ	حَالٌ	رُوْحٌ	نَفْسٌ	بَلَدٌ	طَرِيْقٌ	إِصبَعٌ
বাজার	অবস্থা	রূহ	আত্মা	দেশ	পথ	আঙ্গুল
مِلحٌ	لِسَانٌ	كَبِدٌ	عُنُقٌ	عَسَلٌ	رَحِمٌ	سَمَاءٌ
লবন	জিহবা	যকৃত	ঘাড়	মধু	গর্ভ	আকাশ
قِدْرٌ	قَوسٌ	سِلَاحٌ	سِكِّينٌ	سَبِيلٌ	خَمْرٌ	دَلْوٌ
পাতিল	ধনুক	অস্ত্র	ছুরি	পথ	মদ	বালতি

স্ত্রীবাচক শব্দগুলো আবার দুই প্রকার।

১) আক্ষরিকভাবে স্ত্রীবাচক যাদের বিপরীতে পুরুষবাচক প্রাণী আছে। এদেরকে বলা হয় حَقِيْقِي যেমন

أُمٌّ , دَجَاجَةٌ , إِمْرَأَةٌ , بِنْتٌ

২) আক্ষরিকভাবে স্ত্রীবাচক নয় অর্থাৎ যাদের বিপরীতে পুরুষবাচক প্রাণী নাই। এদেরকে বলা হয় : غَيْرُ

حَقِيْقِيّ যেমন, حَقِيبَةٌ، جَنَّةٌ، قَوْسٌ، قِدْرٌ , سَمَاءٌ , أَرْضٌ , شَمْسٌ , مِروَحَةٌ

৪। الشَّخْصُ বা পুরুষ

বাংলা ও ইংরেজীর মতো আরবীতেও পুরুষ (Person) তিন প্রকার। যেমন, ১) উত্তম পুরুষ (First Pesrson) বা الْمُتَكَلِّمُ ২) মধ্যম পুরুষ (Second Person) বা الْحَاضِرُ বা الْمُخَاطَبُ ৩) নাম পুরুষ (Third person) বা الغَائِبُ

الغَائِبُ	الْحَاضِرُ	الْمُتَكَلِّمُ
তৃতীয় পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
Third person	Second Person	First Pesrson
هُوَ	أَنْتَ	أَنَا
সে	তুমি	আমি
هُمْ	أَنْتُمْ	نَحْنُ
তাঁরা	তোমরা	আমরা
يَذْهَبُ	تَذْهَبُ	أَذْهَبُ
সে যায়	তুমি যাও	আমি যাই
يَذْهَبُونَ	تَذْهَبُونَ	نَذْهَبُ
তাঁরা যায়	তোমরা যাও	আমরা যাই

৫। الإِعْرَابُ বা কারক

مَجْرُوْرٌ	مَنْصُوبٌ	مَرْفُوْعٌ	
সম্বন্ধবাচক	কর্মবাচক	কর্তৃবাচক	
حَامِدٍ	قَلَمَ	خَالِدٌ	رَأَى
হামিদের	কলম (কে)	খালিদ	দেখেছে

একটা বাক্যে ইসমগুলো কখনও কর্তৃবাচক কখনও কর্মবাচক আবার কখনও সম্বন্ধবাচক রুপে আসে। এগুলোকে الإِعْرَابُ বা কারক বিভক্তি (Case) দ্বারা আলোচনা করা হয়। যেমন উপরের বাক্যটিতে خَالِدٌ বাক্যের কর্তা অর্থাৎ যে ক্রিয়াটি করেছে। এটা হলো কর্তৃবাচক (Subjective) । একে ইসমের مَرْفُوْعٌ অবস্থা বলে। বাক্যের উদ্দেশ্য (subject) ، বিধেয় (predicate) এবং ক্রিয়ার কর্তা (doer) ইত্যাদি মারফু হয়। প্রাথমিকভাবে এর লক্ষণ হলো শেষে পেশ থাকা। নিচে আরো দুটি উদাহরণ দেখি,

الكِتَابُ উদ্দেশ্য ও جَدِيدٌ বিধেয় তাই উভয়ই মারফু	বইটি নতুন	الكِتَابُ جَدِيدٌ
بِلَالٌ ক্রিয়ার কর্তা তাই মারফু	বেলাল পড়েছে	قَرَأَ بِلَالٌ

বাক্যে قَلَمَ ক্রিয়ার কর্ম অর্থাৎ কর্মবাচক (Accusative)। একে ইসমের مَنْصُوْبٌ অবস্থা বলে। ক্রিয়ার কর্মসংশ্লিষ্ট বিষয়গুলো (مَفَاعِيلُ/objects of verb) ও কিছু হারফের পরে ইসম মানসুব হয়। যেমন ক্রিয়ার কর্ম, ক্রিয়ার কারন, ক্রিয়ার স্থান ও কাল, কর্তা বা কর্মের অবস্থা ইত্যাদি। প্রাথমিকভাবে এর লক্ষণ হলো শেষে যবর থাকা।

كتابًا কর্ম	আমি একটি বই পড়ি	أَقرأُ كتابًا
طلَبًا ক্রিয়ার কারন	আমি জ্ঞান অন্বেষনের জন্য পড়ি	أقرأُ طلَبًا لِلْعِلْمِ
مَسَاءً ক্রিয়ার সময়	আমি সন্ধ্যায় পড়ি	أَقرأُ مَسَاءً
قَاعِدًا কর্তার অবস্থা	আমি বসে পড়ি	أَقْرَأُ قَاعِدًا
الإِنْسَانَ হারফ إِنَّ এর পরে	নিশ্চয়ই মানুষ ক্ষতিগ্রস্থ	إِنَّ الإِنْسَانَ لَفِيْ خُسْرٍ

* শব্দের শেষে দুই যবর হলে একটা অতিরিক্ত আলিফ যোগ হয়। যেমনঃ شَيْئًا مُحَمَّدًا حَامِدًا
তবে শেষ ء এর পুর্বে আলিফ থাকলে এবং ة এর ক্ষেত্রে হবে না। যেমনঃ مَاءً جَزَاءً جَنَّةً حَقِيْبَةً

উপরের বাক্যে কলমটাকে হামিদের সাথে সম্পর্কযুক্ত করা হয়েছে। তাই حَامِدٍ সম্বন্ধবাচক (Genitive)। একে ইসমের مَجْرُوْرٌ অবস্থা বলে। সম্পর্কিত শব্দগুলো আর কিছু হারফের পরে ইসম মাজরুর হয়। প্রাথমিকভাবে এর লক্ষণ হলো শেষে যের থাকা।

كتابٍ এর সাথে সম্পর্ক	এটি একটি বইয়ের পাতা	هذه صَفْحَةُ كتابٍ
الكِتَابِ হারফ عَلَى এর পরে	বইটির উপর একটি চশমা	عَلَى الكِتَابِ نظَّارَةٌ

আমাদের পরিচিত কয়েকটি বাক্য লক্ষ্য করি,

مَجْرُوْرٌ	مَنْصُوْبٌ	مَرْفُوْعٌ
نَارُ **اللهِ** الْمُوقَدَةُ	فَاتَّقُوا **اللهَ**	**اللهُ** الصَّمَدُ
اللّٰهُمَّ صَلِّ عَلَى **مُحَمَّدٍ**	آتِ **مُحَمَّدًا** الْوَسِيْلَةَ	**مُحَمَّدٌ** رَسُولُ اللهِ

আমরা মনে রাখবো,

(مَجْرُوْرٌ)	(مَنْصُوْبٌ)	(مَرْفُوْعٌ)
সম্বন্ধবাচক	কর্মবাচক	কর্তৃবাচক
مُحَمَّدٍ	مُحَمَّدًا	مُحَمَّدٌ
মুহাম্মাদের	মুহাম্মাদকে	মুহাম্মাদ
هَاشِمٍ	هَاشِمًا	هَاشِمٌ
হাশিমের	হাশিমকে	হাশিম
الوَلَدِ	الوَلَدَ	الوَلَدُ
বালকটির	বালকটিকে	বালকটি
مُدَرِّسٍ	مُدَرِّسًا	مُدَرِّسٌ
একজন শিক্ষকের	একজন শিক্ষককে	একজন শিক্ষক

এ ধরনের ইসমগুলো যার শেষ বর্ণের হরকত পরিবর্তন হয় তাদেরকে বলা হয় مُعْرَبٌ বা পরিবর্তনশীল ইসম (fully flexible) । তবে কিছু কিছু ইসমের পরিবর্তন দুইরকম। এরা মারফু অবস্থায় শেষে পেশ আর মানসুব অবস্থায় যবর নেয় কিন্তু মাজরুর অবস্থায় যেরের বদলে যবর নেয়। এদেরকে "مَمْنُوعٌ مِن الصَّرف" বা দ্বিত্ব (partialy flexible) বলে। এদের অনেকগুলো বৈশিষ্ট্য আছে যা পরবর্তীতে আলোচনা করা হবে। যেমনঃ মেয়েদের নাম فَاطِمَةُ، مَرْيَمُ আবার কিছু ছেলেদের নাম, أَحْمَدُ، عُمَرُ ইত্যাদি। এসকল ইসমের শেষে এক পেশ থাকে।

أَحْمَدَ	أَحْمَدَ	أَحْمَدُ
আহমাদের	আহমাদকে	আহমাদ
(مَجْرُوْرٌ)	(مَنْصُوْبٌ)	(مَرْفُوْعٌ)

আবার কিছু ইসমের শেষ বর্ণের হরকত পরিবর্তন হয় না এদেরকে "مَبۡنِيٌّ" বলে। যেমনঃ هٰذَا

هٰذَا	هٰذَا	هٰذَا
এটার	এটাকে	এটা
(مَجْرُوْرٌ)	(مَنْصُوْبٌ)	(مَرْفُوْعٌ)

কুরআনীয় উদাহরণ (নির্দিষ্ট ও অনির্দিষ্ট ইসম)

নির্দিষ্ট/ অনির্দিষ্ট	অর্থ	আয়াত
নির্দিষ্ট	শপথ কলমের আর যা সে লেখে	وَ **الْقَلَمِ** وَمَا يَسْطُرُونَ
অনির্দিষ্ট	যদি তার একটা ছেলে থাকে	إِنْ كَانَ لَهُ **وَلَدٌ**
নির্দিষ্ট	আর আমরা বর্ষণ করেছি আসমান থেকে পবিত্র পানি	وَأَنْزَلْنَا مِنَ **السَّمَاءِ** مَاءً طَهُورًا
নির্দিষ্ট	স্বর্ণ আর রৌপ্য থেকে	مِنَ **الذَّهَبِ** وَالْفِضَّةِ
অনির্দিষ্ট	সমদ্রের মধ্যে সুরঙ্গ করে	فِي الْبَحْرِ **سَرَبًا**
নির্দিষ্ট	তিনি রাতকে তোমাদের জন্য করেছেন আবরণ স্বরুপ	جَعَلَ لَكُمُ **اللَّيْلَ** لِبَاسًا

কুরআনীয় উদাহরণ (মারফু, মানসুব, মাজরুর)

ইরাব	অর্থ	আয়াত
মারফু	আল্লাহ সবচেয়ে মহান	**اَللهُ** أَكْبَرُ
মাজরুর	মুহাম্মাদ (স) আল্লাহর রসুল	مُحَمَّدٌ رَسُوْلُ **اللهِ**
মানসুব	নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল	اِنَّ **اللهَ** غَفُوْرٌ
মারফু	আর মানুষ বলবে তার কি হয়েছে?	وَقَالَ **الْإِنسَانُ** مَا لَهَا

মানসুব	আল্লাহ মানুষ সৃষ্টি করেছেন	خَلَقَ **الْإِنسَانَ**
মাজরুর	নাকি মানুষের জন্য রয়েছে যা সে কামনা করে	أَمْ **لِلْإِنسَانِ** مَا تَمَنَّىٰ
মারফু	ইব্রাহীম ইহুদী ছিলো না	مَا كَانَ **إِبْرَاهِيمُ** يَهُودِيًّا
মাজরুর	ইব্রাহিমের উপর সালাম	سَلَامٌ عَلَىٰ **إِبْرَاهِيمَ**
মানসুব	নিশ্চয়ই ইব্রাহীম ধৈর্য্যশীল	إِنَّ **إِبْرَاهِيمَ** لَحَلِيمٌ
মারফু	সেইদিন মানুষ তার রবের সামনে দাঁড়াবে	يَوْمَ يَقُومُ **النَّاسُ** لِرَبِّ الْعَالَمِينَ
মাজরুর	মানুষের মালিকের	مَلِكِ **النَّاسِ**
মানসুব	ছেয়ে যাবে মানুষকে	يَغْشَى **النَّاسَ**
মারফু	মুহাম্মাদ (স) আল্লাহর রসুল	**مُحَمَّدٌ** رَّسُولُ اللَّهِ
মাজরুর	আর ইমান আনো তাতে যা মুহাম্মাদের উপর নাযিল হয়েছে	وَآمَنُوا بِمَا نُزِّلَ عَلَىٰ **مُحَمَّدٍ**
মাজরুর	আর শপথ বায়তুল মামুরের	**وَالْبَيْتِ** الْمَعْمُورِ
মারফু	সবচেয়ে দুর্বল ঘর মাকড়শার ঘর	أَوْهَنَ الْبُيُوتِ **لَبَيْتُ** الْعَنكَبُوتِ
মানসুব	যখন তিনি ঘরটিকে মানুষের মিলনস্থল করলেন	وَإِذْ جَعَلْنَا **الْبَيْتَ** مَثَابَةً لِّلنَّاسِ

অধ্যায়-৩ (বচন)

১। الْمُثَنَّى দ্বিবচন

ইসমের শেষে তানয়ীন থাকলে একবচন (Singular) নির্দেশ করে। যেমন كِتَابٌ একটি বই। حَقِيْبَةٌ একটি ব্যাগ ইত্যাদি। ইসম مَرْفُوْعٌ অবস্থায় থাকলে তার শেষে اَنِ যোগ করে এবং مَنْصُوْبٌ ও مَجْرُوْرٌ অবস্থায় থাকলে তার শেষে يْنِ যোগ করে দ্বিবচন (Dual) করতে হয়। দ্বিবচনে ال যুক্ত হলে শেষে কোন পরিবর্তন নাই।

مَنْصُوْبٌ / مَجْرُوْرٌ	مَرْفُوْعٌ	مَرْفُوْعٌ
كِتَابَيْنِ	كِتَابَانِ	كِتَابٌ
দুটি বইয়ের / দুটি বইকে	দুটি বই	একটি বই
الكِتَابَيْنِ	الكِتَابَانِ	الكِتَابُ
বই দুটির/ বই দুটিকে	বই দুটি	বইটি
طَالِبَيْنِ	طَالِبَانِ	طَالِبٌ
দুজন ছাত্রকে/দুজন ছাত্রের	দুজন ছাত্র	একজন ছাত্র
طَالِبَتَيْنِ	طَالِبَتَانِ	طَالِبَةٌ
দুজন ছাত্রীকে/দুজন ছাত্রীর	দুজন ছাত্রী	একজন ছাত্রী
خَصْمَينِ	خَصْمَانِ	خَصْمٌ
বিবাদমান দুটি পক্ষের/পক্ষকে	বিবাদমান দুটি পক্ষ	বিবাদী

কারক	الْمُثَنَّى	الْمُفْرَدُ
مَرْفُوْعٌ	عِنْدِيْ كِتَابَانِ আমার কাছে দুইটি বই	عِنْدِيْ كِتَابٌ আমার কাছে একটি বই আছে
مَنْصُوْبٌ	رَأَيْتُ طَالِبَيْنِ দুজন ছাত্রকে দেখেছিলাম	رَأَيْتُ طَالِبًا একজন ছাত্রকে দেখেছিলাম
مَجْرُوْرٌ	هٰذَا لِطَالِبَيْنِ এটা দুজন ছাত্রের জন্য	هٰذَا لِطَالِبٍ এটা একজন ছাত্রের জন্য
مَرْفُوْعٌ	عِنْدِيْ حَقِيْبَتَانِ আমার কাছে দুইটি ব্যাগ	عِنْدِيْ حَقِيْبَةٌ আমার কাছে একটি ব্যাগ আছে
مَنْصُوْبٌ	رَأَيْتُ طَالِبَتَيْنِ দুজন ছাত্রীকে দেখেছিলাম	رَأَيْتُ طَالِبَةً একজন ছাত্রীকে দেখেছিলাম
مَجْرُوْرٌ	هٰذَا لِطَالِبَتَيْنِ এটা দুজন ছাত্রীর জন্য	هٰذَا لِطَالِبَةٍ এটা একজন ছাত্রীর জন্য

দ্বিবচনের ব্যবহারগুলো লক্ষ্য করি।

جَاءَ الطَّالِبَانِ مَعَ الْحَقِيْبَتَيْنِ إِلَى الْمُدَرِّسَيْنِ. سَأَلَ الْمُدَرِّسَانِ الطَّالِبَيْنِ عَنِ الدِّرَاسَةِ. قَرَأَ الطَّالِبَانِ الكِتَابَيْنِ الْجَدِيْدَيْنِ.

দু'জন ছাত্র দুটি ব্যাগ নিয়ে দুইজন শিক্ষকের কাছে আসল। শিক্ষকদ্বয় ছাত্রদ্বয়কে পাঠের ব্যাপারে জিজ্ঞেস করল। ছাত্রদ্বয় নতুন কিতাব দুটি পড়ল।

فِيْ هٰذَا الفَصْلِ بَابَانِ وَنَافِذَتَانِ. اَلْبَابَانِ مَغْلُوْقَانِ وَالنَّافِذَتَانِ مَفْتُوْحَتَانِ. فَتَحَ الوَالِدَانِ البَابَيْنِ وَأَغْلَقَ الوَالِدَانِ النَّافِذَتَيْنِ وَسَطَ الغُرْفَةِ مَكْتَبَانِ. عَلَى الْمَكْتَبَيْنِ كِتَابَانِ وَقَلَمَانِ. اَلْقَلَمَانِ جَدِيْدَانِ وَالْكِتَابَانِ قَدِيْمَانِ.

এই রুমটিতে দুটি দরজা ও দুটি জানালা আছে। দরজা দুটি বন্ধ এবং জানালা দুটি খোলা। দুটি ছেলে দরজা দুটি খুলল আর দুটি ছেলে জানালা দুটি বন্ধ করল। রুমের মাঝখানে দুটি টেবিল রয়েছে। দুই টেবিলের উপর দুটি বই আর দুটি কলম রয়েছে। কলম দুটি নতুন আর বই দুটি পুরাতন।

تَلْعَبُ الْبِنْتَانِ بِاللُّعْبَتَيْنِ. اللُّعْبَتَانِ جَمِيْلَتَانِ جِدًّا. اِشْتَرَىْ أَبُوْهُمَا اللُّعْبَتَيْنِ مِنَ الدُّكَّانَيْنِ الكَبِيْرَيْنِ.

দুটি মেয়ে দুইটি খেলনা নিয়ে খেলছে। খেলনা দুটো খুব সুন্দর। তাদের বাবা খেলনা দুটি কিনেছে দুটি বড় দোকান থেকে ।

২। اَلْجَمْعُ বহুবচন

আরবীতে বহুবচন (Plural) দুপ্রকার ১। جَمْعُ السَّالِمِ সুগঠিত বহুবচন (Sound Plural) ২। جَمْعُ التَّكْسِيرِ ভঙ্গুর বহুবচন (Broken Plural) । সুগঠিত বহুবচন দুই প্রকারঃ ১) পুরুষবাচক সুগঠিত বহুবচন جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمُ ও ২) স্ত্রীবাচক সুগঠিত বহুবচন جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمُ

সুগঠিত পুরুষবাচক বহুবচন جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمُ

পুরুষবাচক সুগঠিত বহুবচন এর ক্ষেত্রে ইসম مَرْفُوْعٌ অবস্থায় থাকলে তার শেষে وْنَ যোগ করে এবং مَنْصُوْبٌ ও مَجْرُوْرٌ অবস্থায় থাকলে তার শেষে يْنَ যোগ করে বহুবচন করতে হয়। শুধুমাত্র আকলবিশিষ্ট পুরুষবাচক ইসম (যা সুনির্দিষ্ট নাম ও গুনবাচক হয়) সেগুলোতে সুগঠিত পুরুষবাচক বহুবচন হয়। বস্তুবাচকের ক্ষেত্রে পুরুষ বাচক সুগঠিত বহুবচন হয় না।

مَنْصُوْبٌ + مَجْرُوْرٌ	مَرْفُوْعٌ	مَرْفُوْعٌ
مُحَمَّدِيْن	مُحَمَّدُوْنَ	مُحَمَّدٌ
মুহাম্মাদদের/মুহাম্মাদদেরকে	মুহাম্মাদরা	মুহাম্মাদ
مُسْلِمِيْنَ	مُسْلِمُوْنَ	مُسْلِمٌ
মুসলিমদের/মুসলিমদেরকে	মুসলিমগণ	একজন মুসলিম
مُؤْمِنِيْنَ	مُؤْمِنُوْنَ	مُؤْمِنٌ
বিশ্বাসীদের/ বিশ্বাসীদেরকে	বিশ্বাসীগণ	একজন বিশ্বাসী
مُنَافِقِيْنَ	مُنَافِقُوْنَ	مُنَافِقٌ
কপটদের/ কপটদেরকে	কপটরা	একজন কপট
قَانِتِينَ	قَانِتُونَ	قَانِتٌ
অনুগতদের/ অনুগতদেরকে	অনুগতরা	একজন অনুগত
صَادِقِينَ	صَادِقُونَ	صَادِقٌ
সত্যবাদীদের/ সত্যবাদীদেরকে	সত্যবাদীগণ	একজন সত্যবাদী
صَابِرِينَ	صَابِرُونَ	صَابِرٌ
ধর্য্যশীলদের/ ধর্য্যশীলদেরকে	ধর্য্যশীলগণ	একজন ধর্য্যশীল
خَاشِعِينَ	خَاشِعُونَ	خَاشِعٌ
ভীতদের/ভীতদেরকে	ভীতরা	একজন ভীত
مُتَصَدِّقِينَ	مُتَصَدِّقُونَ	مُتَصَدِّقٌ
দানশীলদের/ দানশীলদেরকে	দানশীলগণ	একজন দানশীল
حَامِدِينَ	حَامِدُونَ	حَامِدٌ

- তবে নামের শেষে ة থাকলে হবে না। যেমন, طلحة (طلحات) ، حمزة (حمزات)

الْجَمْعُ	الْمُفْرَدُ
هُمْ مُسْلِمُوْنَ তারা মুসলিম	هُوَ مُسْلِمٌ সে একজন মুসলিম
رَأَيْتُ مُسْلِمِيْنَ মুসলিমদেরকে দেখেছিলাম	رَأَيْتُ مُسْلِمًا একজন মুসলিমকে দেখেছিলাম
هٰذَا لِمُهَنْدِسِيْنَ এটা প্রকৌশলীদের জন্য	هٰذَا لِمُهَنْدِسٍ এটা একজন প্রকৌশলীর জন্য

স্ত্রীবাচক সুগঠিত বহুবচন جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمُ

স্ত্রীবাচক সুগঠিত বহুবচন এর ক্ষেত্রে ইসম مَرْفُوْعٌ অবস্থায় থাকলে তার শেষে اتٌ যোগ করে এবং مَنْصُوْبٌ ও مَجْرُوْرٌ অবস্থায় থাকলে তার শেষে اتٍ যোগ করে বহুবচন করতে হয়। স্ত্রীবাচক শব্দের শেষে ة থাকলে সাধারণত স্ত্রীবাচক সুগঠিত বহুবচন হয়।

مَنْصُوْبٌ + مَجْرُوْرٌ	مَرْفُوْعٌ	مَرْفُوْعٌ
مُسْلِماتٍ	مُسْلِمَاتٌ	مُسْلِمَةٌ
মুসলিমাদের/মুসলিমাদেরকে	মুসলিমাগণ	একজন মুসলিমাহ
مُؤْمِنَاتٍ	مُؤْمِنَاتٌ	مُؤْمِنَةٌ
বিশ্বাসীনীদের/ বিশ্বাসীনীদেরকে	বিশ্বাসীনীগণ	একজন বিশ্বাসীনী
مُنَافِقاتٍ	مُنَافِقاتٌ	مُنَافِقَةٌ
কপট নারীদের/ কপট নারীদেরকে	কপটর নারীরা	একজন কপট নারী

جَنَّاتٍ	جَنَّاتٌ	جَنَّةٌ
বাগানগুলির/ বাগানগুলিকে	বাগানগুলো	একটি বাগান
طَالِبَاتٍ	طَالِبَاتٌ	طَالِبَةٌ
ছাত্রীদের/ছাত্রীদেরকে	ছাত্রীরা	একজন ছাত্রী
قَانِتَاتٍ	قَانِتَاتٌ	قَانِتَةٌ
অনুগত নারীদের/ অনুগত নারীদেরকে	অনুগত নারীরা	একজন অনুগত নারী
صَادِقَاتٍ	صَادِقَاتٌ	صَادِقَةٌ
সত্যবাদী নারীদের/ সত্যবাদী নারীদেরকে	সত্যবাদী নারীরা	একজন সত্যবাদী নারী

কিছু ব্যতিক্রম আছে যেমন, أَمَةٌ (إِمَاءٌ) ، اِمْرَأَةٌ (نِسَاء) ، شاةٌ (شَيَاةٌ) ، شَفَةٌ (شفَاهٌ)

الْجَمْعُ	الْمُفْرَدُ
هُنَّ مُسْلِمَاتٌ তারা মুসলিমা	هِيَ مُسْلِمَةٌ সে একজন মুসলিমা
رَأَيْتُ مُسْلِمَاتٍ মুসলিমাদের দেখেছিলাম	رَأَيْتُ مُسْلِمَةً একজন মুসলিমাকে দেখেছিলাম
هٰذَا لِمُهَنْدِسَاتٍ এটা নারী প্রকৈশলীদের জন্য	هٰذَا لِمُهَنْدِسَةٍ এটা একজন নারী প্রকৌশলীর জন্য

جَمْعُ التَّكْسِيرِ ভঙ্গুর বহুবচনঃ এক্ষেত্রে মূল শব্দ ভেঙ্গে যায়। এর বিভিন্ন গঠন আছে। যেমন,

অর্থ	اَلْجَمْعُ	اَلْمُفْرَدُ	অর্থ	اَلْجَمْعُ	اَلْمُفْرَدُ	গঠন
শহর	مُدُنٌ	مَدِيْنَةٌ	নতুন	جُدُدٌ	جَدِيْدٌ	**فُعُلٌ**
নৌকা	سُفُنٌ	سَفِيْنَةٌ	বই	كُتُبٌ	كِتَابٌ	
নিষিদ্ধ	حُرُمٌ	حَرَامٌ	রসূল	رُسُلٌ	رَسُوْلٌ	
মাস	شُهُوْرٌ	شَهْرٌ	পাঠ	دُرُوْسٌ	دَرْسٌ	**فُعُوْلٌ**
চোখ	عُيُونٌ	عَيْنٌ	ক্লাসরুম	فُصُوْلٌ	فَصْلٌ	
তলোয়ার	سُيُوفٌ	سَيْفٌ	বাড়ি	بُيُوْتٌ	بَيْتٌ	
পাঠ	دُرُوسٌ	دَرسٌ	কাজ	أُمُوْرٌ	أَمْرٌ	
ভাই	إِخْوَةٌ	أَخٌ	যুবক	فِتْيَةٌ	فَتًى	**فِعْلَةٌ**
পাঠক	قُرَّاءٌ	قَارِئٌ	লেখক	كُتَّابٌ	كَاتِبٌ	**فُعَّالٌ**
বয়স্ক	كِبارٌ	كَبِيْرٌ	দেশ	بِلَادٌ	بَلَدٌ	**فِعَالٌ**
পাহাড়	جِبالٌ	جَبَلٌ	লোক	رِجَالٌ	رَجُلٌ	
অফিস	مَكَاتِبُ	مَكْتَبٌ	ফ্যাক্টরি	مَصَانِعُ	مَصْنَعٌ	**مَفَاعِلُ**
মাঠ	مَلاعِبُ	مَلعَبٌ	স্কুল	مَدَارِسُ	مَدْرَسَةٌ	
বাক্য	جُمَلٌ	جُمْلَةٌ	পরিবার	أُسَرٌ	أُسْرَةٌ	**فُعَلٌ**
ছোট	صغَرٌ	صُغْرى	রুম	غُرَفٌ	غُرْفَةٌ	
উত্তর	أَجْوِبَةٌ	جَوَابٌ	প্রশ্ন	أَسْئِلَةٌ	سُؤَالٌ	**أَفْعِلَةٌ**

রূহ	أَرْوَاحٌ	رُوْحٌ	বালক	أَوْلَادٌ	وَلَدٌ	**أَفْعَالٌ**
সম্পদ	أَمْوَالٌ	مَالٌ	পুত্র	أَبْنَاءٌ	اِبْنٌ	
নদী	أَنْهَارٌ	نَهْرٌ	চাচা	أَعْمَامٌ	عَمٌّ	
সঙ্গী	أَزْوَاجٌ	زَوْجٌ	রব	أَرْبَابٌ	رَبٌّ	
অপরিচিত	غُرَبَاءُ	غَرِيبٌ	সহপাঠি	زُمَلَاءُ	زَمِيْلٌ	**فُعَلَاءُ**
দরিদ্র	فُقَرَاءُ	فَقِيرٌ	জ্ঞানী	حُكَمَاءُ	حَكِيْمٌ	
ধনী	أَغْنِيَاءُ	غَنِيٌّ	আত্মীয়	أَقْرِبَاءُ	قَرِيْبٌ	**أَفْعِلَاءُ**
নবী	أَنْبِيَاءُ	نَبِيٌّ	বন্ধু	أَصْدِقَاءُ	صَدِيقٌ	
মাস	أَشْهُرٌ	شَهْرٌ	জিহবা	أَلْسُنٌ	لِسَانٌ	**أَفْعُلٌ**
চোখ	أَعْيُنٌ	عَيْنٌ	পা	أَرْجُلٌ	رِجْلٌ	

নিচে আমরা কুরআনে ব্যবহৃত কিছু জামউ তাকছিরের উদাহরণ দেখি,

অর্থ	الْجَمْعُ	الْمُفْرَدُ	অর্থ	الْجَمْعُ	الْمُفْرَدُ
কবরস্থান	مَقَابِرُ	مَقْبَرَةٌ	কীলক	أَوْتَادٌ	وَتَدٌ
অন্তর	أَفْئِدَةٌ	فُؤَادٌ	পাহাড়	جِبَالٌ	جَبَلٌ
ঝাকে ঝাকে পাখী	أَبَابِيْلُ	إِبَّوَالٌ	জোড়া, স্ত্রী, স্বামী,	أَزْوَاجٌ	زَوْجٌ
পাথর	حِجَرَةٌ	حَجَرٌ	অনির্দিষ্ট রাত	لَيَالٍ	لَيْلٌ
গিট	عُقَدٌ	عُقْدَةٌ	কঠোর, কঠিন	شِدَادٌ	شَدِيْدٌ
বই, কিতাব	كُتُبٌ	كِتَابٌ	ঘনসন্নিবিষ্ট	أَلْفَافٌ	لَفٌّ
একনিষ্ঠ, খাঁটি	حُنَفَآءُ	حَنِيْفٌ	ফৌজ, দল	أَفْوَاجٌ	فَوْجٌ

ভার	أَثْقَالٌ	ثِقْلٌ	দরজা	أَبْوَابٌ	بَابٌ
দলে দলে ভাগ হয়ে	أَشْتَاتٌ	شَتٌّ	যুগ যুগ সময়	أَحْقَابٌ	حُقُبٌ
মথ	فَرَاشٌ (اسم جمع)	فَرَاشَةٌ	বাগান	حَدَآئِقُ	حَدِيْقَةٌ
পরিমাপ যন্ত্র	مَوَازِيْنُ	مِيْزَانٌ	উন্নত-বক্ষা	كَوَاعِبُ	كَاعِبٌ
এক নির্দিষ্ট রাত	لَيَالٍ	لَيْلَةٌ	সমবয়স্কা	أَتْرَابٌ	تِرْبٌ
স্তম্ভ, খুঁটি	عَمَدٌ	عِمَادٌ	হাড়	عِظَامٌ	عَظْمٌ
দেশ, শহর, নগর	بِلَادٌ	بَلَدٌ	সহীফাহ, কিতাব	صُحُفٌ	صَحِيْفَةٌ
পাথর	صَخْرٌ	صَخْرَةٌ	সফরকারী, ফেরেস্তা	سَفَرَةٌ	سَافِرٌ
বান্দা	عِبَادٌ	عَبْدٌ	সৎ, স্থলভাগ	بَرَرَةٌ، أَبْرَارٌ	بَرٌّ، بَارٌّ
চোখ, ঝর্ণা	أَعْيُنٌ، عُيُوْنٌ	عَيْنٌ	সম্মানিত	كِرَامٌ	كَرِيْمٌ
আলাদা	شَتَّى	شَتِيْتٌ	ঘন উদ্যান	غُلْبٌ	غَلْبَآءُ
জাহান্নামের প্রহরী	زَبَانِيَّةٌ	زِبْنِيَةٌ	পাপাচারী	فُجَّارٌ	فَاجِرٌ
ব্যক্তি	أَنْفُسٌ	نَفْسٌ	পাপাচারী	فَجَرَةٌ	فَاجِرٌ
সাক্ষ্যদাতা	شُهُوْدٌ	شَاهِدٌ	অবিশ্বাসী	كَفَرَةٌ	كَافِرٌ
সাক্ষ্যদাতা	أَشْهَادٌ	شَاهِدٌ	অবিশ্বাসী	كُفَّارٌ	كَافِرٌ
সেনা, সৈন্যবাহিনী	جُنُوْدٌ	جُنْدٌ	নক্ষত্র, তারা	نُجُوْمٌ	نَجْمٌ
বক্ষ, পাঁজর	تَرَائِبُ	تَرِيْبَةٌ	পূর্ণ গর্ভবতী উট	عِشَارٌ	عُشَرَاءُ
গোপন বিষয়াবলী	سَرَائِرُ	سَرِيْرَةٌ	বন্যপশু	وُحُوْشٌ	وَحْشٌ
মুখমন্ডল, সত্তা	وُجُوْهٌ	وَجْهٌ	সমুদ্র, সাগর	بِحَارٌ، أَبْحُرٌ	بَحْرٌ

নৌযান	جَوَارٍ	جَارِيَةٌ	ব্যক্তি ,আত্মা	نُفُوْسٌ	نَفْسٌ
পানপাত্র	أَكْوَابٌ	كُوْبٌ	লেখক	كُتَّابٌ	كَاتِبٌ
তাকিয়া, গদি	نَمَارِقُ	نُمْرُقٌ	পশ্চাদপসরণকারী	خُنَّسٌ	خَنَّاسٌ
গালিচা	زَرَابِيُّ	زُرْبِيَّةٌ	আত্মগোপনকারী	كُنَّسٌ	كَانِسٌ
আসন	أَرَائِكُ	أَرِيْكَةٌ	তারা	كَوَاكِبُ	كَوْكَبٌ
কেল্লা, রাশিচক্র,	بُرُوْجٌ	بُرْجٌ	কবর	قُبُوْرٌ	قَبْرٌ
বন্ধু, অধিবাসী	أَصْحَابٌ	صَاحِبٌ	রূপকথা, গল্পগাঁথা	أَسَاطِيْرُ	أُسْطُوْرَةٌ

বুদ্ধিমান পুরুষবাচক ভঙ্গুর বহুবচনগুলো স্ত্রীবাচক হিসেবেও ব্যবহৃত হয়। যেমন নিচের আয়াতে দেখি, تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلَىٰ بَعْضٍ এই রসূলগণ-আমি তাদের কাউকে কারো উপর মর্যাদা দিয়েছি।

মারফু অবস্থায় এসকল বহুবচন পেশ, মানসুব অবস্থায় যবর এবং মাজরুর অবস্থায় যের নেয়। তবে أَفْعِلَاءُ فُعَلَاءُ مَفَاعِلُ এবং مَفَاعِيلُ এই চারটি গঠন ব্যতিক্রম। এরা মাজরুর অবস্থায় যবর নেয়। নিচের উদাহরণগুলো লক্ষ্য করি।

দ্বিত্ব		**মুরাব**		**ক্ষেত্র**
তারা অপরিচিত	هُمْ غُرَباءُ	তারা কর্মী	هُمْ عُمَّالٌ	مَرْفُوْعٌ
অপরিচিতদের দেখেছিলাম	رَأَيْتُ غُرَباءَ	কর্মীদেরকে দেখেছিলাম	رَأَيْتُ عُمَّالًا	مَنْصُوْبٌ
এটা অপরিচিতদের জন্য	هٰذَا لِغُرَباءَ	এটা কর্মীদের জন্য	هٰذَا لِعُمَّالٍ	مَجْرُوْرٌ

কিছু শব্দে ة একবচন নির্দেশক। ة উঠে গেলে সাধারণভাবে জাতীবাচক বোঝায়। যেমনঃ

খেজুর গাছ	نَخْلٌ	একটি খেজুর গাছ	نَخْلَةٌ
পাথর	حَجَرٌ	একটি পাথর	حَجَرَةٌ
আপেল	تُفَّاحٌ	একটি আপেল	تُفَّاحَةٌ
বৃক্ষ	شَجَرٌ	একটি বৃক্ষ	شَجَرَةٌ
মাছ	سَمَكٌ	একটি মাছ	سَمَكَةٌ

৩। كُلُّ جَمْعٍ مُؤَنَّثٌ বুদ্ধিহীনদের বহুবচন

কিছু ব্যতিক্রম ব্যতীত সাধারণত বুদ্ধিহীন বহুবচনকে নির্দেশ করতে স্ত্রীবাচক একবচন ইসম ব্যবহৃত হয়।

এই কলমগুলো কার জন্য?	لِمَنْ هٰذِهِ الْأَقْلَامُ ؟
মসজিদটির দরজাগুলি খোলা	أَبْوَابُ الْمَسْجِدِ مَفْتُوْحَةٌ
বইগুলো নতুন	الْكُتُبُ جَدِيْدَةٌ
বাড়িগুলো সুন্দর	الْبُيُوْتُ جَمِيْلَةٌ
বাগানগুলো বড়	الجَنَّاتُ كَبِيرَةٌ

তবে বহুবচনও ব্যবহৃত হতে পারে। যেমনঃ

পাহাড়গুলো উঁচু	الجِبَالُ عَالِيَاتٌ
হজ্জে কয়েকটি মাস আছে সুবিদিত	الْحَجُّ أَشْهُرٌ مَّعْلُومَاتٌ

৪। اِسْمُ الجَمْعِ বহুবচনের ইসম

কিছু শব্দ নিজেই বহুবচন অর্থ দেয়। এরা অর্থানুযায়ী বহুবচন শব্দগত দিক থেকে একবচন। তাই তাদের আবার বহুবচনও আছে। যেমন, [ব্রাকেটে বহুবচন দেওয়া হলো]

جَيْشٌ (جُيُوشٌ)	شَعْبٌ (شُعُوبٌ)	قَوْمٌ (أَقْوَامٌ)	نَاسٌ (أُنَاسٌ)
সেনাবাহিনী	জাতি	জাতি	মানুষ

এদেরকে একবচন ও বহুবচন দুইভাবেই ব্যবহার করা যায়।

القَوْمُ صَالِحٌ	اَلقَوْمُ صَالِحُوْنَ	জাতিটি নেককার
اَلجَيْشُ كَبِيرٌ	الجَيْشُ كِبَارٌ	সেনাদলটি বড়
أَنَا بَشَرٌ	نَحْنُ بَشَرٌ	আমি একজন মানুষ

বহুবচনের ব্যবহারগুলো লক্ষ্য করি

هٰؤُلاءِ الطُّلابُ مُسْلِمُوْنَ وَهٰؤُلاءِ الطَّالِبَاتُ مُسْلِمَاتٌ. الْمُسْلِمُوْنَ إِخْوَةٌ. هُمْ صَادِقُوْنَ إِيْمَانًا صَالِحُوْنَ أَعْمَالًا. تَرَى الْمُسْلِمِيْنَ حَافِظِيْنَ لِصَلاتِهِمْ. لَا تَجِدِ الْمُنَافِقِيْنَ خَاشِعِيْنَ فِيْ عِبَادَتِهِمْ. النِّسَاءُ الْمُسْلِمَاتُ مُتَحَجِّبَاتٌ. هُنَّ قَانِتَاتٌ لله. لَا تَرَاهُنَّ مُتَبَرِّجَاتٍ. بَشَّرَ اللهُ وَرَسُوْلُهُ الجَنَّاتِ. فَبُشْرَى لِلْمُؤْمِنَاتِ الصَّالِحَاتِ. لَعْنَةُ اللهُ عَلَى الظَّالِمِيْنَ وَالظَّالِمَاتِ وَالكَافِرِيْنَ وَالكَافِرَاتِ وَالْمُنَافِقِيْنَ وَالْمُنَافِقَاتِ.

এই ছাত্ররা মুসলিম আর এই ছাত্রীরা মুসলিমাহ। মুসলিমরা ভাই ভাই। তারা বিশ্বাসে সত্যবাদী, আমলসমূহে সৎ। তুমি মুসলিমদের নামাযে যত্নশীল দেখবে। তুমি মুনাফিকদের ইবাদাতে খোদাভীরু

পাবেনা। মুসলিম নারীরা পর্দানশীল। তারা আল্লাহর অনুগত। তুমি তাদের সৌন্দর্য প্রকাশকারীরূপে দেখবে না। আল্লাহ এবং আল্লাহর রাসূল তাদের জান্নাতের সুসংবাদ দিয়েছেন। সুতরাং সুসংবাদ সৎ মুমিনাদের! অত্যাচারীদের ও অত্যাচারীনীদের, অবিশ্বাসীদের ও অবিশ্বাসীনিদের, কপটদের ও কপটনারীদের উপর আল্লাহর অভিসম্পাত।

يَلْعَبُ فِيْ الْمَلَاعِبِ رِجَالٌ كَثِيْرُوْنَ. تَجْرِيْ فِيْ الشَّوَارِعِ سَيَّارَاتٌ كَثِيْرَةٌ. تَفَتَّحَتْ الزَّهَرَاتُ فِيْ الحَدَائِقِ الوَاسِعَةِ. هَلْ تَلْعَبُ مَعَ أَصْدِقَائِكَ؟ هَلْ تَدْرُسُ مَعَ زُمَلَائِكَ؟ هَلْ تَزُوْرُ بُيُوْتَ الأَقْرِبَاءِ؟ هَلْ فِيْ بِلَادِكُمْ أَنْهَارٌ كَثِيْرَةٌ وَجِبَالٌ شَاهِقَةٌ؟

খেলার মাঠগুলোতে অনেক পুরুষেরা খেলছে। রাস্তাগুলোতে অনেক গাড়ি চলছে। প্রশস্ত বাগানগুলোতে ফুল ফুটেছে। তুমি কি তোমার বন্ধুদের সাথে খেল? তুমি কি তোমার সহপাঠীদের সাথে পড়? তুমি কি আত্মীয়দের বাড়ীতে বেড়াতে যাও? তোমাদের দেশগুলোতে কি অনেক নদী আর সুউচ্চ পাহাড় আছে?

কুরআনীয় উদাহরণ (দ্বিবচন)

যারা ভয় করে তাদের মধ্যে **দুইজন লোক** বললো	قَالَ **رَجُلَانِ** مِنَ الَّذِينَ يَخَافُونَ
তাদের কাছে **দুই ব্যক্তির** উদাহরণ বর্ণনা করুন	وَاضْرِبْ لَهُم مَّثَلًا **رَّجُلَيْنِ**
দুটি উদ্যান, একটি ডানদিকে, একটি বামদিকে	**جَنَّتَانِ** عَن يَمِينٍ وَشِمَالٍ
উভয় বাগানই ফলদান করে	كِلْتَا **الْجَنَّتَيْنِ** آتَتْ أُكُلَهَا
আল্লাহ কোন মানুষের মধ্যে **দুটি হৃদয়** স্থাপন করেননি	مَّا جَعَلَ اللَّهُ لِرَجُلٍ مِّن **قَلْبَيْنِ** فِي جَوْفِهِ
অতঃপর যে লোক তাড়াহুড়া করে চলে যাবে শুধু দুদিনে	فَمَن تَعَجَّلَ فِي **يَوْمَيْنِ**
বিবাদমান দুটি পক্ষ, একে অপরের প্রতি বাড়াবাড়ি করেছে	**خَصْمَانِ** بَغَىٰ بَعْضُنَا عَلَىٰ بَعْضٍ
উভয় উদ্যানে আছে বহমান **দুই প্রস্রবন**।	فِيهِمَا **عَيْنَانِ** تَجْرِيَانِ
আমি কি তাকে দেইনি **চক্ষুদ্বয়,**	أَلَمْ نَجْعَل لَّهُ **عَيْنَيْنِ**

আমি রাত্রি ও দিনকে **দুটি নিদর্শন** করেছি	وَجَعَلْنَا اللَّيْلَ وَالنَّهَارَ **آيَتَيْنِ**
তিনি দুই **উদয়াচল** ও দুই **অস্তাচলের** মালিক।	رَبُّ **الْمَشْرِقَيْنِ** وَرَبُّ **الْمَغْرِبَيْنِ**
তখন **দুই ধনুকের** ব্যবধান ছিল	فَكَانَ قَابَ **قَوْسَيْنِ**
তারা বললো নিশ্চয়ই এরা **দুজন যাদুকর**	قَالُوا إِنْ هَٰذَانِ **لَسَاحِرَانِ**
অতঃপর **দুইবার** তুমি দৃষ্টি ফেরাও	ثُمَّ ارْجِعِ الْبَصَرَ **كَرَّتَيْنِ**

কুরআনীয় উদাহরণ (বহুবচন)

নিশ্চয়ই আল্লাহ সীমালজ্ঘনকারীদের ভালোবাসেন না	إِنَّ اللَّهَ لَا يُحِبُّ **الْمُعْتَدِينَ**
আর এভাবেই কাফিরের প্রতিদান	كَذَٰلِكَ جَزَاءُ **الْكَافِرِينَ**
সুতরাং যালিম ব্যতীত সীমালংঘন নাই	فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى **الظَّالِمِينَ**
আর জেনে রেখ আল্লাহ মুত্তাকিদের সাথে আছেন	وَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَعَ **الْمُتَّقِينَ**
নিশ্চয়ই আল্লাহ সৎকর্মশীলদের ভালোবাসেন।	إِنَّ اللَّهَ يُحِبُّ **الْمُحْسِنِينَ**
আর শয়তানের পদাংকগুলো অনুসরণ করো না	وَلَا تَتَّبِعُوا **خُطُوَاتِ** الشَّيْطَانِ
আমি কখনো অলস হবোনা ইনশা আল্লাহ	لَنْ أَكْسَلَ أَبَدًا إِنْ شَاءَ اللهُ

তোমাদের মধ্যে দুটি জিনিস রেখে যাচ্ছি তাদের পর কক্ষনোও পথভ্রষ্ট হবে না	تَرَكْتُ فِيْكُم شَيْئَيْنِ لَنْ تَضِلُّوا بَعْدَهُمَا
আমি কখনো সালাত ত্যাগ করবো না	لَنْ أَتْرُكَ الصَّلَاةَ اَبَدًا
আল্লাহ যুলুম করবেন না	لَنْ يَّظْلِمَ اللهُ

৬। বর্তমান কালের ক্রিয়ার বিভিন্ন ব্যবহার

বর্তমান কালের ক্রিয়ার পূর্বে বিভিন্ন অব্যয় আসলে বিভিন্ন ধরনের অর্থ হয়ে থাকে। যেমন নিচের চার্টটি আমরা খেয়াল করি,

হামিদ আরবী পড়ে	يَدْرُسُ حَامِدٌ الْعَرَبِيَّةَ	
নিশ্চয়ই হামিদ আরবী **পড়ে**	**قَدْ يَدْرُسُ** حَامِدٌ الْعَرَبِيَّةَ	قَدْ +
হামিদ **মাঝে মাঝে** আরবী **পড়ে**	**قَدْ يَدْرُسُ** حَامِدٌ الْعَرَبِيَّةَ	
হামিদ **হয়ত** আরবী **পড়ে**	**قَدْ يَدْرُسُ** حَامِدٌ الْعَرَبِيَّةَ	
হামিদ আরবী **পড়তো**	**كَانَ يَدْرُسُ** حَامِدٌ الْعَرَبِيَّةَ	كَانَ +
হামিদ **প্রায়** আরবী **পড়ে ফেলল**	**كَادَ يَدْرُسُ** حَامِدٌ الْعَرَبِيَّةَ	كَادَ +
হামিদ **প্রায়** আরবী **পড়ে ফেলবে**	**يَكَادُ يَدْرُسُ** حَامِدٌ الْعَرَبِيَّةَ	يَكَادُ +

ক) মুদারীতে قَدْ শব্দের ব্যবহার

মুদারির পূর্বে قَدْ আসলে তা নিশ্চয়তা, অপ্রতুলতা, সম্ভাবনা/সন্দেহ প্রকাশ করে।

মাঝে মাঝে অলস ছাত্রও পাশ করে	قَدْ يَنْجَحُ الطَّالِبُ الكَسْلَانُ
মাঝে মাঝে মুনাফিকও সত্য কথা বলে	قَدْ يَقُولُ الْمُنَافِقُ كَلِمَةَ الْحَقِّ

আজ বৃষ্টি নামতে পারে	قَدْ يَنْزِلُ الْمَطَرُ اليَوْمَ
মাঝে মাঝে মিথ্যুকেরা সত্যি বলে	قَدْ يَصْدُقُ الكَذُوْبُ
ক্লাস সম্ভবত শুরু হয়ে যাবে	قَدْ يَبْدَأُ الدَّرْسُ
কাফিরদের পরিকল্পনা অল্পই সফল হয়	قَدْ تَفُوْزُ كَيْدُ الْكَافِرِيْنَ

খ) ঘটমান অতীত কাল = كَانَ + الْمُضَارِعُ

অতীতে একটা কাজ চলছিল এরূপ বোঝাতে كَانَ + الْمُضَارِعُ ব্যবহৃত হয়।

হামিদ খাচ্ছিল	كَانَ حَامِدٌ يَأْكُلُ
খাদিজা খাচ্ছিল	كَانَتْ خَدِيْجَةُ تَأْكُلُ
সকাল থেকে বৃষ্টি পড়ছিল	كَانَ يَنْزِلُ الْمَطَرُ مُنْذُ صَبَاحٍ
ফাতিমা রান্না করছিল	كَانَتْ تَطْبَخُ فَاطِمَةُ

গ) প্রায়ই ঘটেছিল বা ঘটবে এমন ক্ষেত্রে كَادَ– يَكَادُ এর ব্যবহার

প্রায়ই ঘটেছিল এক্ষেত্রে كَادَ + اِسْمٌ مَرْفُوْعٌ + الْمُضَارِعُ এবং প্রায়ই ঘটতে যাবে এমন ক্ষেত্রে يَكَادُ + اِسْمٌ مَرْفُوْعٌ + الْمُضَارِعُ গঠন আসে,

বালকটি প্রায় হেসেই ফেলেছিল	كَادَ الْوَلَدُ يَضْحَكُ
তাদের কিছু কিছু অন্তর প্রায় ঘুরে গিয়েছিল	كَادَ يَزِيغُ قُلُوبُ فَرِيقٍ مِّنْهُمْ
বালকটি প্রায় হেসে ফেলবে	يَكَادُ الْوَلَدُ يَضْحَكُ
আমি প্রায় মরতে যাচ্ছিলাম	كِدْتُ أَمُوْتُ
তুমি তো আমাকে প্রায় পথভ্রষ্ট করে ফেলেছিলে	كِدْتَ تُضِلُّنِي

সে বাসটা প্রায় হাত ছাড়া করেছিলো	كَادَ يَفُوتُ الْحَافِلَةَ
আমরা প্রায় কেদে ফেললাম	كِدْنَا نَبْكِي
শিক্ষক ছাত্রটিকে মারার উপক্রম করলেন	كَادَ الْمُدَرِّسُ يَضْرِبُ الطَّالِبَ
তারা প্রায় বের হয়ে যাচ্ছিলো	كَادُوا يَخْرُجُونَ
আমার বাবা প্রায় ঘুমিয়ে যাচ্ছিলেন	كَادَ أَبِيْ يَنَامُ
ভবনটি প্রায় ধ্বসে পড়ছে।	كَادَتِ الْإِمَارَةُ تَهُورُ

লিংগ ও বচনভেদে كَادَ এর রূপ

كِدْتَ	كِدْنَ	كَادَتَا	كَادَتْ	كَادُوا	كَادَا	كَادَ
كِدْنَا	كِدْتُ	كِدْتُنَّ	كِدْتُمَا	كِدْتِ	كِدْتُمْ	كِدْتُمَا

৭। لَمْ ، لَمَّا মুদারীকে অতীত অর্থ দেয়

لَمْ ، لَمَّا শব্দটি الْمُضَارِعُ এর পুর্বে বসে তাকে মাজ্জুম করে এবং অতীত অর্থ তৈরী করে।

মুহাম্মদ তার পাঠ মুখস্ত করেনি	لَمْ يَحْفَظْ مُحَمَّدٌ دَرْسَهُ
কেউ চোরটাকে পাকড়াও করেনি	لَمْ يَقْبِضْ أَحَدٌ عَلَى اللِّصِّ
আমরা বিকালে ফুটবল খেলিনি	لَمْ نَلْعَبْ كُرَةَ الْقَدَمِ مَسَاءً
সে ভালো করে আরবি পড়েনি	لَمْ يَدْرُسِ الْعَرَبِيَّةَ جَيِّدًا
উইলিয়াম ঈমান আনে নি	لَمْ يُؤْمِنْ وِلِيَمُ
আমি এখনও বাড়ি পৌঁছাইনি	لَمَّا أَصِلِ الْبَيْتَ بَعْدُ

লক্ষ্যণীয়ঃ

لَمَّا অতীত কালের ক্রিয়ার পূর্বে আসলে যখন অর্থ দেয়।

অতঃপর যখন প্রেরিত দূতরা লূতের পরিবারের কাছে আসলো	فَلَمَّا جَاءَ آلَ لُوطٍ الْمُرْسَلُونَ
অতঃপর যখন তারা তা দেখল, বলল, আমরা তো অবশ্যই পথভ্রষ্ট	فَلَمَّا رَأَوْهَا قَالُوا إِنَّا لَضَالُّونَ

এখনও করা হয়নি অর্থে এরপর بَعْدُ শব্দটি আসে,

আমার বাবা এখনও ফিরে আসেন নি	لَمْ يَرجِعْ أَبِيْ بَعْدُ
আমি তাকে এখনও একটি চিঠি লিখিনি	لَمْ أَكْتُبْ لَهُ رِسَالَةً بَعْدُ
আমি এখনও বিবাহ করিনি	لَمْ أَنْكَحْ بَعْدُ

আমি পড়বই না	لَنْ أَقْرَأَ	আমি পড়িনি	لَمْ أَقْرَأْ
আমি লিখবই না	لَنْ أَكْتُبَ	আমি লিখিনি	لَمْ أَكْتُبْ
আমি শুনবই না	لَنْ أَسْمَعَ	আমি শুনিনি	لَمْ أَسْمَعْ
আমি মুখস্থই করব না	لَنْ أَحْفَظَ	আমি মুখস্থ করিনি	لَمْ أَحْفَظْ
আমি বলবই না	لَنْ أَقُوْلَ	আমি বলিনি	لَمْ أَقُلْ
আমি দাড়াবই না	لَنْ أَقُوْمَ	আমি দাড়াইনি	لَمْ أَقُمْ
আমি বসবই না	لَنْ أَجْلِسَ	আমি বসিনি	لَمْ أَجْلِسْ

যখন আমি পড়েছি	لَمَّا قَرَأْتُ	আমি এখনও পড়িনি	لَمَّا أَقْرَأْ
যখন আমি লিখেছি	لَمَّا كَتَبْتُ	আমি এখনও লিখিনি	لَمَّا أَكْتُبْ
যখন আমি শুনেছি	لَمَّا سَمِعْتُ	আমি এখনও শুনিনি	لَمَّا أَسْمَعْ
যখন আমি মুখস্থ করেছি	لَمَّا حَفِظْتُ	আমি এখনও মুখস্থ করিনি	لَمَّا أَحْفَظْ
যখন আমি বলেছি	لَمَّا قُلْتُ	আমি এখনও বলিনি	لَمَّا أَقُلْ
যখন আমি দাড়িয়েছি	لَمَّا قُمتُ	আমি এখনও দাড়াইনি	لَمَّا أَقُمْ

৮। একসাথে ক্রিয়ার কাল

সে করেছিল	كَانَ فَعَلَ	দূর অতীত	الْمَاضِي الْبَعِيدُ
সে করেছে	فَعَلَ	সাধারণ অতীত	الْمَاضِي الْمُطلَق
সে করতো	كَانَ يَفْعَلُ	ঘটমান অতীত	الْمَاضِي الاستمراري
সে (মাত্র) করল	قَدْ فَعَلَ	নিকট অতীত	الْمَاضِي الْقَرِيب
সে করে	يَفْعَلُ	সাধারণ বর্তমান	الْمُضَارِع الْمُطلق
সে করছে	يَفْعَلُ	ঘটমান বর্তমান	الْمُضَارِع الاستمراري
সে করবে	يَفْعَلُ	সাধারণ ভবিষ্যত	الْمُسْتَقْبَلُ
সে (অচিরেই) করবে	سَيَفْعَلُ	নিকট ভবিষ্যত	الْمُسْتَقْبَلُ لْقَرِيب
তারা (পরে) করবে	سَوْفَ يَفْعَلُ	দূর ভবিষ্যত	الْمُسْتَقْبَلُ الْبَعِيدُ

৯। অসমাপিকা ক্রিয়া

যেতে (to go), পড়তে (to read), খেতে (to eat), বসতে (to seat) ইত্যাদি হল অসমাপিকা ক্রিয়া। এর সাধারণ গঠন হল مُضَارِع مَنْصُوْب + أَنْ যেমনঃ أَنْ يَذْهَبَ 'যেতে', أَنْ يَخْرُجَ 'বের হতে' ইত্যাদি। এটা অনেকটা মাসদারের অর্থে রূপ নেয়। এজন্য আরবীতে একে বলে اَلْمَصْدَرُ الْمُؤَوَّلُ বা ব্যাখ্যা সাপেক্ষ মাসদার।

আমি বাড়ি থেকে বের হতে চাই	أُرِيْدُ أَنْ أَخْرُجَ مِنَ الْبَيْتِ
আমি কুরআন পড়তে ভালোবাসি	أُحِبُّ أَنْ أَقْرَأَ الْقُرآنَ
আমি ওখানে যেতে চাই	أُرِيْدُ أَنْ أَذْهَبَ هُنَاكَ
সে মাছ খেতে পছন্দ করে	يُحِبُّ أَنْ يَأْكُلَ السَّمَكَ
শিক্ষক তোমাদের পড়াশোনা করতে নির্দেশ দেন	اَلْمُدَرِّسُ يَأْمُرُكُمْ أَنْ تَدْرُسُوْا
তোমাদের বাবা বের হতে নিষেধ করেছেন	مَنَعَ أَبُوْكُمْ أَنْ تَخْرُجُوْا
মানুষ মরতে চায় না	لَا يُرِيْدُ النَّاسُ أَنْ يَمُوْتُوْا
আমি কাজটি করতে চাই	أُرِيْدُ أَنْ أَفْعَلَ الْعَمَلَ
তোমার কুর'আন মুখস্ত করা উচিৎ	يَنْبَغِيْ أَنْ تَحْفَظَ الْقُرْاٰنَ
আমি কাজটি করতে চাই	أُرِيْدُ أَنْ أَفْعَلَ الْعَمَلَ

১০। لَامُ التَعْلِيْلِ কারন বোঝানোর লাম

কোন ঘটনার কারণ বোঝাতে ব্যবহৃত মুদারীর পুর্বে لِ আসে। একে لَامُ التَعْلِيْلِ বলে। এরপর মুদারী মানসুব হয়।

হামিদ এসেছে বসার জন্যে	جَاءَ حَامِدٌ لِيَجْلِسَ
আমি দাড়িয়েছি বের হওয়ার জন্য	قُمْتُ لِأَخْرُجَ
এমনিভাবে আমি তোমাদেরকে মধ্যপন্থী সম্প্রদায় করেছি যাতে করে তোমরা সাক্ষ্যদাতা হও মানবমন্ডলীর জন্যে	وَكَذَٰلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِّتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ

১১। ক্রিয়ার বিভিন্ন ব্যবহার

معاني استعمالات الفعل المختلفة	استعمالات الفعلِ المختلفةُ
করেছিলাম	كُنْتُ فَعَلْتُ
করতাম / করছিলাম	كُنْتُ أَفْعَلُ
করেছি	فَعَلْتُ
মাত্র করেছি / নিশ্চয়ই করেছি	قد فَعَلْتُ
করি, করছি, করবো	أَفْعَلُ
করতে থাকবো	سأظَلُّ أَفْعَلُ
হয়তো করবো	لَعَلِّيْ أَفْعَلُ
যদি করতাম!	لَيْتَمَا فَعَلْتُ/ لَيْتَنِيْ فَعَلْتُ

সম্ভবত করেছি	لَعَلَّمَا فَعَلْتُ/ رُبَّمَا فَعَلْتُ
করার উপক্রম হয়েছি	كِدْتُ أَفْعَلُ
প্রায় করে ফেলবো	أَكَادُ أَفْعَلُ
করতে শুরু করছি	جَعَلْتُ الفِعْلَ/ جَعَلْتُ أَفْعَلُ
কদাচিৎ করি	قد أَفْعَلُ/بِالْكَادِ أَفْعَلُ
শীঘ্রই করবো	سأَفْعَلُ
পরে / অচিরেই করবো	سوف أَفْعَلُ
আমি যেন করি	لِأَفْعَلْ
এমন কি আমি করে ফেলবো	حتى أَفْعَلَ
যতক্ষণ আমি না করি	حتى أَفْعَلَ
আমি যখন করি	عندما أَفْعَلُ
আমি এখনো করিনি	لَمَّا أَفْعَلْ
আমি কখনো করিনি	ما فَعَلْتُ قَطُّ
আমি কখনও করবো না	لَنْ أَفْعَلَ أَبَدًا
আমি করতে শুরু করবো	سَأبدأ بالفعل / سَأبدأ أَفْعَلُ
যখন আমি করেছি	لَمَّا فَعَلْتُ
যখন আমি করবো	إِذَا فَعَلْتُ
যদি আমি না করি	إن لم أفعل
যদি আমি করতাম	لَو فَعلْتُ

কুরানীয় উদাহরণঃ (বর্তমান কালের ক্রিয়া)

আর আল্লাহ যা ইচ্ছা করেন, তাই করেন	وَيَفْعَلُ اللَّهُ مَا يَشَاءُ
এবং তারা অঙ্গীকার ভঙ্গ করে না	وَلَا يَنقُضُونَ الْمِيثَاقَ
তারা পরিধান করবে চিকন ও পুরু রেশমীর বস্ত্র	يَلْبَسُونَ مِن سُندُسٍ وَإِسْتَبْرَقٍ
তারা বলল, তুমি কি তাতে এমন কাউকে সৃষ্টি করবে যে বিশৃংখলা সৃষ্টি করবে এবং রক্ত ঝরাবে?	قَالُوا أَتَجْعَلُ فِيهَا مَن يُفْسِدُ فِيهَا وَيَسْفِكُ الدِّمَاءَ
অথচ আমরা তোমার গুণকীর্তন করছি এবং তোমার পবিত্রতা ঘোষনা করছি	وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ
তিনি বললেন, নিঃসন্দেহে আমি জানি, যা তোমরা জান না	قَالَ إِنِّي أَعْلَمُ مَا لَا تَعْلَمُونَ
এবং আমি মোহর এঁটে দিয়েছি তাদের অন্তরসমূহের উপর	وَنَطْبَعُ عَلَىٰ قُلُوبِهِمْ
সুতরাং তারা শুনতে পায় না	فَهُمْ لَا يَسْمَعُونَ
কখনও নয়, তোমরা সত্ত্বরই জেনে নেবে	كَلَّا سَوْفَ تَعْلَمُونَ
এবং তিনি তার হুকুমে কাউকে শরীক করেন না	وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا
তুমি অবশ্যই জান যে আমি তোমাদের জন্য আল্লাহর রাসুল	وَقَدْ تَعْلَمُ أَنِّي رَسُوْلُ اللهِ إِلَيْكُمْ
তিনি অবশ্যই জানেন তোমরা কিসের উপর আছো	قَدْ يَعْلَمُ مَا أَنتُمْ عَلَيْهِ
যে কেউ পরকালের ফসল কামনা করে, আমি তার জন্যে সেই ফসল বাড়িয়ে দেই।	مَن كَانَ يُرِيدُ حَرْثَ الْآخِرَةِ نَزِدْ لَهُ فِي حَرْثِهِ
তাঁরা উভয়েই খাদ্য ভক্ষণ করতেন	كَانَا يَأْكُلَانِ الطَّعَامَ
নিশ্চয়ই আল্লাহ একটা উদাহরণ দিতে লজ্জা পান না	إِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي أَن يَضْرِبَ مَثَلًا
নিশ্চয়ই আল্লাহ তোমাদের একটি গাভী জবেহ করতে আদেশ করেন	إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَن تَذْبَحُوا بَقَرَةً

তোমরা কি ভেবেছো তোমরা জান্নাতে প্রবেশ করবে ?	أَمْ حَسِبْتُمْ أَن تَدْخُلُوا الْجَنَّةَ
বিদ্যুৎ চমক প্রায় তাদের দৃষ্টি কেড়ে নেবে	يَكَادُ الْبَرْقُ يَخْطَفُ أَبْصَارَهُمْ
ক্রোধে জাহান্নাম যেন ফেটে পড়বে	تَكَادُ تَمَيَّزُ مِنَ الْغَيْظِ
আকাশ উপর থেকে ফেটে পড়ার উপক্রম হবে	تَكَادُ السَّمَاوَاتُ يَتَفَطَّرْنَ مِن فَوْقِهِنَّ
তারা বলবে, যদি আমরা শুনতাম অথবা বুদ্ধি খাটাতাম, তবে আমরা জাহান্নামবাসীদের মধ্যে থাকতাম না	وَقَالُوا لَوْ كُنَّا نَسْمَعُ أَوْ نَعْقِلُ مَا كُنَّا فِي أَصْحَابِ السَّعِيرِ
আর আমাদের মধ্যে নির্বোধেরা আল্লাহ তা'আলা সম্পর্কে মিথ্যা কথাবার্তা বলত	وَأَنَّهُ كَانَ يَقُولُ سَفِيهُنَا عَلَى اللَّهِ شَطَطًا
তোমরা যা করতে তার বিনিময়ে তৃপ্তির সাথে পানাহার কর	كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا كُنتُمْ تَعْمَلُونَ
তুমি কি জান না যে, আল্লাহ সব কিছুর উপর শক্তিমান?	أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ
আর যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করেনি	وَمَن لَّمْ يَحْكُمْ بِمَا أَنزَلَ اللَّهُ
যারা ঈমান এনেছে এবং স্বীয় বিশ্বাসকে শিরকের সাথে মিশ্রিত করেনি	الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُم بِظُلْمٍ
আমি কি তোমার জন্য তোমার বক্ষ উম্মুক্ত করে দিইনি?	أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ
তিনি শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না	عَلَّمَ الْإِنسَانَ مَا لَمْ يَعْلَمْ
তিনি কাউকে জন্ম দেননি এবং না তিনি জন্ম নিয়েছেন	لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ
এখনও তোমাদের অন্তরে বিশ্বাস প্রবেশ করেনি	وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ
আল্লাহ তোমাদের জন্যে চতুস্পদ জন্তু সৃষ্টি করেছেন, যাতে কোন কোনটিই বাহন হিসাবে ব্যবহার কর এবং কোন কোনটিকে ভক্ষণ কর।	اللَّهُ الَّذِي جَعَلَ لَكُمُ الْأَنْعَامَ لِتَرْكَبُوا مِنْهَا وَمِنْهَا تَأْكُلُونَ

অধ্যায়-১২ (আদেশ ও নিষেধ)

১। أَمْرٌ আদেশ

أَمْرٌ বা আদেশ সর্বদা মাজ্জুম। اَلْمُضَارِعُ থেকে কয়েকটি ধাপে এটা পরিবর্তিত হয়। যেমন,

- تَذْهَبُ এর اَلْمُضَارِعُ এর আলামত تَ এবং মারফুর আলামত 'পেশ' উঠে যাবে। শেষে মাজ্জুমের আলামত 'সুকুন' বসবে, ذْهَبْ
- প্রথম হরফে সুকুন বসায় উচ্চারন করা যাচ্ছে না। তাই এখানে اِ বা اُ রূপে হামজাতুল ওয়াসলি আসবে। ع কালিমায় পেশ থাকলে اُ নাহলে اِ

তুমি যাও!	تَذْهَبُ < ذْهَبْ < اِذْهَبْ	ع কালিমায় যবর
তুমি সাহায্য কর!	تَنْصُرُ < نْصُرْ < اُنْصُرْ	ع কালিমায় পেশ

আদেশ সূচক	أَمْرٌ	সাধারণ বর্তমান	اَلْمُضَارِعُ
তুমি যাও!	اِذْهَبْ	তুমি যাও	تَذْهَبُ
তোমরা দুজন যাও! (স্ত্রী বা পুং)	اِذْهَبَا	তোমরা দুজন যাও (স্ত্রী বা পুং)	تَذْهَبَانِ
তোমরা সকলে যাও!	اِذْهَبُوْا	তোমরা সকলে যাও	تَذْهَبُوْنَ
তুমি (স্ত্রী) যাও!	اِذْهَبِيْ	তুমি(স্ত্রী) যাও	تَذْهَبِيْنَ
তোমরা সকল (স্ত্রী) যাও!	اِذْهَبْنَ	তোমরা সকল(স্ত্রী) যাও	تَذْهَبْنَ

أَمْرٌ আদেশ			
বহুবচন	দ্বিবচন	একবচন	
اُنْصُرُوْا	اُنْصُرَا	اُنْصُرْ	পুং
اُنْصُرْنَ	اُنْصُرَا	اُنْصُرِيْ	স্ত্রী

জানালাটি খোলো	إِفْتَحِ النَّافِذَةَ
আমি যা বলছি তা শোন (স্ত্রী)	اِسْمَعِيْ مَاذا أَقُوْلُ
তোমরা (স্ত্রী) সেখানে যাও	إِذْهَبْنَ هُنَاكَ
তোমরা দুজন এখন পড়	اِقْرَآ الْآنَ
তোমরা কাল আমার বাড়িতে থাকবে	أُسْكُنُوا فِي بَيْتِي غَدًا
তোমরা (স্ত্রী) দুজন বিশ্রাম নাও	اُرْقُدَا
চিঠিটি লেখ (স্ত্রী)	اُكْتُبِيْ الرِّسَالَةَ
আমাদের সাহায্য করো	اُنْصُرْنَا

২। النَّهْيُ নিষেধ

النَّهْيُ বা নিষেধ সর্বদা মাজ্জুম। الْمُضَارِعُ থেকে النَّهْيُ করতে تَذْهَبُ এর পুর্বে না বাচক لَا বসে এবং মারফুর আলামত 'পেশ' উঠে মাজ্জুমের আলামত 'জঝম' হবে। যেমনঃ لَا تَذْهَبْ জঝমের আলামত তিনভাবে হয়।

নিষেধ সূচক	نَهْيٌ	সাধারণ	الْمُضَارِعُ
তুমি যেওনা!	لاَ تَذْهَبْ	তুমি যাও	تَذْهَبُ
তোমরা দুজন যেওনা! তোমরা দুজন (স্ত্রী) যেওনা!	لاَ تَذْهَبَا	তোমরা দুজন যাও তোমরা দুজন (স্ত্রী) যাও	تَذْهَبَانِ
তোমরা সকলে যেওনা!	لاَ تَذْهَبُوْا	তোমরা সকলে যাও	تَذْهَبُوْنَ
তুমি (স্ত্রী) যেওনা!	لاَ تَذْهَبِيْ	তুমি (স্ত্রী) যাও	تَذْهَبِيْنَ
তোমরা সকল (স্ত্রী) যেওনা!	لاَ تَذْهَبْنَ	তোমরা সকল(স্ত্রী) যাও	تَذْهَبْنَ

নিষেধ نَهْي			
বহুবচন	দ্বিবচন	একবচন	
لَا تَنْصُرُوْا	لَا تَنْصُرَا	لَا تَنْصُرْ	পুং
لَا تَنْصُرْنَ	لا تَنْصُرَا	لا تَنْصُرِيْ	স্ত্রী

তোমরা দুজন দুশ্চিন্তা কোরো না	لَا تَحْزَنَا
তোমরা সালাত ত্যাগ কোরো না	لَا تَتْرُكُوا الصَّلَاةَ
তুমি (স্ত্রী) ওটা খেও না	لَا تَأْكُلِيْ ذٰلِكَ
তুমি এই জামাটি পোড়ো না	لَا تَلْبَسْ هٰذَا الْقَمِيْصَ
তুমি (স্ত্রী) কাল সেখানে যেও না	لَا تَذْهَبِيْ هُنَاكَ غَدًا
তুমি রাগ কোরো না	لَا تَغْضَبْ
তুমি (স্ত্রী) ছলনা করো না	لَا تَخْدَعِيْ

لَا تَلْعَبُوا فِي الشَّارِعِ	তোমরা রাস্তায় খেলো না
لَا تَمْشِ كَالنِّسَاءِ	মেয়েদের মত হেঁটো না

اِقْرَأْ	পড়ো	لَا تَقْرَأْ	পড়ো না
اُكْتُبْ	লিখো	لَا تَكْتُبْ	লিখো না
اِسْمَعْ	শুনো	لَا تَسْمَعْ	শুনো না
اِحْفَظْ	মুখস্থ করো	لَا تَحْفَظْ	মুখস্থ করো না
قُلْ	বলো	لَا تَقُلْ	বলো না
اِجْلِسْ	বসো	لَا تَجْلِسْ	বোসো না
قُمْ	দাড়াও	لَا تَقُمْ	দাড়াইও না
كُلْ	খাও	لا تَأْكُلْ	খেও না
اِشْرَبْ	পান করো	لَا تَشْرَبْ	পান কোরো না
تَكَلَّمْ	কথা বলো	لَا تَتَكَلَّمْ	কথা বোলো না
أُسْكُتْ	চুপ থাকো	لَا تَسْكُتْ	চুপ থেকো না
أَظْهِرْ	প্রকাশ করো	لَا تُظْهِرْ	প্রকাশ কোরো না
اِلْعَبْ	খেলো	لَا تَلْعَبْ	খেলো না

৩। لَامُ الْأَمْرِ তৃতীয়পুরুষে ও প্রথমপুরুষে আদেশ ও নিষেধ

তৃতীয়পুরুষে /প্রথম পুরুষের মুদারী মাজ্জুমের আগে لِ বসালে আদেশ বোঝায়। যেমনঃ

তারা দুইজন (পুং) বসুক	لِيَجْلِسَا	সে লিখুক	لِيَكْتُبْ
সে (একজন মেয়ে) বসুক	لِتَجْلِسْ	সে যাক	لِيَذْهَبْ
আমরা যেন খাই	لِنَأْكُلْ	সে খাক	لِيَأْكُلْ

তারা কুরআন নিয়ে চিন্তা করুক	لِيَتَدَبَّرُوا فِي الْقُرْآنِ
তারা আল্লাহর ইবাদাত করুক	لِيَعْبُدُوا اللهَ
সে পবিত্র হোক	لِيُطَهِّرْ
সে আল্লাহর রাস্তায় বের হোক	لِيَخْرُجْ فِي سَبِيْلِ اللهِ
সে কৃতজ্ঞ হোক	لِيَشْكُرْ

এই لِ কে বলা হয় لَامُ الْأَمْرِ। এটা যের বিশিষ্ট হয়। তবে এর পূর্বে ثُمَّ, فَ, وَ আসলে সুকুন বিশিষ্ট হয়। যেমনঃ

প্রত্যেক ছাত্র যেন বসে এবং লেখে	لِيَجْلِسْ كُلُّ طَالِبٍ وَلْيَكْتُبْ
সুতরাং সে বের হোক	فَلْيَخْرُجْ
আমরা যেন কিছু পড়ি অতঃপর যেন ঘুমাই	لِنَقْرَأْ قَلِيْلًا ثُمَّ لْنَنَمْ
সে যেন সৎকর্ম সম্পাদন করে	فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا

فَلْيَعْمَلِ الْعَامِلُونَ শব্দটি মুলত فَلْيَعْمَلْ الْعَامِلُونَ । যেহেতু পরপর দুটি সাকিন আসলে উচ্চারণ করা যায় না তাই প্রথম সাকিনকে হরকত দেওয়া হয়েছে। সাধারনত কিছু ক্ষেত্র বাদে প্রথম সাকিনে যের বসে। এসম্পর্কে পরবর্তীতে আলোচনা করা হয়েছে।

তৃতীয়পুরুষে /প্রথম পুরুষের মুদারী মাজ্জুমের আগে لَا বসালে নিষেধ বোঝায়। যেমনঃ

সে না লেখুক	لَا يَكْتُبْ
সে না যাক	لَا يَذْهَبْ
সে না খাক	لَا يَأْكُلْ
তারা দুইজন (পুং) না বসুক	لَا يَجْلِسَا
সে (একজন মেয়ে) না বসুক	لَا تَجْلِسْ
আমরা যেন না খাই	لَا نَأْكُلْ
কেউ যেন কাউকে উপহাস না করে	لَا يَسْخَرْ أَحَدٌ مِنْ أَحَدٍ
আমরা যেন মিথ্যা না বলি	لَا نَكْذِبْ
সে যেন এই কথা না বলে	لَا يَقُلْ هٰذَا الْقَوْلَ
তারা দুজন যেন এখন না ঘুমায়	لَا يَنَمَا الْآنَ
তারা যেন এখানে না বসে	لَا يَجْلِسُوا هُنَا
আমরা যেন দেরি না করি	لَا نَتَأَخَّرْ

কুরআনীয় উদাহরণ (আদেশ)

ফেরাউনের কাছে যাও	اِذْهَبْ إِلَىٰ فِرْعَوْنَ
তোমরা উভয়ে যাও আমার নিদর্শনাবলী নিয়ে	فَاذْهَبَا بِآيَاتِنَا
শুনো, আনুগত্য কর এবং ব্যয় কর	وَاسْمَعُوا وَأَطِيعُوا وَأَنفِقُوا
অতঃপর আমি বললাম, তোমার লাঠি দ্বারা পাথরে আঘাত করো	فَقُلْنَا اضْرِب بِّعَصَاكَ الْحَجَرَ
এবং যখন আমি আদম কে সিজদা করার জন্য ফেরেশতাগণকে নির্দেশ দিলাম,	وَإِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِآدَمَ
এবং আমি বললাম, তোমরা নেমে যাও। তোমরা পরস্পর একে অপরের শত্রু	وَقُلْنَا اهْبِطُوا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ
সুতরাং তোমরা আমাকে স্মরণ কর, আমি তোমাদের স্মরণ রাখবো	فَاذْكُرُونِي أَذْكُرْكُمْ
এবং আমার কৃতজ্ঞতা প্রকাশ কর; অকৃতজ্ঞ হয়ো না	وَاشْكُرُوا لِي وَلَا تَكْفُرُونِ
অতঃপর আমার বান্দাদের অন্তর্ভুক্ত হয়ে যাও	فَادْخُلِي فِي عِبَادِي
আমাদের পাপ মোচন কর। আমাদেরকে ক্ষমা কর এবং আমাদের প্রতি দয়া কর।	وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا ۚ

কুরআনীয় উদাহরণ (নিষেধ)

তোমরা সুদ খেয়ো না	لَا تَأْكُلُوا الرِّبَا
তোমরা আল্লাহর সাথে অন্য উপাস্য সাব্যস্ত করো না	وَلَا تَجْعَلُوا مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ
ওয়াদা পাকাপাকি করার পর তা ভঙ্গ কর না	وَلَا تَنقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا
তোমরা সূর্যকে সিজদা করো না, চন্দ্রকেও না	لَا تَسْجُدُوا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ

কুরানীয় উদাহরণঃ (তৃতীয় পুরুষে আদেশ/নিষেধ)

অতএব তারা যেন এবাদত করে এই ঘরের রবের	فَلْيَعْبُدُوا رَبَّ هَٰذَا الْبَيْتِ
কেউ যেন কাউকে উপহাস না করে	لَا يَسْخَرْ أَحَدٌ مِنْ أَحَدٍ
সে সৎকর্ম সম্পাদন করুক	فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا
তোমাদের মধ্যে কোন লেখক যেন তা লিখে দেয়	وَلْيَكْتُب بَّيْنَكُمْ كَاتِبٌ
এবং ঋন গ্রহীতা যেন লেখার বিষয় বলে দেয়	وَلْيُمْلِلِ الَّذِي عَلَيْهِ الْحَقُّ
এবং সে যেন স্বীয় পালনকর্তা আল্লাহকে ভয় করে	وَلْيَتَّقِ اللَّهَ رَبَّهُ
এবং সে লেখার মধ্যে বিন্দুমাত্রও বেশিকম না করে	وَلَا يَبْخَسْ مِنْهُ شَيْئًا

অধ্যায়-১৩ (ক্রিয়ার কর্ম)

১। مَفْعُوْلٌ بِهِ ক্রিয়ার কর্ম

ক্রিয়া ও কর্তাকে কি বা কাকে দিয়ে প্রশ্ন করলে مَفْعُوْلٌ بِهِ কর্ম (object) পাওয়া যায়। কর্ম সর্বদা মানসুব।

	مَفْعُولٌ بِهِ	فَاعِلٌ	فِعْلٌ
খালিদ হামিদকে সাহায্য করল	حَامِدًا	خَالِدٌ	نَصَرَ

তোমার ভাই এই বইটি পাঠ করল	دَرَسَ أَخُوْكَ هَذَا الْكِتَابَ
আমার ভাই গাড়ী থেকে নামল	نَزَلَ أَخِي مِنَ السَّيَّارَةِ
শিক্ষকটি কুরআন শুনল	سَمِعَ الْمُدَرِّسُ الْقُرْآنَ
আম্মার আরবী ভাষা পাঠ করল	عَمَّارٌ دَرَسَ اللُّغَةَ الْعَرَبِيَّةَ
অপরাধীটি একজন লোককে হত্যা করল	قَتَلَ الْمُجْرِمُ رَجُلًا
শিশুটি গ্লাসটি ভাঙল	كَسَرَ الطِّفْلُ الْكُوْبَ
মুসল্লিটি প্রথম কাতারে বসল	جَلَسَ الْمُصَلِّي فِي الصَّفِّ الْأَوَّلِ
আল্লাহ নবীগণকে পাঠিয়েছেন	بَعَثَ اللهُ الْأَنْبِيَاءَ
আল্লাহ তাদের অন্তরে সিল মেরে দিলেন	خَتَمَ اللّٰهُ عَلَى قُلُوبِهِمْ
মুহাম্মদ কাজে গেলো	ذَهَبَ مُحَمَّدٌ لِلْعَمَلِ

শিশুটি দুধ পান করল	شَرِبَ الطِّفْلُ الْحَلِيْبَ
হামিদের ভাই তোমার বাবাকে খুঁজল	طَلَبَ أَخُوْ حَامِدٍ أَبَاكَ
দাউদ জালুতকে হত্যা করল	قَتَلَ دَاوُودُ جَالُوتَ
মুহাম্মাদ হামিদকে সাহায্য করলো	نَصَرَ مُحَمَّدٌ حَامِدًا
ইঞ্জিনিয়ার গাড়িটি ঠিক করলেন	أَصْلَحَ الْمُهَنْدِسُ السَّيَّارَةَ
সে নতুন চাঁদ দেখলো	رَأَى الْهِلَالَ
আল্লাহ মানুষদের মধ্যে রাসূলদের পাঠালেন	بَعَثَ اللهُ الرُّسُلَ بَيْنَ النَّاسِ
শিক্ষক বোর্ডে তার নাম লিখলেন	كَتَبَ الْمُدَرِّسُ اسْمَهُ عَلَى السَّبُّورَةِ
উমার তার বাড়িতে প্রবেশ করল	دَخَلَ عُمَرُ بَيْتَهُ
খালিদ পাঠটি ভালো করে বুঝলো	فَهِمَ خَالِدٌ الدَّرْسَ جَيِّدًا
সত্য প্রকাশিত হলো ও মিথ্যা বিদূরিত হলো	ظَهَرَ الْحَقُّ وَ زَهَقَ الْبَاطِلُ
আয়েশা আজ মাছ দিয়ে ভাত খেয়েছে	أَكَلَتْ عَائِشَةُ الْأَرُزَّ بِالسَّمَكِ الْيَوْمَ

জোর দেওয়ার জন্য مَفْعُوْلٌ بِهِ আগে আসতে পারে। যেমনঃ

সাধারণ	জোর দেয়া
رَأَيْتُ بِلَالًا	بِلَالًا رَأَيْتُ

তবে যেখানে فَاعِلٌ ও مَفْعُوْلٌ بِهِ আলাদা করা যায় না সেখানে ফায়িল আগে আনতে হবে। যেমন

شَكَرَتْ لَيْلَى سَلْمَى লাইলা সালমার প্রতি কৃতজ্ঞ হলো।

কিছু কিছু ক্রিয়ার দুটি কর্ম থাকে। এদের কিছু উদাহরণ হলো,

হামিদ খালিদকে একজন শিক্ষক মনে করেছে	ظَنَّ حَامِدٌ خَالِدًا مُدَرِّسًا	মনে করা	ظَنَّ
আমি মনে করেছিলাম যে তুমি একজন ছাত্র	حَسِبْتُ أَنَّكَ طَالِبًا	মনে করা	حَسِبَ
অতঃপর করেছেন তাকে কালো আবর্জনা	فَجَعَلَهُ غُثَاءً أَحْوَىٰ	রূপান্তর করা	جَعَلَ
হামিদ বেলালকে শিক্ষক ভেবেছে	زَعَمَ حَامِدٌ بِلَالًا مُدَرِّسًا	মনে করা	زَعَمَ
আমি তাকে একজন আলিম ভেবেছি	رَأَيتُهُ عَالِمًا	ভাবা	رَأَى
তিনি তোমাকে পেয়েছেন পথহারা অতঃপর পথ দেখিয়েছেন	وَوَجَدَكَ ضَالًّا فَهَدَىٰ	পাওয়া	وَجَدَ
জেনে রাখো জীবন একটা সংগ্রাম	اِعْلَمِ الحَيَاةَ جِهَادًا	জানো	اِعْلَمْ
আপনি কি তাকে দেখেছেন, যে তার প্রবৃত্তিকে উপাস্যরূপে গ্রহণ করেছে?	أَرَأَيْتَ مَنِ اتَّخَذَ إِلَٰهَهُ هَوَاهُ	গ্রহণ করা	اِتَّخَذَ

আবার কিছু কিছু ক্রিয়ার তিনটি কর্ম থাকে। এদের কিছু উদাহরণ হলো,

أَرَاى	أَنبَأَ	أَخْبَرَ	حَدَّثَ	أَعْلَمَ
দেখানো	সংবাদ দেওয়া	সংবাদ দেওয়া	বর্ণনা করা	জানানো

শিক্ষক যায়েদকে জানিয়ে দিয়েছেন যে আমর একজন পন্ডিত ব্যক্তি	أَعْلَمَ الْمدرسُ زَيدًا عَمرًا فاضِلًا

২। مَفْعُوْلٌ فِيْهِ ক্রিয়া সংঘটনের সময়/স্থান

ক্রিয়া সংঘঠনের স্থান বা ক্রিয়া সংঘঠনের সময় প্রকাশক ইসমগুলোকে মাফুলুন فِيْهِ مَفْعُوْلٌ বলে।

এগুলো মানসুব। এগুলোকে ظَرْفٌ বলে যা আমরা ইতিপূর্বে দেখেছি।

শুক্রবারে আমি মক্কায় ছিলাম	كُنْتُ فِيْ مَكَّةَ **يَوْمَ** الْجُمُعَةِ
তোমরা এই সন্ধ্যায় কোথায় যাচ্ছ?	أَيْنَ تَذْهَبُوْنَ **هٰذَا** الْمَسَاءَ؟
আসছে বছর আমি আরবী ভাষা শিখব	سَأَدْرُسُ اللُّغَةَ الْعَرَبِيَّةَ **الْعَامَ** الْقَادِمَ

৩। مَفْعُوْلٌ لَهُ ক্রিয়া সংঘটিত হওয়ার কারণ

এটা হল এমন একটা মাসদার যা কোন ক্রিয়া সংঘটিত হওয়ার কারণ বর্ণনা করে। এটা মানসুব।

আমি বৃষ্টির ভয়ে বের হই নি	لَمْ أَخْرُجْ **خَوفًا** مِنَ الْمَطَرِ
আমি উপস্থিত হয়েছি গ্রামারকে ভালবেসে	حَضَرْتُ **حُبًّا** لِلنَّحْوِ

৪। مَفْعُوْلٌ مَعَهُ ক্রিয়া সংঘটনের সাথী

وَ অব্যয়টি مَعَ অর্থে ব্যবহার করে مَفْعُوْلٌ مَعَهُ গঠিত হয়। এরপর ইসমটি মানসুব।

পাহাড় ধরে দৌড়িয়েছিলাম	سِرْتُ وَ**الْجِبَالَ**
তারা রাস্তা ধরে হাঁটছিলো	كَانُوا يَمْشُوْنَ وَ**الشَّارِعَ**

হামিদের সাথে গল্পটি পড়েছিলাম	قَرَأْتُ القِصَّةَ وَ**حَامِدًا**
খালিদের সাথে খেলেছিলাম	لَعِبْتُ وَ**خَالِدًا**
জায়েদ খালিদের সাথে এসেছিলো	جَاءَ زَيْدٌ وَ**خَالِدًا**
ছাত্রটি বই সাথে করে হেঁটেছিলো	مَشَى الطَّالِبُ **وَالكِتَابَ**

৫। مَفْعُول مُطْلَق সমধাতুজ কর্ম

বাক্যে ব্যবহৃত মাসদারটি যদি ঐ বাক্যেই ব্যবহৃত কোন ক্রিয়াপদ থেকে উদ্ভূত হয় অথবা একই অর্থের ক্রিয়া থেকে আসে তবে তাকে مَفْعُولٌ مُطْلَقٌ বলে। মাফউলুন মুতলাক মানসুব হয়। যেমনঃ يَعْمَلُ عَمَلاً বাক্যে সাধারণত জোর দেওয়ার জন্য মাফউলুন মুতলাক ব্যবহৃত হয়।

নিশ্চয়ই আমি নিজের উপর জুলুম করেছি অনেক জুলুম	إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيْرًا
আল্লাহ তোমাকে পরিপুর্ণ সুস্থতা দিক	شَفَاكَ اللهُ شِفَاءً كَامِلًا
যে ব্যক্তি কোন কাজ করে	مَنْ عَمِلَ عَمَلاً
আমি বিচ্ছুটাকে খুব করে পিটালাম	ضَرَبْتُ العَقْرَبَ ضَرْبًا
আমরা উসতাযকে অত্যন্ত সম্মান জানালাম	كَرَّمْنَا الأُسْتَاذَ تَكْرِيْمًا
শিক্ষক অত্যন্ত আগ্রহ প্রকাশ করলেন	رَغِبَ الْمُدَرِّسُ رَغْبَةً شَدِيدَةً
তার দিকে একাগ্রতার সাথে মনোনিবেশ করুন	وَ تَبَتَّلْ إِلَيْهِ تَبْتِيْلًا
আল্লাহ তোমাকে দ্রুত সুস্থতা দান করুন	شَفَاكَ اللهُ شِفَاءً عَاجِلًا

নিচের অনুচ্ছেদগুলোতে দাগাংকিত শব্দগুলো কেন মানসুব বা মাজরুর হলো খেয়াল করি,

أَسْتَيقِظُ صَبَاحًا مُبَكِّرًا. أَسْتاكُ أَسْنَانِي نَظَافَةً. وأَتَوضَّأ جَيِّدًا بِالْمَاءِ. ثم أُصَلِّي صَلَاةَ الفَجْرِ فِي الْمَسجدِ جَماعَةً. أَرْجِعُ مِنَ الْمَسجدِ وأَخْرُجُ إلى الحَدِيقَةِ رَاحَةً. فَأَمْشِي هُنَاكَ مُنْفَرِدًا. ثم أَرجِعُ إلى بَيْتِي وأُفْطِرُ رَغَدًا. أَتْلُو القرآنَ تَرتِيلًا بَعْدَ الفُطُورِ. ثم أقرأُ الكُتُبَ دِراسَةً. أَصْنَعُ وَاجِبَ البَيتِ طَوْعًا .

আমি সকালে তাড়াতাড়ি ঘুম থেকে উঠি। আমি আমার দাঁত মাজি পরিচ্ছন্নতার জন্য। এবং পানি দিয়ে ভালো করে ওযু করি। অতঃপর মসজিদে জামাতে ফজরের সালাত পড়ি। মসজিদ থেকে ফিরি এবং প্রশান্তির জন্য বাগানের দিকে বের হই। অতঃপর সেখানে একাকী হাঁটি। এরপর আমি বাড়িতে ফিরে আসি এবং তৃপ্তি সহকারে সকালের নাস্তা খাই। নাস্তার পরে তারতিলের সাথে কুরআন তিলাওয়াত করি। অতঃপর পাঠের জন্য বইপত্র পড়ি। আমি স্বপ্রনোদিত হয়ে বাড়ির কাজ করি।

ثم أَذْهَبُ إلى الْمَدرَسَةِ بعد الضُّحَى مَاشِيًا. أَدخُلُ الفَصْلَ بِبُطْءٍ مُؤَدَّبًا. أَسْتَمِعُ لِلْمُدَرِّسِ وَاعِيًا. وَأَكْتُبُ الدُّرُوسَ مُفَصَّلَةً. أَرْجِعُ إلى البيتِ راكِبًا ثم أخرج إلى الْمَلْعَبِ سَرِيعًا. أَلعَبُ مَعَ أَصْدِقَائِي كُرَةَ القَدَمِ نَشِيْطًا. أَذْهَبُ إلى السُّوقِ بعد العَصْرِ حَاجَةً. ثم أرجع إلى بيتي

অতঃপর আমি দুপুরের পর হেঁটে স্কুলে যাই। আমি ক্লাসরুমে আদবের সহিত ধীরে প্রবেশ করি। আমি মনোযোগের সাথে শিক্ষকের কথা শুনি। আর বিস্তারিতভাবে পাঠগুলো লিখি। বাড়িতে বাহনে চড়ে ফিরে আসি। অতঃপর দ্রুত খেলার মাঠের দিকে বের হই। আমি আমার বন্ধুদের সাথে উদ্যোমের সাথে ফুটবল খেলি। আসরের পরে প্রয়োজনে বাজারে যাই। অতঃপর বাড়িতে ফিরে আসি।

أَغْسِلُ أَعْضَائِي نَظَافَةً فَأدخُلُ غُرفَتِي لِلدِّراسَةِ. أَدْرُسُ هُنَاكَ إلى العِشَاءِ مُنْتَبِهًا. أَتَعَشَّى بعد صَلَاةِ العِشَاءِ ثم أَنَامُ مُبَكِّرًا.

আমি পরিচ্ছন্নতার জন্য আমার অংগসমূহকে ধৌত করি। তারপর আমার রুমে পড়াশোনার জন্য ঢুকি। সেখানে ইশা পর্যন্ত মনদিয়ে পড়ি। ইশার সালাতের পর আমি রাতের খাবার খাই। অতঃপর আমি তাড়াতাড়ি ঘুমিয়ে পড়ি।

ইরাব খেয়াল করিঃ

মাজরুর, মুদাফ ইলাইহি	البيتِ	মানসুব, ক্রিয়া কেমনভাবে করা হয়েছে	مُبَكِّرًا
মানসুব, ক্রিয়া কেমনভাবে করা হয়েছে	مَاشِيًا	মাজরুর, হারফ জারের পরে	الْمَسْجِدِ
মাজরুর, মুদাফ ইলাইহি	القَدَمِ	মাজরুর, হারফ জারের পরে	الحدِيقَةِ
মাজরুর, মুদাফ ইলাইহি	العَصْرِ	মাজরুর, মুদাফ ইলাইহি	الفَطُورِ
মানসুব, ক্রিয়ার কারন	نَظَافَةً	মানসুব, ক্রিয়ার কর্ম	الكُتُبَ

পড় ও লিখ।

আমি খবর দেবার জন্য সন্ধায় বিস্তারিভাবে চিঠি লিখব।	أَكْتُبُ الرِّسَالَةَ تخبيرا تفصيلاً مَسَاءً
আমি জ্ঞান অর্জনের জন্য সর্বদা মনোযোগের সাথে বই পড়ি।	أَقْرَأُ الكِتَابَ طَلَباً لِلْعِلمِ مُنْتَبِهًا دَائِمًا
আমি ভালবেসে মাঝে মাঝে মনোযোগ দিয়ে নাশিদ শুনি।	أسمَعُ النَّشِيْدَ مَحَبَّةً مُسْتَمِعًا أَحْيَانًا
আমি শিক্ষা দানের জন্য আসরের পরে আনন্দের সাথে গল্প বলি।	أَقَوْلُ القِصَّةَ تعْلِيْمًا مَسرُوْرًا بعد الْعَصْرِ
আমি ক্ষুদা মেটাতে সকালে রুটি খাই।	آكُلُ الخُبزَ إِشْبَاعَ الجُوعِ صبَاحًا
আমি পিপাসা মেটাতে প্রয়োজনে বসে পানি পান করি।	أَشْرَبُ الْماءَ إِطْفَاءَ العَطَشِ جَالِسًا حَاجَةً
আমি শখের বসে অবসরে দাড়িয়ে ছবি আঁকি।	أَرْسُمُ الصُّورَةَ هِوَايَةً قَائِمًا رَاحَةً

আমি আগ্রহের কারণে জোহরের পর বসে বসে দৃশ্য দেখি।	أَنْظُرُ الْمَنْظَرَ رَغْبَةً قَاعِدًا بعد الظُّهْرِ
আমি পরিষ্কার করতে জুমার দিনে ভালভাবে জামা ধৌত করি।	أَغْسِلُ الثَّوْبَ نَظَافَةً جَيِّدًا يَومَ الجُمْعَةِ
আমি বের হবার জন্য অধিকাংশ সময় দ্রুত দরজা খুলি।	أَفْتَحُ البَابَ خُرُوجًا سَرِيْعًا غَالِبًا
আমি শেখার জন্য সর্বদা ভালভাবে পাঠটি বুঝি।	أَفْهَمُ الدَّرْسَ تَعَلُّمًا جيِّدًا دَائِمًا
আমি অনুশীলনের জন্য মাঝে মাঝে বাকিতে খাতা কিনি।	أَشْتَرِي الكُرَّاسَةَ تَدْرِيبًا بِالدَّينِ أحْيَانًا
আমি শিক্ষাদানের জন্য ক্লাসে প্রবেশ করি	أَدْخُلُ الفَصْلَ تَعْلِيْمًا
আমি জ্ঞান অন্বেষণের জন্য পায়ে হেঁটে সকালে স্কুলে যাই।	أذْهَبُ إلى الْمَدْرَسَةِ طَلَبًا لِلْعِلْمِ مَاشِيًا صَبَاحًا
আমি গাড়িতে চড়ে সন্ধায় কলেজ থেকে ফিরে আসি।	أَرْجِعُ مِنَ الكلِّيةِ رَاكِبًا مساءً
আমি পরিশ্রমের পর আরামের জন্য ভদ্রভাবে বসি	أَجلِسُ اِرْتِيَاحًا مُؤَدَّبًا بَعْدَ الكَدْحِ
আমি আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য সকালে তারতীলের সাথে কুরআন তেলওয়াত করি।	أَتْلُو القُرْآنَ طَلَباً لِمَرْضَاتِ اللهِ تَرْتِيْلًا صَبَاحًا
আমি উপার্জনের জন্য প্রতিদিন বাজারে রুলার বিক্রি করি।	أَبِيْعُ الْمِسْطَرَةَ اِكْتِسَابًا فِي السُّوقِ كُلَّ يَوْمٍ
আমি দিনে পাঁচবার মসজিদে নামাজ আদায় করি।	أُصلِّي الصَّلَاةَ فِي الْمَسَجِدِ خَمْسَ مَرَّاتٍ يَومًا
আমি আতিথেয়তার জন্য মাঝে মাঝে সুস্বাদু করে গোস্ত রান্না করি	أَطْبُخُ اللَّحْمَ ضِيَافَةً لَذِيْذًا أَحْيَانًا

কুরআনীয় উদাহরণ (মাফউলুন বিহি)

তিনিই নিরক্ষরদের মধ্য থেকে একজন রসূল প্রেরণ করেছেন	هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا مِّنْهُمْ
নিশ্চয়ই আল্লাহ বদরের যুদ্ধে তোমাদের সাহায্য করেছেন	وَلَقَدْ نَصَرَكُمُ اللَّهُ بِبَدْرٍ
তিনি মানুষ সৃষ্টি করেছেন জমাট রক্ত থেকে	خَلَقَ الْإِنسَانَ مِنْ عَلَقٍ
দাউদ জালুতকে হত্যা করলো	وَقَتَلَ دَاوُودُ جَالُوتَ
তিনি তার ছাদকে সুউচ্চ করেছেন অতঃপর সুবিন্যস্ত করেছেন।	رَفَعَ سَمْكَهَا فَسَوَّاهَا
আল্লাহ তাদের আলো নিয়ে নিলেন এবং তাদের অন্ধকারে ছেড়ে দিলেন	ذَهَبَ اللَّهُ بِنُورِهِمْ وَتَرَكَهُمْ فِي ظُلُمَاتٍ
আর যখন ইব্রাহীমকে তাঁর পালনকর্তা কয়েকটি বিষয়ে পরীক্ষা করলেন	وَإِذِ ابْتَلَىٰ إِبْرَاهِيمَ رَبُّهُ بِكَلِمَاتٍ
আমি বেশ পানি বর্ষণ করেছি	أَنَّا صَبَبْنَا الْمَاءَ صَبًّا

কুরআনীয় উদাহরণ (মাফউলুন ফিহি)

সুতরাং আমার বান্দাদের নিয়ে রাতে বেরিয়ে যাও	فَأَسْرِ بِعِبَادِي **لَيْلًا**
আর তার তাসবিহ পড় সকাল ও সন্ধ্যায়	وَسَبِّحُوهُ **بُكْرَةً وَأَصِيلًا**
আমি তা আগামীকাল করবো	إِنِّي فَاعِلٌ ذَٰلِكَ **غَدًا**

কুরআনীয় উদাহরণ (মাফউলুন লাহু)

তোমরা কি ধারণা কর যে, আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করেছি?	أَفَحَسِبْتُمْ أَنَّمَا خَلَقْنَاكُمْ **عَبَثًا**
নিজের ধনসম্পদ লোক দেখানোর উদ্দেশ্যে ব্যয় করে	يُنفِقُ مَالَهُ **رِئَاءَ** النَّاسِ
দারিদ্র্যের ভয়ে তোমাদের সন্তানদেরকে হত্যা করো না	وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ **خَشْيَةَ** إِمْلَاقٍ
আল্লাহর সন্তুষ্টিকল্পে নিজেদের জানের বাজি রাখে	يَشْرِي نَفْسَهُ **ابْتِغَاءَ** مَرْضَاتِ اللَّهِ

কুরআনীয় উদাহরণ (মাফউলুন মায়াহু)

সুতরাং তোমরা তোমাদের কাজের সাথে শরীকদের এক করো	فَأَجْمِعُوا أَمْرَكُمْ **وَشُرَكَاءَ**كُمْ
আহলে কিতাব আর তার সাথে মুশরিকদের মধ্যে কাফেররা হয়নি (এমন)	لَمْ يَكُنِ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ **وَالْمُشْرِكِينَ**
অতঃপর তোমার রবের কসম অবশ্যই আমি তাদের সাথে শয়তানকে উপস্থিত করবো	فَوَرَبِّكَ لَنَحْشُرَنَّهُمْ **وَالشَّيَاطِينَ**

কুরআনীয় উদাহরণ (মাফউলুন মুতলাক)

এবং তারা আমার আয়াতসমূহে পুরোপুরি মিথ্যারোপ করত।	وَ كَذَّبُوا بِآيَاتِنَا **كِذَّابًا**
আল্লাহর স্মরণ কর অধিক হারে	اُذْكُرُوا اللَّهَ **ذِكْرًا** كَثِيرًا
অথবা বাড়িয়ে নাও তদপেক্ষা বেশী এবং কোরআন আবৃত্তি করুন সুবিন্যস্ত ভাবে ও স্পষ্টভাবে	أَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْآنَ **تَرْتِيلًا**

অধ্যায়-১৪ (নিরেট ক্রিয়া ও দুর্বল ক্রিয়া)

১। اَلفِعْلُ الصَّحِيْحُ নিরেট ক্রিয়া

যে ক্রিয়াতে হারফু ইল্লাত অর্থাৎ ا و এবং ي নাই তাকে فِعْلٌ صَحِيحٌ বা নিরেট ক্রিয়া বলে। নিরেট ক্রিয়া আবার তিন প্রকার।

নিরেট ক্রিয়া (فِعْلٌ صَحِيحٌ)

مُضَعَّفٌ		مَهْمُوزٌ		سَالِمٌ	
একই অক্ষর দুইবার আছে		ক্রিয়াতে أ আছে		ক্রিয়াতে أ নাই অথবা একই অক্ষর দুইবার নাই	
সে হজ করলো	حَجَّ	সে খেলো	أَكَلَ	সে বসল	جَلَسَ
সে ক্ষতি করলো	ضَرَّ	সে প্রশ্ন করলো	سَأَلَ	সে গেলো	ذَهَبَ
সে প্রকম্পিত হলো	زَلْزَلَ	সে পড়লো	قَرَأَ	সে সাহায্য করলো	نَصَرَ

২। الْفِعْلُ الْمَهْمُوْزُ মাহমুজ ক্রিয়া

যে ক্রিয়া মূলের একটি অক্ষর أ তাকে الْفِعْلُ الْمَهْمُوْزُ বলে। যেমনঃ سَأَلَ সে প্রশ্ন করলো।

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَأْكُلُوْنَ	يَأْكُلَانِ	يَأْكُلُ	أَكَلُوْا	أَكَلَا	أَكَلَ	পুং
يَأْكُلْنَ	تَأْكُلَانِ	تَأْكُلُ	أَكَلْنَ	أَكَلَتَا	أَكَلَتْ	স্ত্রী
تَأْكُلُوْنَ	تَأْكُلَانِ	تَأْكُلُ	أَكَلْتُمْ	أَكَلْتُمَا	أَكَلْتَ	পুং
تَأْكُلْنَ	تَأْكُلَانِ	تَأْكُلِيْنَ	أَكَلْتُنَّ	أَكَلْتُمَا	أَكَلْتِ	স্ত্রী
نَأْكُلُ		آكُلُ	أَكَلْنَا		أَكَلْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَسْأَلُوْنَ	يَسْأَلَانِ	يَسْأَلُ	سَأَلُوْا	سَأَلَا	سَأَلَ	পুং
يَسْأَلْنَ	تَسْأَلَانِ	تَسْأَلُ	سَأَلْنَ	سَأَلَتَا	سَأَلَتْ	স্ত্রী
تَسْأَلُوْنَ	تَسْأَلَانِ	تَسْأَلُ	سَأَلْتُمْ	سَأَلْتُمَا	سَأَلْتَ	পুং
تَسْأَلْنَ	تَسْأَلَانِ	تَسْأَلِيْنَ	سَأَلْتُنَّ	سَأَلْتُمَا	سَأَلْتِ	স্ত্রী
نَسْأَلُ		أَسْأَلُ	سَأَلْنَا		سَأَلْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَقْرَأُونَ	يَقْرَآنِ	يَقْرَأُ	قَرَأُوْا/قَرَؤُوا	قَرَآ	قَرَأَ	পুং
يَقْرَأْنَ	تَقْرَآنِ	تَقْرَأُ	قَرَأْنَ	قرأتا	قَرَأَتْ	স্ত্রী
تَقْرَؤُوْنَ	تَقْرَآنِ	تَقْرَأُ	قَرَأْتُمْ	قَرَأْتُمَا	قَرَأْتَ	পুং
تَقْرَأْنَ	تَقْرَآنِ	تَقْرَئِيْنَ	قَرَأْتُنَّ	قَرَأْتُمَا	قَرَأْتِ	স্ত্রী
نَقْرَأُ		أَقْرَأُ	قَرَأْنَا		قَرَأْتُ	উভয়

نَهْيٌ নিষেধ			أَمْرٌ আদেশ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لا تَأْكُلُوْا	لا تَأْكُلَا	لا تَأْكُلْ	كُلُوْا	كُلَا	كُلْ	পুং
لا تَأْكُلْنَ	لا تَأْكُلَا	لا تَأْكُلِيْ	كُلْنَ	كُلَا	كُلِيْ	স্ত্রী

نَهْيٌ নিষেধ			أَمْرٌ আদেশ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لا تَقْرَءُوْا	لا تَقْرَءَا	لا تَقْرَأْ	اِقْرَؤُوْا	اِقْرَءَا	اِقْرَأْ	পুং
لا تَقْرَأْنَ	لا تَقْرَءَا	لا تَقْرَئِيْ	اِقْرَأْنَ	اِقْرَءَا	اِقْرَئِيْ	স্ত্রী

اِسْمُ الْفَاعِلِ	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	ক্রিয়া
سَائِلٌ	سُؤَالٌ/مَسْأَلة	سَلْ/ اِسْئَلْ	يَسْأَلُ	سَأَلَ	প্রশ্ন করা
قَارِئٌ	قِرَاءَةٌ/قرآنٌ	اِقْرَأْ	يَقْرَأُ	قَرَأَ	পড়া
آخِذٌ	أَخْذٌ	خُذْ	يَأْخُذُ	أَخَذَ	ধরা
آكِلٌ	أَكْلٌ	كُلْ	يَأْكُلُ	أَكَلَ	খাওয়া
آمِرٌ	أَمْرٌ	مُرْ	يَأْمُرُ	أَمَرَ *	আদেশ করা
آمِنٌ	أَمْنٌ	اِيْمَنْ	يَأْمَنُ	أَمِنَ	নিরাপদ হওয়া
آبٍ	اِبَاءٌ	اِيْب	يَأْبَى	أَبَى	অমান্য করা
رَاءٍ	رَأْيٌ	رَ	يَرَى	رَأَى *	দেখা
آتٍ	اِتْيَانٌ	اِيْتِ/اِئْتِ	يَأْتِي	أَتَى *	আসা
شَاءٍ	مَشِيئَةٌ	شَأْ	يَشَاءُ	شَاءَ *	চাওয়া
سَاوِئ	سَوْءٌ/سُوءٌ	سُؤْ	يَسُوءُ	سَاءَ	খারাপ হওয়া
جَاءٍ	مَجِيءٌ	جِئْ	يَجِيءُ	جَاءَ	আসা

লক্ষণীয়ঃ

- ف কালিমা হামজাহ হলে أَمْرٌ এর ক্ষেত্রে প্রথমে হামজাতুল ওয়াসলি নাও আসতে পারে। যেমনঃ

  أَكَلَ – يَأْكُلُ – كُلْ

- ع কালিমা হামজাহ হলে হামজাতুল ওয়াসলি থাকতেও পারে আবার নাও থাকতে পারে। যেমনঃ

  سَأَلَ – يَسْأَلُ – اِسْئَلْ/ سَلْ

তারা দু'জন আজ স্কুলে আসে নি	لَمْ يَأْتِيَا إِلَى الْمَدْرَسَةِ الْيَوْمَ
যায়নাব সূরা বাক্বারা পড়ছে	قَرَأَتْ زَيْنَبُ سُوْرَةَ الْبَقَرَةِ
[তোমরা দু'জন] এই ফলটি খাও	كُلَا هٰذِهِ الْفَاكِهَةَ
আদেশ করবে না	لَا تَأْمُرْ
আমি প্রশ্ন করি নি	لَمْ أَسْأَلْ
তারা সূর্য দেখবে না	لَنْ يَرَوا الشَّمْسَ

৩। الْفِعْلُ الْمُضَاعَفُ মুদায়াফ ক্রিয়া

আল মুদা'য়াফ হল এমন ক্রিয়াপদ যার দুইটা বর্ণ একই। যেমনঃ حَجَّ অর্থ সে হাজ্ব করলো। حَجَّ হল মূলত حَجَجَ যার ع কালিমার "হারকাত" উঠে গিয়ে হয়েছে حَجْجَ => حَجَّ । কিন্তু মুতাহাররিক সর্বনামের ক্ষেত্রে হারকাত ফিরে আসে। যেমনঃ حَجَجْتُمَا , حَجَجْتَ , حَجَجْنَ حَجَجْنَا ....

الْمُضَارِعُ এর ক্ষেত্রেও সাকিন সর্বনামের ক্ষেত্রে ل কালিমার "হারকাত" উঠে যায়। যেমনঃ يَحْجُجُ => يَحُجُّ কিন্তু মুতাহাররিক সর্বনামের ক্ষেত্রে হারকাত ফিরে আসে। যেমনঃ يَحْجُجْنَ

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَحُجُّوْنَ	يَحُجَّانِ	يَحُجُّ	حَجُّوْا	حَجَّا	حَجَّ	পুং
يَحْجُجْنَ	تَحُجَّانِ	تَحُجُّ	حَجَجْنَ	حَجَّتَا	حَجَّتْ	স্ত্রী
تَحُجُّوْنَ	تَحُجَّانِ	تَحُجُّ	حَجَجْتُمْ	حَجَجْتُمَا	حَجَجْتَ	পুং
تَحْجُجْنَ	تَحُجَّانِ	تَحُجِّيْنَ	حَجَجْتُنَّ	حَجَجْتُمَا	حَجَجْتِ	স্ত্রী
نَحُجُّ		أَحُجُّ	حَجَجْنَا		حَجَجْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَضِلُّوْنَ	يَضِلَّانِ	يَضِلُّ	ضَلُّوا	ضَلَّا	ضَلَّ	পুং
يَضْلِلْنَ	تَضِلَّانِ	تَضِلُّ	ضَلَلْنَ	ضَلَّتَا	ضَلَّتْ	স্ত্রী
تَضِلُّوْنَ	تَضِلَّانِ	تَضِلُّ	ضَلَلْتُمْ	ضَلَلْتُمَا	ضَلَلْتَ	পুং
تَضْلِلْنَ	تَضِلَّانِ	تَضِلِّيْنَ	ضَلَلْتُنَّ	ضَلَلْتُمَا	ضَلَلْتِ	স্ত্রী
نَضِلُّ		أَضِلُّ	ضَلَلْنَا		ضَلَلْتُ	উভয়

মাজ্জুম ও আমরঃ

বর্তমানের রূপ يَحُجُّ কে মাজ্জুম করলে দাঁড়ায় يَحُجْجْ । দুই সাকিনের মিলন রোধে শেষে একটা হরকাত নিয়ে আসতে হয়। যেমন لَمْ يَحُجَّ । কিন্তু অন্যান্য ক্ষেত্রে এরুপ সমস্যা হয় না যেমন لَمْ يَحُجُّوْا

আদেশের ক্ষেত্রে تَحُجُّ এর মুদারীর আলামত تَ এবং শেষের পেশ উঠে যাবে অর্থাৎ حُجّ । দুই সুকুনের মিলন রোধে শেষে যবর আসবে এবং এক্ষেত্রে কোন হামজাতুল ওয়াসালি আনতে হবে না যেহেতু প্রথমে সাকিন আসছে না। সুতরাং সবশেষে আমরের রূপ হবে حُجَّ । উল্লেখ্য যে মুদা'য়াফ এর আমর এভাবেও হয়ঃ أُرْدُدْ , أُصْدُدْ ইত্যাদি।

নিষেধ نَهْيٌ			আদেশ أَمْرٌ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لا تَحُجُّوْا	لا تَحُجَّا	لا تَحُجَّ	حُجُّوْا	حُجَّا	حُجَّ	পুং
لا تَحْجُجْنَ	لا تَحُجَّا	لا تَحُجِّيْ	اُحْجُجْنَ	حُجَّا	حُجِّيْ	স্ত্রী

নিষেধ نَهْيٌ			আদেশ أَمْرٌ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لا تَضِلُّوْا	لا تَضِلَّا	لا تَضِلَّ	ضِلُّوْا	ضِلَّا	ضِلَّ	পুং
لا تَضْلِلْنَ	لا تَضِلَّا	لا تَضِلِّيْ	اِضْلِلْنَ	ضِلَّا	ضِلِّيْ	স্ত্রী

মুদায়াফ ক্রিয়ার উদাহরণ,

اِسْمُ الْفَاعِلِ	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	ক্রিয়া
حَيٌّ	حَيَاةٌ/حَيَوانٌ	اِحْيَ	يَحْيَا	حَيَّ	জীবিত হওয়া
رَادٌّ	رَدٌّ/ ترداد	أُرْدُدْ/رُدَّ	يَرُدُّ	رَدَّ	ফিরে যাওয়া
صَادٌّ	صَدٌّ/ صدود	أُصْدُدْ/صُدَّ	يَصُدُّ	صَدَّ	বাধা দেওয়া
ضَارٌّ	ضَرٌّ/ضَرَر	أُضْرُرْ/ضُرَّ	يَضُرُّ	ضَرَّ	ক্ষতি করা

মনে করা	ظَنَّ	يَظُنُّ	أُظْنُنْ/ظُنَّ	ظَنٌّ	ظَانٌّ
গণনা করা	عَدَّ	يَعُدُّ	أُعْدُدْ/عُدَّ	عَدٌّ/تعداد	عَادٌّ
ছড়ানো	مَدَّ	يَمُدُّ	أُمْدُدْ/مُدَّ	مَدٌّ	مَادٌّ
ইচ্ছা করা	وَدَّ	يَوَدُّ	اِيْدَدْ/وَدَّ	وِدٌّ/وُدٌّ/وَدٌّ	وَادٌّ
পথভ্রষ্ট হওয়া	ضَلَّ	يَضِلُّ	اِضْلِلْ/ضِلَّ	ضَلَالَةٌ، ضَلَالٌ	ضَالٌّ
বিভ্রান্ত করা	غَرَّ	يَغُرُّ	أُغْرُرْ/غُرَّ	غُرُورٌ/غَرٌّ	غَارٌّ
স্পর্শ করা	مَسَّ	يَمَسُّ	أُمْسُسْ/مَسَّ	مَسٌّ	مَاسٌّ

তারা বিভ্রান্ত হয়ে গিয়েছিল	كَانُوا ضَلَّوْا
তারা (দু'জন) হাজ্ব করছে	يَحُجَّانِ
তোমরা তারাগুলো গণনা করো	عُدُّوْا النُجُوْمَ
তোমরা ধারণা করবে না	لنْ تَظُنُّوْا
আমরা কারো ক্ষতি করি নি	لَمْ نَضُرَّ أَحَدًا
মেয়েরা খাবার স্পর্শ করবেই না	لَنْ تَمَسَّ الْبَنَاتُ الطَّعَامَ

৪। التَّعْلِيْلُ বর্ণের রুপান্তর

শব্দে দুর্বল বর্ণগুলোর কিছু পরিবর্তন হয়। একে التَّعْلِيل বলে। এই পরিবর্তনের কয়েকটি সূত্র নিম্নরুপঃ

১) হরকতযুক্ত و বা ي এর আগে যবর থাকলে ا বা ى এ পরিনত হয়। (দ্বিবচনে হয় না)

سَارَ	<	سَيَرَ	قَالَ	<	قَوَلَ
مَشَى	<	مَشَيَ	خَافَ	<	خَوِفَ
			دَعَا	<	دَعَوَ

২) হরকতযুক্ত و ، ي এর আগে যের থাকলে ي পরিনত হয়

نَسِيَ	<	نَسِيَ	رَضِيَ	<	رَضِوَ
بَقِيَ	<	بَقِيَ	قَوِيَ	<	قَوِوَ

৩) و এর আগে যবর ওয়ালা আলামতে মুদারী থাকলে এবং পরে যের হলে সেই و বাদ যাবে।

يَجِدُ	<	يَوْجِدُ

৪) وْ এর আগে যের হলে তা ي পরিনত হয়

اِيْجَلْ	<	اِوْجَلْ

৫) দুই সাকিনের মিলন রোধে দুর্বল বর্ণ বাদ যাবে।

قُلْ	<	قُوْلْ	جَئْنَ > جِئْنَ	<	جَائْنَ
دَعَتْ	<	دَعَاتْ	قَلْنَ > قُلْنَ	<	قَالْنَ

৬) ع কালিমার و ي এর হরকত পূর্বের সাকিন বর্ণে যাবে

يَقُوْلُ	<	يَقْوُلُ
يَجِيْءُ	<	يَجْيِءُ

৭) শব্দমূলের অতিরিক্ত আলিফের পরে و ي আসলে তা হামযাহ হয়ে যায়।

قَائِلٌ	<	قَاوِلٌ
بَائِعٌ	<	بَايِعٌ
بِنَاءٌ	<	بَنَى

৮) পেশের পরে وِ পড়া কষ্ট তাই যেরটা পূর্বের বর্ণে চলে যায়। হরকত সরে গেলে সেখানে সাকিন হয়।

تَدْعِيْنَ	<	تَدْعِوْيْنَ	<	تَدْعُوِيْنَ

৯) হরকত ওয়ালা و ي এর পুর্বে যের থাকলে তা লোপ পায় এবং লোপের প্রভাবে পূর্বের বর্নে অতিরিক্ত যের যোগ হয়।

بَانٍ	<	بَانِيٌ
دَاعٍ	<	دَاعِوٌ

১০) পেশের পরে ي আর যেরের পরে و পড়া কষ্ট তাই পরবর্তী হরফ অনুসরন করে হরকত পরিবর্তন হবে।

تَوَلِّيٌ	<	تَوَلُّيٌ
نَسُوْا	<	نَسِوْا

৫। اَلْفِعْلُ الْمُعْتَلُّ দুর্বল ক্রিয়া

যে ক্রিয়াগুলোতে ا ي এবং و থাকে সেগুলোকে দুর্বল ক্রিয়া اَلْفِعْلُ الْمُعْتَلُّ বলে। যেমনঃ رَاَى , قَالَ ইত্যাদি। দুর্বল ক্রিয়ার লিখিত রূপে و কে ا (আলিফ) ও ي (ইয়া) এবং ي কে ا বা ى (আলিফ) দ্বারা পরিবর্তন করা হয়।

দুর্বল ক্রিয়াগুলো তিন প্রকার।

দুর্বল ক্রিয়া (اَلْفِعْلُ اَلْمُعْتَلُّ)

اَلنَّاقِصُ ل কালিমা দুর্বল বর্ণ		اَلْأَجْوَفُ ع কালিমা দুর্বল বর্ণ		اَلْمِثَالُ ف কালিমা দুর্বল বর্ণ	
সে পথ দেখালো	هَدَى (هَدَيَ)	সে হাটল	سَارَ (سَيَرَ)	সে পেল	وَجَدَ
সে ডাকল	دَعَا (دَعَوَ)	সে বলল	قَالَ (قَوَلَ)	সে রাখল	وَضَعَ
সে কাঁদল	بَكَى (بَكَيَ)	সে ঘুমালো	نَامَ (نَوِمَ)	সে সহজ হল	يَسِرَ
সে দেখল	رَأَى (رَأَيَ)			ঘুম থেকে উঠল	يَقِظَ

৬। الْفِعلُ الْمِثَالُ মিছাল ক্রিয়া

মিছাল ক্রিয়ার ف কালিমা দুর্বল। অর্থাৎ প্রথম বর্ণ و বা ي হয়। যেমনঃ

يَئِسَ	يَسَرَ	وَجَدَ	وَضَعَ
সে হতাশ হল	সে বিনয়ী হল	সে পেল	সে রাখল

এখানে আমরা মিছাল ক্রিয়াগুলোর ১৪ টি গঠন দেখি,

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
وَضَعُوْا	وَضَعَا	وَضَعَ	وَجَدُوْا	وَجَدَا	وَجَدَ	পুং
وَضَعْنَ	وَضَعَتَا	وَضَعَتْ	وَجَدْنَ	وَجَدَتَا	وَجَدَتْ	স্ত্রী
وَضَعْتُمْ	وَضَعْتُمَا	وَضَعْتَ	وَجَدْتُمْ	وَجَدْتُمَا	وَجَدْتَ	পুং
وَضَعْتُنَّ	وَضَعْتُمَا	وَضَعْتِ	وَجَدْتُنَّ	وَجَدْتُمَا	وَجَدْتِ	স্ত্রী
وَضَعْنَا		وَضَعْتُ	وَجَدْنَا		وَجَدْتُ	উভয়

الْمِثَالُ ক্রিয়ার অতীত কাল থেকে বর্তমান কালে পরিবর্তনঃ

الْمُضَارِعُ	<< পরিবর্তন <<	الْمَاضِي
يَوْجِدُ < يَجِدُ يَوْهَبُ < يَهَبُ يَوْجَلُ	বাব فَتَحَ– يَفْتَحُ এবং বাব ضَرَبَ–يَضْرِبُ এর ক্ষেত্রে দুর্বল و বাদ যাবে। কিন্তু বাব سَمِعَ– يَسْمَعُ এর ক্ষেত্রে বাদ যায় না। মূলত যে و এর পূর্বে যবর বিশিষ্ট আলামতে	وَجَدَ وَهَبَ وَجِلَ

	মুদারীয় থাকে এবং পরে যের হয় সেই و বাদ যায়।	
يَيْسَرُ	মিছাল ক্রিয়ার শুরুতে ي হলে তা সালিম ক্রিয়ার মত হয়।	يَسِرَ

اَلْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			اَلْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَضَعُوْنَ	يَضَعَانِ	يَضَعُ	يَجِدُوْنَ	يَجِدَانِ	يَجِدُ	পুং
يَضَعْنَ	تَضَعَانِ	تَضَعُ	يَجِدْنَ	تَجِدَانِ	تَجِدُ	স্ত্রী
تَضَعُوْنَ	تَضَعَانِ	تَضَعُ	تَجِدُوْنَ	تَجِدَانِ	تَجِدُ	পুং
تَضَعْنَ	تَضَعَانِ	تَضَعِيْنَ	تَجِدْنَ	تَجِدَانِ	تَجِدِيْنَ	স্ত্রী
نَضَعُ		أَضَعُ	نَجِدُ		أَجِدُ	উভয়

اَلْمِثَالُ ক্রিয়ার বর্তমান কাল থেকে আদেশবাচকে পরিবর্তনঃ

اَمْرٌ	<< পরিবর্তন <<	اَلْمُضَارِعُ
جِدْ هَبْ اِوْجَلْ > اِيْجَلْ	বাব ضَرَبَ-يَضْرِبُ এবং বাব فَتَحَ- يَفْتَحُ এর ক্ষেত্রে হামজাতুল ওয়াসালি আনতে হবে না। কিন্তু বাব سَمِعَ- يَسْمَعُ এর ক্ষেত্রে হামজাতুল ওয়াসালি আনতে হবে।	تَجِدُ تَهَبُ تَوْجَلُ
اِيْقَظْ	মিছাল ক্রিয়ার শুরুতে ي হলে তা সালিম ক্রিয়ার মত হয়।	يَيْقَظُ

نَهْيٌ নিষেধ			أَمْرٌ আদেশ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لَا تَجِدُوْا	لَا تَجِدَا	لَا تَجِدْ	جِدُوْا	جِدَا	جِدْ	পুং
لَا تَجِدْنَ	لَا تَجِدَا	لَا تَجِدِيْ	جِدْنَ	جِدَا	جِدِيْ	স্ত্রী

نَهْيٌ নিষেধ			أَمْرٌ আদেশ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لا تَضَعُوْا	لا تَضَعَا	لا تَضَعْ	ضَعُوْا	ضَعَا	ضَعْ	পুং
لا تَضَعْنَ	لا تَضَعَا	لا تَضَعِيْ	ضَعْنَ	ضَعَا	ضَعِيْ	স্ত্রী

মিছাল ক্রিয়ার উদাহরণ

اِسْمُ الْفَاعِلِ	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	ক্রিয়া
وَاذِرٌ	وَذْرٌ	ذَرْ	يَذَرُ	وَذِرَ	পেছনে ফেলা
وَاضِعٌ	وَضْعٌ/مَوضِعٌ	ضَعْ	يَضَعُ	وَضَعَ	রাখা
وَاقِعٌ	وُقُوعٌ/وقِعَةٌ	قَعْ	يَقَعُ	وَقَعَ	ঘটে যাওয়া
وَاهِبٌ	وَهْبٌ/ هِبَة	هَبْ	يَهَبُ	وَهَبَ	দান করা
وَاجِدٌ	وُجُودٌ/وِجدَان	جِدْ	يَجِدُ	وَجَدَ	খুঁজে পাওয়া
وَارِثٌ	وِرْثٌ/وِرَاثَةٌ	رِثْ	يَرِثُ	وَرَثَ	উত্তরাধিকারী হওয়া
وَازِرٌ	وِزْرٌ	زِرْ	يَزِرُ	وَزَرَ	ওজন বহন করা
وَاصِفٌ	وَصْفٌ/صِفَةٌ	صِفْ	يَصِفُ	وَصَفَ	বর্ণনা করা

ওয়াদা করা	وَعَدَ	يَعِدُ	عِدْ	وَعْدٌ/مَوعِد	وَاعِدٌ
পৌছানো	وَصَلَ	يَصِلُ	صِلْ	وَصْلٌ/صِلَةٌ	وَاصِلٌ
সহজ হওয়া	يَسِرَ	يَيْسَرُ	اِيْسَرْ	يَسَرٌ/يُسرٌ	يَاسِرٌ
বেড়ে ওঠা	يَفَعَ	يَيْفَعُ	اِيْفَعْ	يَفْعٌ	يَافِعٌ
শুকানো	يَبِسَ	يَيْبَسُ	اِيْبَسْ	يَبْسٌ	يَابِسٌ
আশা ছেড়ে দেওয়া	يَئِسَ	يَيْئَسُ	اِيئَسْ	يَأْسٌ	يَائِسٌ

যে সকল ক্রিয়া মূলের প্রথম অক্ষর و সেগুলোর মাসদার দুরকম। একটাতে و বাদ যাবে এবং ة শেষে আসবে। যেমনঃ

সে বর্ণনা করল	وَصَفَ	وَصْفٌ	صِفَةٌ
সে উপদেশ দিল	وَعَظَ	وَعْظٌ	عِظَةٌ
সে বিশ্বাস করল	وَثِقَ	وَثْقٌ	ثِقَةٌ

খালিদ তার বাবার মৃত্যুর পর উত্তরাধিকারী হবে	سَيَرِثُ خَالِدٌ بَعْدَ مَوْتِ أَبِيْهِ
খাতাটি টেবিলের উপর রাখো	ضَعْ الدَّفْتَرَ عَلَى الْمَكْتَبِ
আশা ছেড়ে দিও না	لَا تَيْأَسْ
আমিনা মক্কা পৌঁছাতে পারে নি	لَمْ تَصِلْ أَمِنَةُ مَكَّةَ
কেউ কারো ওজন বহন করবে না	لَنْ يَزِرَ أَحَدٌ وِزْرَ آخرَ

৭। الْفِعلُ الْأَجْوَفُ আজওয়াফ ক্রিয়া

الْأَجْوَفُ ক্রিয়ার ع কালিমা দুর্বল। অর্থাৎ দ্বিতীয় বর্ণ و বা ي হয়। লিখিত রূপে و এবং ي কে ا (আলিফ) দ্বারা পরিবর্তন করা হয়। যেমনঃ

خَافَ (خَوِفَ)	نَامَ (نَوِمَ)	سَارَ (سَيَرَ)	قَالَ (قَوَلَ)
সে ভয় পেল	সে ঘুমালো	সে হাটলো	সে বলল

এখানে তাঁর ১৪ টি গঠন দেখি,

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
قَالُوْا	قَالاَ	قَالَ	جَاؤُوْا	جَاءَا	جَاءَ	পুং
قُلْنَ**	قَالَتَا	قَالَتْ	جِئْنَ *	جَاءَتَا	جَاءَتْ	স্ত্রী
قُلْتُمْ	قُلْتُمَا	قُلْتَ	جِئْتُمْ	جِئْتُمَا	جِئْتَ	পুং
قُلْتُنَّ	قُلْتُمَا	قُلْتِ	جِئْتُنَّ	جِئْتُمَا	جِئْتِ	স্ত্রী
قُلْنَا		قُلْتُ	جِئْنَا		جِئْتُ	উভয়

*মূলত এটা ছিল جَائْنَ। দুই সুকুনের মিলন রোধে দুর্বলটা বাদ দেওয়া হয়েছে। আর বাব نَصَرَ হলে ف কালিমায় পেশ, নইলে যের। ** মূলত এটা ছিল قَاْلْنَ। দুই সুকুনের মিলন রোধে দুর্বলটা বাদ দেওয়া হয়েছে। আর বাব نَصَرَ হলে ف কালিমায় পেশ, নইলে যের।

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
بَاعُوْا	بَاعَا	بَا عَ	نَامُوْا	نَامَا	نَامَ	পুং
بِعْنَ	بَاعَتَا	بَاعَتْ	نِمْنَ *	نَامَتَا	نَامَتْ	স্ত্রী
بِعْتُمْ	بِعْتُمَا	بِعْتَ	نِمْتُمْ	نِمْتُمَا	نِمْتَ	পুং
بِعْتُنَّ	بِعْتُمَا	بِعْتِ	نِمْتُنَّ	نِمْتُمَا	نِمْتِ	স্ত্রী
بِعْنَا		بِعْتُ	نِمْنَا		نِمْتُ	উভয়

*মূলত এটা ছিল نَامْنَ । দুই সুকুনের মিলন রোধে দুর্বলটা বাদ দেওয়া হয়েছে। আর বাব نَصَرَ হলে ف কালিমায় পেশ, নইলে যের।

নিচে এর অতীত কাল থেকে বর্তমান কালে পরিবর্তন দেখি,

الْمُضَارِعُ	<< পরিবর্তন <<	الْمَاضِي
يَقْوُلُ < يَقُوْلُ	উচ্চারণের সুবিধার জন্য সুকুন ও হারাকাত	قَالَ (قَوَلَ)
يَخْافُ < يَخَافُ	তাদের অবস্থানের বদল করবে। ع কালিমায়	خَافَ (خَوِفَ)
يَسْيِرُ < يَسِيْرُ	و , ي এর হরকত পূর্বের কালিমায় যায়।	سَارَ (سَيَرَ)

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَقُوْلُوْنَ	يَقُوْلَانِ	يَقُوْلُ	يَجِيْئُوْنَ	يَجِيْئَانِ	يَجِيْءُ	পুং

يَقُلْنَ	تَقُوْلَانِ	تَقُوْلُ	يَجِئْنَ	تَجِيْئَانِ	تَجِيْءُ	স্ত্রী
تَقُوْلُوْنَ	تَقُوْلَانِ	تَقُوْلُ	تَجِيْئُوْنَ	تَجِيْئَانِ	تَجِيْءُ	পুং
تَقُلْنَ	تَقُوْلَانِ	تَقُوْلِيْنَ	تَجِئْنَ	تَجِيْئَانِ	تَجِيْئِيْنَ	স্ত্রী
نَقُوْلُ		أَقُوْلُ	نَجِيْءُ		أَجِيْءُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
يَبِيْعُوْنَ	يَبِيْعَانِ	يَبِيْعُ	يَنَامُوْنَ	يَنَامَانِ	يَنَامُ	পুং
يَبِعْنَ	تَبِيْعَانِ	تَبِيْعُ	يَنَمْنَ	تَنَامَانِ	تَنَامُ	স্ত্রী
تَبِيْعُوْنَ	تَبِيْعَانِ	تَبِيْعُ	تَنَامُوْنَ	تَنَامَانِ	تَنَامُ	পুং
تَبِعْنَ	تَبِيْعَانِ	تَبِيْعِيْنَ	تَنَمْنَ	تَنَامَانِ	تَنَامِيْنَ	স্ত্রী
نَبِيْعُ		أَبِيْعُ	نَنَامُ		أَنَامُ	উভয়

الْأَجْوَفُ ক্রিয়ার বর্তমান কাল থেকে আদেশবাচকে পরিবর্তনঃ

أَمْرٌ	<< পরিবর্তন <<	الْمُضَارِعُ
قُوْلْ > قُلْ سِيْرْ > سِرْ خَافْ > خَفْ	এক্ষেত্রে হামজাতুল ওয়াসলি আনতে হয় না যেহেতু হারফু মুদারিয়া বাদ দিলে উচ্চারনে সমস্যা হয় না। আর দুই সাকিনের মিলন রোধ করতে দুর্বল অক্ষরটি উঠে যাবে।	تَقُوْلُ تَسِيْرُ تَخَافُ

নিষেধ نَهْيٌ			আদেশ أَمْرٌ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لَا تَقُوْلُوْا	لَا تَقُوْلَا	لَا تَقُلْ	قُوْلُوْا	قُوْلَا	قُلْ	পুং
لَا تَقُلْنَ	لَا تَقُوْلَا	لَا تَقُوْلِيْ	قُلْنَ	قُوْلَا	قُوْلِيْ	স্ত্রী

নিষেধ نَهْيٌ			আদেশ أَمْرٌ			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
لا تَجِيْئُوْا	لا تَجِيْئَا	لا تَجِئْ	جِيْئُوْا	جِيْئَا	جِئْ	পুং
لا تَجِئْنَ	لا تَجِيْئَا	لا تَجِيْئِيْ	جِئْنَ	جِيْئَا	جِيْئِيْ	স্ত্রী

আজওয়াফ ক্রিয়ার উদাহরণ

اِسْمُ الْفَاعِلِ	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	ক্রিয়া
تَائِبٌ	تَوْبَةٌ/تَوبٌ	تُبْ	يَتُوبُ	تَابَ	তাওবা করা
ذَائِقٌ	ذَوْقٌ/ذَوَاق	ذُقْ	يَذُوقُ	ذَاقَ	স্বাদ নেওয়া
فَائِزٌ	فَوْزٌ	فُزْ	يَفُوزُ	فَازَ	সফল হওয়া
قَائِلٌ	قَوْلٌ/قَولَة	قُلْ	يَقُولُ	قَالَ	বলা
قَائِمٌ	قِيَامٌ، قَوْمَةٌ	قُمْ	يَقُومُ	قَامَ	দাঁড়ানো
كَائِنٌ	كَوْنٌ/كِيانٌ	كُنْ	يَكُونُ	كَانَ	হওয়া
مَائِتٌ	مَوْتٌ	مُتْ	يَمُوتُ	مَاتَ	মরে যাওয়া
خَائِفٌ	خَوْفٌ	خَفْ	يَخَافُ	خَافَ	ভীত হওয়া

كَائِدٌ	كَوْدٌ	كَدْ	يَكَادُ	كَادَ	প্রায় হওয়া
كَائِدٌ	كَيْدٌ	كِدْ	يَكِيدُ	كَادَ	কৌশল করা
زَائِدٌ	زِيَادَةٌ/مزيد	زِدْ	يَزِيدُ	زَادَ	বাড়ানো
بَائِعٌ	بَيْعٌ	بِعْ	يَبِيْعُ	بَاعَ	বিক্রি করা
سَائِرٌ	سَيْرٌ	سِرْ	يَسِيْرُ	سَارَ	হাঁটা
عَائِشٌ	عَيْشٌ/عِيشَة	عِشْ	يَعِيْشُ	عَاشَ	বেঁচে থাকা
غَائِبٌ	غِيَابٌ/غَيب	غِبْ	يَغِيْبُ	غَابَ	অনুপস্থিত থাকা
عَائِذٌ	عِيَاذٌ	عُذْ	يَعُوذُ	عَاذَ	আশ্রয় চাওয়া
زَائِرٌ	زِيَارَةٌ	زُرْ	يَزُوْرُ	زَارَ	পরিদর্শন করা
طَائِفٌ	طَوْفٌ/طواف	طُفْ	يَطُوْفُ	طَافَ	তাওয়াফ করা

১) শব্দসমূহের অতিরিক্ত আলিফের পরে و এবং ء , ي হয়। একারনে قَاوِلٌ> قَائِلٌ

২) (قَوَلَ) قَالَ ক্রিয়া থেকে ইসম মাফউল مَقُوْلٌ এর গঠন ব্যাখ্যাঃ মুতাহাররিক و এবং ي এদুটির পূর্বে সাকিন থাকলে তা স্থান পরিবর্তন করে। একারনে مَقُوْلٌ < مَقْوُلٌ

৩) (بَيَعَ) بَاعَ ক্রিয়া থেকে ইসম মাফুল مَبِيْعٌ এর গঠন ব্যাখ্যাঃ

مَبِيْعٌ	<	مَبِوْعٌ	<	مَبُيْوْعٌ	<	مَبْيُوْعٌ
وْ এর আগে যের হলে তা ي হয়		দুই সাকিনের মিলনে হারফু ইল্লাত বাদ। ইয়া বাদ যাওয়ার প্রভাবে পেশটা যের হয়ে গেছে		হরকত বদল		ইসম মাফুলের সাধারণ গঠন مَفْعُوْلٌ

মেয়েরা ভয় পেয়েছিল	خَافَتِ الْفَتَيَاةُ
আমরা আল্লাহর কাছে শাইত্বান থেকে আশ্রয় চাই	نَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ
ফাতিমা, আল্লাহর কাছে তাওবা করো	تُوْبِي إِلَى اللهِ يَا فَاطِمَةُ
ছাত্রীরা, অনুপস্থিত থেকো না	يَا أَيَّتُهَا الطَّالِبَاتُ لَا تَغِبْنَ

৮। الْفِعْلُ النَّاقِصُ নাকিস ক্রিয়া

النَّاقِصُ ক্রিয়ার ل কালিমা দুর্বল। অর্থাৎ শেষ বর্ণ و বা ي হয়। লিখিত রূপে و কে ا (আলিফ) এবং ي কে ى (আলিফ মাকসুরা) দ্বারা পরিবর্তন করা হয় অথবা ي ই থেকে যায়। যেমনঃ

هَدَى (هَدَيَ)	دَعَا (دَعَوَ)	بَكَى (بَكَيَ)	رَاَى (رَأَيَ)
সে পথ দেখালো	সে ডাকল	সে কাঁদলো	সে দেখল

এখানে তাঁর ১৪ টি গঠন দেখি,

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
مَشَوْا	مَشَيَا	مَشَى	دَعَوْا	دَعَوَا	دَعَا	পুং
مَشَيْنَ	مَشَتَا	مَشَتْ	دَعَوْنَ	دَعَتَا	دَعَتْ	স্ত্রী
مَشَيْتُمْ	مَشَيْتُمَا	مَشَيْتَ	دَعَوْتُمْ	دَعَوْتُمَا	دَعَوْتَ	পুং
مَشَيْتُنَّ	مَشَيْتُمَا	مَشَيْتِ	دَعَوْتُنَّ	دَعَوْتُمَا	دَعَوْتِ	স্ত্রী
مَشَيْنَا		مَشَيْتُ	دَعَوْنَا		دَعَوْتُ	উভয়

লক্ষণীয়ঃ

- ৩য় পুরুষের দ্বিবচনে মূল অক্ষর و ফিরে এসেছে
- ৩য় পুরুষের বহুবচনে ل কালিমা উঠে যায়। যেমনঃ دَعَوُوْا > دَعَوْا
- .দুই সুকুনের মিলন রোধে دَعَاْتْ এর দুর্বল অক্ষরটি উঠে গিয়ে হবে دَعَتْ
- মুতাহাররিক সর্বনাম (نَ، تَ، تُمَا، تُمْ، تِ، تُمَا، تُنَّ، تُ، نَا) গুলোতে ل কালিমা স্বরুপে ফিরে আসে।

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	বহুবচন	দ্বিবচন	একবচন	
رَأَوْا	رَأَيَا	رَأَى	نَسُوْا *	نَسِيَا	نَسِيَ	পুং
رَأَيْنَ	رَأَتَا	رَأَتْ	نَسِيْنَ	نَسِيَتَا	نَسِيَتْ	স্ত্রী
رَأَيْتُمْ	رَأَيْتُمَا	رَأَيْتَ	نَسِيْتُمْ	نَسِيْتُمَا	نَسِيْتَ	পুং
رَأَيْتُنَّ	رَأَيْتُمَا	رَأَيْتِ	نَسِيْتُنَّ	نَسِيْتُمَا	نَسِيْتِ	স্ত্রী
رَأَيْنَا		رَأَيْتُ	نَسِيْنَا		نَسِيْتُ	উভয়

* نَسِيُوْا > نَسِوْا > نَسُوْا

النَّاقِصُ ক্রিয়ার বর্তমান কালে লক্ষ্যণীয়ঃ

মারফুঃ

১. লাম কালিমা (و বা ي) ফিরে আসে এবং লাম কালিমায় পেশের বদলে সুকুন হয়। যেমনঃ

الْمُضَارِعُ	<= **পরিবর্তন** <=	**الْمَاضِي**
يَدْعُوْ	يَدْعُوُ	دَعَا (دَعَوَ)
يَبْكِيْ	يَبْكِيُ	بَكَى (بَكَيَ)
يَنْسَى	يَنْسَيُ	نَسِيَ (نَسِيَ)

এটা তোমাদের জন্য ভালো যে তোমরা দেরি করবে না	هَذَا خَيْرٌ لَكُمْ اَلَّا تَتَأَخَّرُوْا
আল্লাহ সবচেয়ে মহান	اَللّٰهُ أَكْبَرُ
মুহাম্মাদ (স) আল্লাহর রসুল	مُحَمَّدٌ رَسُوْلُ اللّٰهِ

নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল	اِنَّ اللهَ غَفُوْرٌ
আর মানুষ বলবে তার কি হয়েছে?	وَقَالَ الْإِنسَانُ مَا لَهَا
তিনি মানুষ সৃষ্টি করেছেন	خَلَقَ الْإِنسَانَ
নাকি মানুষের জন্য রয়েছে যা সে কামনা করেছে	أَمْ لِلْإِنسَانِ مَا تَمَنَّىٰ
ইব্রাহীম ইহুদী ছিলো না	مَا كَانَ إِبْرَاهِيمُ يَهُودِيًّا
ইব্রাহিমের উপর সালাম	سَلَامٌ عَلَىٰ إِبْرَاهِيمَ
নিশ্চয়ই ইব্রাহীম ধৈর্য্যশীল	إِنَّ إِبْرَاهِيمَ لَحَلِيمٌ
সেইদিন মানুষ তার রবের সামনে দাঁড়াবে	يَوْمَ يَقُومُ النَّاسُ لِرَبِّ الْعَالَمِينَ
মানুষের মালিকের	مَلِكِ النَّاسِ
ছেয়ে যাবে মানুষকে	يَغْشَى النَّاسَ
মুহাম্মাদ (স) আল্লাহর রসুল	مُّحَمَّدٌ رَّسُولُ اللَّهِ
আর ইমান আনো তাতে যা মুহাম্মাদের উপর নাযিল হয়েছে	وَآمَنُوا بِمَا نُزِّلَ عَلَىٰ مُحَمَّدٍ
আর শপথ বায়তুল মামুরের	وَالْبَيْتِ الْمَعْمُورِ
সবচেয়ে দুর্বল ঘর মাকড়শার ঘর	أَوْهَنَ الْبُيُوتِ لَبَيْتُ الْعَنكَبُوتِ
যখন তিনি ঘরটিকে মানুষের মিলনস্থান করলেন	وَإِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً لِّلنَّاسِ

অধ্যায়-২৯ (বিবিধ বিষয়)

১। هَمْزَةُ الْقَطْعِ এবং هَمْزَةُ الْوَصْلِ

আরবীতে কোন কোন শব্দে ا কখনো উচ্চারিত হয় আবার কখনো উচ্চারিত হয় না, এরুপ ا কে هَمْزَةُ الْوَصْلِ বলে। যথা: اللهُ শব্দের ا । আবার কোন কোন শব্দের ا সবসময় উচ্চারিত হয় এরুপ ا কে هَمْزَةُ الْقَطْعِ বলে। هَمْزَةُ الْوَصْلِ তে হরকত থাকে না আর هَمْزَةُ الْقَطْعِ তে হরকত থাকে। নিম্নে এগুলোর কিছু উদাহরণ দেওয়া হলো।

উচ্চারণ	هَمْزَةُ الْوَصْلِ	উচ্চারণ	هَمْزَةُ الْقَطْعِ
হুয়াবনুল মুদাররিসি	هُوَ ابْنُ الْمُدَرِّسِ	মিন আইনা আন্তা?	مِنْ أَيْنَ أَنْتَ؟
বায়তুল্লাহি	بَيْتُ اللهِ	ইলাইহিম	إِلَيْهِمْ
ছুম্মাযহাব	ثُمَّ اذْهَبْ	আসলামা আহমাদু	أَسْلَمَ أَحْمَدُ
মাসমুকা?	مَا اسْمُكَ؟	ইন্নাল ইনসানা	إِنَّ الإِنْسَانَ
নাসারতুম্রআতান	نَصَرْتُ امْرَأَةً	আন আখরুজা	أَنْ أَخْرُجَ
সুম্মাস্তাকবালা	ثُمَّ اسْتَقْبَلَ	বায়তুল আবি	بَيْتُ الْأَبِ
ওয়াসনানি	وَاثْنَانِ	আল্লাহু আকবারু	اللهُ أَكْبَرُ
হুয়াল্লাজি	هُوَ الَّذِي	ওয়া আনা	وَ أَنَا

শব্দের শুরুতে হামজাতুল, ওয়াসলি সর্বদা উচ্চারিত হয়। যেমন اَللّٰهُ أَكْبَرُ (আল্লাহু আকবার)। আবার কখনও কখনও হামজাতুল ওয়াসলিকে লেখার সময়ও বাদ দেওয়া হয় যেমন, بِسْمِ اللّٰهِ এখানে اِسْمٌ এর হামজাতুল ওয়াসলি বাদ দেওয়া হয়েছে।

২। اِلتِقَاءُ السَّاكِنَيْنِ দুই সাকিনের মিলন

পর পর দুটি সাকিন আসলে তাকে উচ্চারণ করা যায় না। সেক্ষেত্রে একটা সাকিন কে বিলুপ্ত করে যথাযথ হারকতের সাহায্য নিয়ে উচ্চারণ করতে হয়। এর কিছু নিয়ম আছে যেমন,

عَنِ الْمُجْرِمِينَ	عَنْ الْمُجْرِمِينَ	ক) সাধারণ নিয়ম হল প্রথম সাকিনের স্থলে যের দিতে হয় ।
شَرِبَتِ الْبَقَرَةُ الْمَاءَ	شَرِبَتْ الْبَقَرَةُ الْمَاءَ	
سَأَلَ بِلاَلٌ (بِلاَلُنِ) ابْنَهُ	سَأَلَ بِلاَلٌ ابْنَهُ	
قُل لِّمَنِ الْأَرْضُ	قُل لِّمَنْ الْأَرْضُ	
أَمَّا مَنِ اسْتَغْنَىٰ	أَمَّا مَنْ اسْتَغْنَىٰ	
وَ عَلَيْكُمُ السَّلَامُ	وَ عَلَيْكُمْ السَّلَامُ	খ) বহুবচনের مْ আসলে مُ হবে। যেমন,
بَلَغَنِيَ الْكِبَرُ	بَلَغَنِيْ الْكِبَرُ	গ) ي মুতাকাল্লিমের পরে الْ আসলে তাতে যবর নেয়।
مِنَ الْبَيْتِ	مِنْ الْبَيْتِ	ঘ) مِنْ এর نْ সর্বদা نَ হবে।
كِتَابَا الْوَلَدِ	كِتَابَاْ الْوَلَدِ	ঙ) اْ এর আগে যবর, وْ এর আগে পেশ এবং يْ এর আগে যের হলে উচ্চারণে يْ وْ اْ বাদ যাবে।
اُدْخُلُوا الْجَنَّةَ	اُدْخُلُوْا الْجَنَّةَ	
فِي الْبَيْتِ	فِيْ الْبَيْتِ	

৩। مُبْتَدَأٌ উদ্দেশ্য ও خَبَرٌ বিধেয়

মুবতাদা ও খবরের কিছু বৈশিষ্ট্য হলঃ

১। মুবতাদা اِسْمٌ বা ضَمِيرٌ বা الْمَصْدَرُ الْمُؤَوَّلُ বা اِسمُ الاستِفْهَامِ হতে পারে।

اللهُ رَبُّنَا	اِسْمٌ
نَحْنُ طُلَّابٌ	ضَمِيرٌ
وَأَنْ تَعْفُوْا أَقْرَبُ لِلتَّقْوَى	الْمَصْدَرُ الْمُؤَوَّلُ
كَيْفَ حَالُكَ؟	الاِسْمُ الإِسْتِفْهَامُ

২। মুবতাদা সাধারণত নির্দিষ্ট কিন্তু তা অনির্দিষ্টও হতে পারে। যেমন নিচের ক্ষেত্রগুলোতে,

تَحْتَ الْمَكْتَبِ سَاعَةٌ	• যদি খবর জার-মাজরুর/ জারফ-মাজরুর হয় এবং তা আগে আসে।
فِيْ الْغُرْفَةِ رَجُلٌ	
مَنْ مَرِيْضٌ؟	• যদি মুবতাদা الاِسْمُ الإِسْتِفْهَامُ হয়।
كَمْ طَالِبًا فِيْ الْفَصْلِ؟	
أَ أَقْرَبٌ فِي الفَصْلِ؟	• প্রশ্নবোধক শব্দের পর
أَإِلَٰهٌ مَّعَ اللَّهِ؟	
كِتَابٌ جَدِيْدٌ عَلَى الْمَكْتَبِ	• মুবতাদা مَنْعُوتٌ হলে
وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةٍ	• মুবতাদা দুয়ার জন্য হলে

• মুদাফ হিসেবে আসলে	قَلَمُ طَالِبٍ مَكْسُوْرٌ
• না বোধকের পর আসলে	مَا ظَالِمٌ نَاجِحًا
• শ্রেণী বোঝাতে	وُجُوهٌ يومَئذٍ خَاشِعَةٌ

৩। নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে খবর আগে আসতে পারে,

• যদি তা اِسْمُ الإِسْتِفْهَامِ হয়,	مَا اسْمُكِ؟
• যদি তা اِسْمُ الإِسْتِفْهَامِ এর পরে আসে,	أَ قَائِمٌ أَنْتَ؟
• যদি জার-মাজরুর/ জারফ-মাজরুর খবর হয় এবং মুবতাদা অনির্দিষ্ট হয় (মুদাফ, মানউত ব্যতীত)	أَمَامَ الْبَيْتِ شَجَرَةٌ
• যদি জার-মাজরুর/ জারফ-মাজরুর খবর হয় এবং মুবতাদা নির্দিষ্ট হয়।	فِي التَّأَنِي السَّلَامَةُ أَمَامَ القَاضِي قَائِلُ الْحَقِّ

৪। মুবতাদা বা খবর উঠে যায়। যেমনঃ مَا اِسْمُكَ؟ এর জবাবে কেবল مُحَمَّدٌ ব্যবহৃত হয়।

৫। মুবতাদা ও খবর স্থান বদল করতে পারে।

عَجِيْبٌ هٰذَا > هَذا عَجِيْبٌ	أأَنْتَ مُدَرِّسٌ؟ > أَ مُدَرِّسٌ أَنْتَ؟

আরও কিছু বিষয়ঃ

- هَلْ لَدَيْكَ سُؤَالٌ তোমার কোন প্রশ্ন আছে ? এখানে هَلْ হল হারফুল ইসতিফহাম। এর ব্যাকরণগত কোন অবস্থান নাই। لَدَيْكَ হল খবর এবং سُؤَالٌ হল মুবতাদা।

- حَرْفُ হল فَ এখানে আমি কি যাব নাকি পাঠে উপস্থিত হব? أَفَأَذْهَبُ أَمْ أَحْضُرُ الدَّرْسَ؟

  عَطْفٍ এটা أَ এর পরে আসে কারন এর আগে কিছু আসে না। তবে هَلْ হলে فَ আগে আসত।

  যেমনঃ فَهَلْ أَذْهَبُ؟ সুতরাং আমি কি যাব ?
- প্রশ্নবোধক বাক্যে মুবতাদা ও খবর স্থান বদল হবে না। যেমন مَنْ مَرِيْضٌ؟ কিন্তু

  مَرِيْضٌ مَنْ؟ হবে না।
- একাধিক খবর হতে পারে। যেমনঃ الرُّمَّانُ حُلْوٌ حَامِضٌ

৪। الْكَلِمَاتُ الْمَبْنِيَّةُ মাবনী

যে সকল ইসমের শেষ বর্ণের হরকত পরিবর্তন হয় তাকে مُعرَبٌ বলে। যেমন ইতোমধ্যে আমরা দেখেছি যে مُحَمَّدٌ শব্দটির শেষে মারফু অবস্থায় পেশ, মানসুব অবস্থায় যবর আর মাজরুর অবস্থায় যের হয়। অন্যদিকে যে সকল ইসমের শেষ বর্ণের হরকত পরিবর্তন হয় না তাদেরকে مَبْنِيٌّ বলে। মোট সাত প্রকার ইসম মাবনী।

ব্যতিক্রম	উদাহরণ	প্রকার	
هَذَانِ ، هَاتَانِ	هٰذَا، ذٰلِكَ، أُولٰئِكَ	أَسْمَاءُ الإِشَارَةِ	১
	مَا، مَنْ، أَينَ ، مَتَى	أَسْمَاءُ الإِسْتِفْهَامِ	২
	هُوَ ، هُمَا ، هُمْ	ضَمِيْرٌ	৩
الَّذَانِ ، الَّتَانِ	الَّذِي، الَّتِي ، الَّذِيْنَ	الاِسْمُ الْمَوْصُولُ	৪
	إِذَا ، الآنَ ، أَمْسِ	بَعْضُ الظُّرُوفِ	৫
	أُفٍّ، آهِ ، آمِيْنْ	أَسْمَاءُ الأَفْعَالِ	৬

إِثْنَا عَشَرَ، إِثْنَتَا عَشْرَةَ	أَحَدَ عَشَرَ، إِحْدَى عَشْرَةَ	العَدَدُ الْمُرَكَّبَةُ	৭

الْكَلِمَاتُ الْمَبْنِيَّةُ এর উদাহরণ

مَجْرُوْرٌ	مَنْصُوْبٌ	مَرْفُوْعٌ
فِي هٰذَا البَيْتِ	سَمِعْتُ هٰذَا	هٰذَا بَيْتٌ
এই বাড়িটিতে	আমি এটা শুনেছি	এটা একটি বাড়ি
لِمَنْ هٰذَا الْقَلَمُ؟	ضَرَبَ مَنْ هُوَ؟	مَنْ هُوَ؟
এই কলমটি কার?	সে কাকে মেরেছিল?	সে কে?
لَهُ بَيْتٌ كَبِيْرٌ	أَنَا أَعْرِفُهُ	هُوَ طَبِيْبٌ
তার একটি বড় বাড়ি আছে	আমি তাকে চিনি	সে একজন ডাক্তার

এছাড়াও যখন দুটি ইসম মিলে একটা ইসমের ন্যায় কাজ করে যেমন لَيْلَ نَهَارَ দিন-রাত, صَبَاحَ مَسَاءَ সকাল সন্ধ্যা। এগুলো মাবনি।

আমি দিন রাত কাজ করি	أَعْمَلُ لَيْلَ نَهَارَ
আমরা সকাল সন্ধ্যা আল্লাহর ইবাদাত করি	نَعْبُدُ اللهَ صَبَاحَ مَسَاءَ

৫। مَمْنُوعٌ مِنَ الصَّرْفِ আংশিক পরিবর্তনশীল ইসম

কিছু শব্দ আছে যারা تَنْوِيْنٌ গ্রহন করে না এবং مَجْرُوْرٌ অবস্থায় যের এর বদলে যবর গ্রহন করে। আরবীতে এদেরকে الْمَمْنُوعُ مِنَ الصَّرْفِ বলে। যেমনঃ

এই বইটি হামজার	هٰذَا الْكِتَابُ لِحَمْزَةَ
হামিদ লন্ডনে গেল	حَامِدٌ ذَهَبَ إِلَى لَنْدَنَ
উসমানের কলমটি লাল	قَلَمُ عُثْمَانَ أَحْمَرُ

এদের বৈশিষ্ট্যগুলো নিম্নরুপঃ

স্ত্রীবাচক নাম	مَرِيَمُ، زَيْنَبُ، آمِنَةُ ইত্যাদি। কিন্তু যে সকল নাম তিন অক্ষর বিশিষ্ট এবং মধ্যের অক্ষরে সুকুন সেগুলো দ্বিত্ব বা ত্রিত্ব উভয়ই হতে পারে। যদিও ত্রিত্ব হিসেবে ব্যবহারই উত্তম। যেমন هِنْدٌ، دَعْدٌ، رِيْمٌ
অনারব পুরুষের নাম	بَاكِسْتَانُ، وِلْيَامُ، إِبْرَاهِيْمُ ইত্যাদি। কিন্তু যেসকল নাম তিন অক্ষর বিশিষ্ট এবং মধ্যের অক্ষরে সুকুন তারা ত্রিত্ব। যেমন لُوْطٌ ، نُوْحٌ
শেষে ة বিশিষ্ট পুরুষবাচক আরবী নাম	طَلحَةُ، أُسَامَةُ، حَمْزَةُ ইত্যাদি।
فُعَلُ গঠনের পুরুষবাচক আরবী নাম	عُمَرُ، زُفَرُ، زُحَلُ، هُبَلُ ইত্যাদি।
নামের শেষে اَنُ	رَمْضَانُ، مَرْوَانُ، شَعْبَانُ، عُثْمَانُ কিন্তু فَعَّالٌ গঠনের হলে দ্বিত্ব নয়। যেমন حَسَّانٌ
فَعْلاَنُ গঠনের বিশেষণ	مَلْآنُ، عَطْشَانُ، شَبْعَانُ، جَوْعَانُ
ক্রিয়ার ন্যায় গঠন	যেমন, أَجْمَلُ، أَحْمَدُ যা أَذْهَبُ এর মত এবং يَزِيْدُ যা يَبِيْعُ এর মত
أَفْعَلُ গঠনের বিশেষণ যা ة যোগে স্ত্রীবাচক হয় না	أَحْمَرُ (حَمْرَاءُ) ، أَكْبَرُ (كُبْرَى) কিন্তু أَرْمَلٌ দ্বিত্ব নয় কারণ তার স্ত্রীবাচক أَرْمَلَةٌ
مَفَاعِلُ , مَفَاعِيْلُ	حَدَاءِقُ، مَدَارِسُ، مَسَاجِدُ، مَنَادِيْلُ، فَنَادِقُ، أَنَامِلُ،

أَفْعِلَاءُ , فُعَلَاءُ ইত্যাদি গঠনের বহুবচন	سَلَاسِلُ
শেষে أَلِفُ التَّانِيْثِ বা স্ত্রীবাচক আলিফ।	ক) আলিফ মাকসুরাঃ مَرْضٰى، دُنْيَا، حُبْلَى، هَدَايَا، فَتَاوَى কিন্তু যে আলিফ তৃতীয় অক্ষর সেগুলো দ্বিত্ব নয়। যেমন عَصًا، رَحًى، فَتًى খ) আলিফ মামদুদাঃ أَغْنِيَاءُ، حَمْرَاءُ، صَحْرَاءُ، فُقَرَاءُ، أَصْدِقَاءُ কিন্তু أَفْعَالٌ গঠনের হলে দ্বিত্ব হবে না। যেমন أَنْحَاءٌ، أَلْآءٌ , أَبْنَاءٌ، أَسْمَاءٌ،

দ্বিত্বগুলো الْ বিশিষ্ট বা مُضَافٌ হলে ত্রিত্ব হয়ে যায়

লাল জামা পড়া ঐ বালকটি কে ?	مَنْ ذٰلِكَ الْوَلَدُ ذُوْ الْقَمِيْصِ الْأَحْمَرِ
হামিদ ক্ষুধার্ত বালকটিকে খাইয়েছিল	حَامِدٌ أَطْعَمَ الْوَلَدَ الْجَوْعَانَ
সে সবচেয়ে বড় বাড়িটিতে আছে	هُوَ فِي الْبَيْتِ الْأَكْبَرِ
আমি মদীনার স্কুলগুলোতে পড়িয়েছিলাম	دَرَّسْتُ فِي مَدَارِسِ الْمَدِيْنَةِ
সে সবচেয়ে ভালো ছাত্রদের একজন	هُوَ مِنْ أَحْسَنِ الطُّلَّابِ
আমি সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতর অবয়বে।	لَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ فِي أَحْسَنِ تَقْوِيمٍ

৬। اَلأَسْمَاءُ الْخَمْسَةُ পাঁচটি বিশেষ বিশেষ্য

পাঁচটি বিশেষ বিশেষ্য এমন যে যখন এরা মুদাফ হিসেবে আসে তখন ,মারফু অবস্থায় و মানসুব অবস্থায় ا

এবং মাজরুর অবস্থায় ي যোগ হয়। এগুলো হলো,

ذُوْ	فَمٌ	حَمٌ	أَخٌ	أَبٌ
ওয়ালা	মুখ	শ্বশুর	ভাই	পিতা

নিচে এদের বিভক্তি খেয়ায়ল করি,

তোমার আব্বা কেমন আছেন ?	كَيْفَ أَبُوْكَ؟	মারফূ
আমি বেলালের আব্বাকে চিনি	أَعْرِفُ أَبَا بِلَالٍ	মানসূব
বেলালের বাবার দিকে গিয়েছিলাম	ذَهَبْتُ إِلَى أَبِيْ بِلَالٍ	মাজরূর

তবে মুদাফ ইলাইহি "ইয়া মুতাকাল্লিম" হলে কিছু যোগ হয় না।

আমার আব্বা কোথায় গিয়েছিল ?	أَيْنَ ذَهَبَ أَبِيْ؟	মারফূ
তুমি কি আমার ভাইকে চেন?	أَتَعْرِفُ أَخِيْ؟	মানসূব
আমার ভাইয়ের থেকে ঠিকানাটা নাও	خُذِالْعُنْوَانَ مِنْ أَخِيْ	মাজরূর

৭। الْمَنْقُوْصُ মানকুস

ইসমের শেষ বর্ণ ي এর পূর্বে যের থাকলে তা বিলুপ্ত হয়। এধরনের ইসমকে মানকুস বলে। যেমনঃ

قَاضِيٌّ > قَاضٍ বিচারক। একইভাবে مَعَانِيٌّ > مَعَانٍ অর্থ। যখন মানকুছ নির্দিষ্ট , মানসুব অথবা

মুদাফ হয় তখন ي ফিরে আসে।

বিচারক উকিলকে অপরাধী সম্পর্কে জিজ্ঞাসা করল	سَأَلَ الْقَاضِيْ الْمُحَامِيَ عَنِ الْجَانِيْ	নির্দিষ্ট
আমি একজন বিচারককে জিজ্ঞাসা করেছিলাম	سَأَلْتُ قَاضِيًا	মানসুব
মক্কার বিচারক এসেছিলো	جَاءَ قَاضِيْ مَكَّةَ	মুদাফ

কিছু শব্দের বিভক্তি মানকুসের বিভক্তির ন্যায়

নির্দিষ্ট	বহুবচন	একবচন	
اَلْمَعَانِي	مَعَانٍ	مَعْنَى	অর্থ
اَلْجَوَارِي	جَوَارٍ	جَارِيَةٌ	মেয়ে
اَللَّيَالِي	لَيَالٍ	لَيْلَةٌ	রাত
اَلنَّوَادِي	نَادٍ	نَوَادٍ	ক্লাব

৮৷ ضَمِيْرُ الْفَصْلِ পৃথকীকরণ সর্বনাম

আমরা যদি বলি "এই সেই লোক" তাহলে আরবিতে তা হবে هَذَا هُوَ الرَّجُلُ

এরাই সেই অপরাধীরা	هَؤُلَاءِ هُمُ الْمُجْرِمُوْنَ
এই সেই গাড়িটি	هَذِهِ هِيَ السَّيَّارَةُ
খেলোয়াড়টি হল হামিদ	حَامِدٌ هُوَ الَّاعِبُ
এবং তারাই যারা সফলকাম	وَ أُولَئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ

ওটাই হল বিরাট সফলতা	ذٰلِكَ هُوَ الْفَوْزُ العَظِيْم
কে প্রকাশ্য পথ-ভ্রষ্টতায় আছে।	مَنْ هُوَ فِي ضَلَالٍ مُّبِيْنٍ
তারাই কাফের পাপিষ্ঠের দল	أُولٰئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ
তারাই সত্যনিষ্ঠ	أُولٰئِكَ هُمُ الصَّادِقُوْنَ
এই সেই মহিলা যে তোমাকে খাদ্য দেয়	هٰذِهِ هِيَ الْمَرْأَةُ أَلَّتِيْ تُعْطِيْكَ الطَّعَامَ
এই সেই মাস যে মাসে কুরআন নাযিল হয়েছিলো	هٰذَا هُوَ الشَّهْرُ الَّذِيْ أُنْزِلَ فِيْهِ الْقُرْآنُ
ওটা সেই জায়গা যেখানে তুমি জন্মেছিলে	ذٰلِكَ هُوَ الْمَكَانُ الَّذِيْ وُلِدْتَ فِيْهِ

কিছু ব্যতিক্রমও আছে। যেমনঃ

সেই কিতাব যাতে কোন সন্দেহ নাই	ذٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيْهِ
ওটা বিরাট সফলতা	ذٰلِكَ الفَوْزُ الْعَظِيْمُ

৯। اَلاِخْتِصَاصُ বা সর্বনামকে নির্দিষ্ট করণ

সর্বনামকে মাঝে মাঝে কিছু শব্দ দ্বারা সুনির্দিষ্ট করতে হয়। যেমনঃ نَحْنُ الطُّلَّابَ। এই ঘটনাকে বলা হয় اَلإِخْتِصَاصُ। এক্ষেত্রে সর্বনামের পরের ইসমটি মানসুব। কারন তা প্রচ্ছন্নভাবে أَخُصُّ এর মাফউলুন বিহি। [خَصَّ অর্থ সে নির্দিষ্ট করল]

আমরা মুসলিমরা শুকরের গোশ্ত খাই না	نَحْنُ الْمُسْلِمِيْنَ لَا نَأْكُلُ لَحْمَ الخِنْزِيْرِ
আমরা ছাত্ররা রাস্তায় খেলি না	نَحْنُ الطُّلَّابَ لَا نَلْعَبُ فِيْ الشَّارِعِ

তোমরা জ্ঞানানুসান্ধানকারীরা লাইব্রেরীতে যাও	أَنْتُمْ طُلَّابَ الْعِلْمِ ذَاهِبُوْنَ إِلَى الْمَكْتَبِ
আমরা এই ছাত্রীরা ভারত থেকে	نَحْنُ هٰؤُلاءِ الطَّالِبَاتِ مِنَ الْهِنْدِ

১০। মুক্ত সর্বনামগুলোর মানসুব অবস্থা

সাধারণত মুক্ত সর্বনামগুলো মারফু অবস্থায় থাকে। কিন্তু নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে এগুলো মানসুব হয়।

১) যদি ক্রিয়ার পূর্বে মাফুলুন বিহি হিসেবে বসে। যেমনঃ

نَعْبُدُكَ থেকে إِيَّاكَ نَعْبُدُ আমরা শুধু তোমারই ইবাদত করি। [আমরা نَعْبُدُ كَ বলতে পারি না ,

কারণ كَ হচ্ছে সংযুক্ত সর্বনাম] । অনুরূপভাবে, وَإِيَّايَ فَارْهَبُوْنَ এবং কেবল আমাকেই ভয় কর।

২) যদি তা একটি সংযোগকারী অব্যয় এবং إِلَّا এর পরে আসে। যেমন

وَهُ হবে না	رَأَيْتُكَ وَ إِيَّاهُ
وَ أَنْتَ হবে না	إِنِّي وَ إِيَّاكَ نَاجِحَانِ
তুমি তাকে ছাড়া কারও ইবাদাত করো না	لَا تَعْبُدُ إِلَّا إِيَّاهُ
কেবল তোমাকেই প্রশ্ন করেছিলাম	مَا سَأَلْتُ إِلَّا إِيَّاكَ
আমরা তোমাকে ছাড়া কারও ইবাদাত করি না	لَا نَعْبُدُ إِلَّا إِيَّاكَ
তোমাকে ছাড়া কাউকে বিশ্বাস করি না	لَا أُؤْمِنُ إِلَّا إِيَّاكَ
সে ছাড়া এই গ্রামে আর কোন ডাক্তার নাই	مَا فِيْ هٰذِهِ الْقَرْيَةِ طَبِيْبٌ إِلَّا إِيَّاهُ
তুমি ছাড়া আমার আর কেউ নাই	مَا لِيْ أَحَدٌ إِلَّا أَنْتَ

৩) যদি তা সংযুক্ত সর্বনামের পরে আসে যা মানসুব হিসাবে আছে। যেমন ؟ أَيْنَ مَجَلَّةُ الْمُدِيْرِ

হেডমাস্টারের ম্যাগাজিনটি কোথায়? এই প্রশ্নের উত্তরে বলা যায়,

সেটাতো তোমাকে এবং তাকেই দিয়েছিলাম	أَعْطَيْتُكَ وَ إِيَّاهُ / أَعْطَيْتُكَهُ
সেটাতো তাকে দিয়েছিলাম	أَعْطَيْتُهُ إِيَّاهَا

৪) كَانَ এর খবর সর্বনাম হলে তা যুক্ত বা মুক্ত উভয় অবস্থায় আসতে পারে। যেমন,

لاَ، مَا أُرِيْدُ أَنْ أَكُوْنَهُ / أَكُوْنَ إِيَّاهُ	أَتُرِيْدُ أَنْ تَكُوْنَ قَاضِيًا؟
না, আমি তা হতে চাই না	তুমি কি চাও যে তুমি বিচারক হবে?

১১। التَّصغِيرُ ক্ষুদ্রতর অর্থে ইসম

ক্ষুদ্রার্থে ব্যবহারের জন্য ইসমের সামান্য কিছু পরিবর্তন হয়। এর তিনটি গঠন আছে। যেমনঃ فُعَيْلٌ ،
فُعَيْعِلٌ، فُعَيْعِيْلٌ

ভালো -ভালো	حَسَنٌ – حُسَيْنٌ	فُعَيْلٌ
খাল - নদী	نَهْرٌ – نُهَيْرٌ	
বুকলেট - বই	كِتَابٌ – كُتَيْبٌ	
ছোট দাস – দাস	عَبْدٌ – عُبَيْدٌ	
ছোট দিরহাম-দিরহাম	دِرْهَمٌ–دُرَيْهِمٌ	فُعَيْعِلٌ
বুকলেট-বই	كِتَابٌ–كُتَيِّبٌ	
ছোট কাপ-কাপ	فِنْجَانٌ–فُنَيْجِيْنٌ	فُعَيْعِيْلٌ

১৪। لَا النَّافِيَّةُ لِلْجِنْسِ সমষ্টিগতভাবে না বোঝাতে

কোনকিছুর না বোধককে ব্যাপকভাবে বোঝাতে لَا ব্যবহৃত হয়। এটা ঐ জাতীয় সমস্ত কিছুকে অস্বীকার করে। এরপর ইসম মানসুব হয় এবং আল বা তানয়ীন হয় না।

আমার কাছে কোন বইই নেই	لَا كِتَابَ عِنْدِي
দ্বীনের মধ্যে কোন প্রকার জবরদস্তি নেই	لَا اِكْرَاهَ فِي الدِّيْنِ
তাতে কোন ধরণের সন্দেহ নেই	لَا رَيْبَ فِيْهِ
আল্লাহ ছাড়া কোন ইলাহই নেই	لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ
আল্লাহর অবাধ্যতায় কোন আনুগত্য নাই	لَا طَاعَةَ فِي مَعْصِيَةِ اللّٰهِ

উল্লেখ্যঃ

১) لَا এর পর ইসম নির্দিষ্ট হলে তা আর মানসুব করবে না। সেক্ষেত্রে দুইবার لَا আসবে। যেমন,

না যায়েদ আলিম না খালিদ	لَازَيْدٌ عَالِمٌ وَ لَا خَالِدٌ

২) ইসমটি لَا এর পরপর না আসলে মানসুব হবে না। এবং দুইবার আসবে।

ঘরটিতে না আছে বাতি না পাখা	لَا فِي الغُرْفَةِ مِصْبَاحٌ وَ لَا مِرْوَحَةٌ

লক্ষ্যনীয়ঃ

لَا النَّافِيَّةُ	لَا النَّافِيَّةُ لِلْجِنْسِ
لَا كِتَابٌ ثَمِينٌ	لَا كِتَابَ ثَمِينٌ

একটি বই দামী নয়	কোন বইই দামী নয়
لَا طَالِبٌ فِيْ الفَصْلِ	لَا طَالِبَ فِيْ الفَصْلِ
ক্লাসে একজন ছাত্র নাই	ক্লাসে কোন ছাত্র/ছাত্রী/একজন/দুইজন নাই

১৫। لَامُ الجُحُوْدِ অস্বীকার করার না

নাবাচক مَا ,لَمْ ইত্যাদির পর كَانَ ক্রিয়ার সাথে لِ আসলে তাকে لَامُ النَّفْيِ বা لَامُ الجُحُوْدِ বলে।

এর পরে اَنْ অব্যয়টি বাধ্যতামূলকভাবে উহ্য থাকে। যেমন:

আল্লাহ তায়ালা এমন নন যে তাদের আযাব দিবেন	مَا كَانَ اللهُ لِيُعَذِّبَهُمْ
মুমিন এমন হয় না যে মিথ্যা বলে	مَا كَانَ المؤْمِنُ لِيَكْذِبَ
আমি এমন নই যে মিথ্যা বলব	مَا كُنْتُ لِأَكْذِبَ

১৬। بَدَلٌ এর প্রকারভেদ

বাদাল মোট চার প্রকার।

তোমার ভাই হাশিম পাশ করেছে	نَجَحَ أَخُوْكَ هَاشِمٌ	পূর্ণ বাদল
আমাদেরকে সরল পথ দেখাও। সে সমস্ত লোকের পথ, যাদেরকে তুমি নেয়ামত দান করেছ।	اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ	
আমি খেয়েছি মুরগীটির অর্ধেক	أَكَلْتُ الدَّجَاجَةَ نِصْفَهَا	আংশিক বাদল

আমি বইটি পছন্দ করি তার স্টাইল	أَعْجَبَنِيْ هٰذا الْكِتَابُ أُسْلُوْبُهُ	বর্ণনামূলক বাদল
আমাকে বইটি দাও ,খাতাটি	أَعْطِنِيْ الْكِتَابَ الدَّفْتَرَ	ভুল সংশোধনের বাদল

بَدَلٌ এবং مُبْدَلٌ এর চার অবস্থা

উভয়ই ইসম	يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيْهِ
উভয়ই ফে'ল	وَمَن يَفْعَلْ ذَٰلِكَ يَلْقَ أَثَامًا يُضَاعَفْ لَهُ الْعَذَابُ
উভয়ই বাক্য	وَاتَّقُوا الَّذِي أَمَدَّكُم بِمَا تَعْلَمُونَ أَمَدَّكُم بِأَنْعَامٍ وَبَنِينٍ
বাদল বাক্য, মুবদাল ইসম	أَفَلَا يَنظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتْ

১৭। نَعْتٌ এর প্রকারভেদ

আমরা এর আগে এক শব্দের বিশেষণ দেখেছি। কিন্তু জার মাজরুর বা জারফ কিংবা একটা পূর্ন বাক্যও কোন একটি শব্দের نَعْتٌ হতে পারে। এক্ষেত্রে মানউত অনির্দিষ্ট হয়।

অন্য সব আওয়াজের উপর সত্যের আওয়াজ	لِلْحَقِّ صَوْتٌ فَوْقَ كُلِّ صَوْتٍ
আল্লাহর ঘর নিরাপত্তার শহরে	بَيتُ اللهِ فِي بَلَدِ الأَمْنِ
এটা এমন একটা কাজ যা উপকারে আসে	هٰذَا عَمَلٌ يَنْفَعُ
একটি দিন অতিবাহিত হয়েছে যার গরম তীব্র	مَضَى يَوْمٌ حَرُّهُ شَدِيْدٌ
আমি একটা জাহাজ দেখেছিলাম যা ডুবছিল	نَظَرْتُ إِلَى سَفِيْنَةٍ تَغْرَقُ
এবং যে ইলম উপকার করে না তা থেকে আল্লাহর কাছে আশ্রয় চাও	وَتَعَوَّذُوا بِاللهِ مِنْ عِلْمٍ لاَ يَنْفَعُ

এবং তিনি তোমাদের জান্নাতে দাখিল করবেন, যার পাদদেশে নদী প্রবাহিত	وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ

১৮। النَّعْتُ السَّبَبِيُّ নিমিত্তবাচক বিশেষণ

একজনের গুনের কারনে অন্যজন গুনান্বিত হলে النَّعْتُ السَّبَبِيُّ বলে। যেমনঃ

এটা একটা রেস্টুরেন্ট যার খাবার সুস্বাদু	هَذَا مَطْعَمٌ لَذِيذٌ طَعَامُهُ
এই দুই ভাই যাদের বাবা দয়ালু	هَذانِ وَلَدانِ كَرِيمٌ أَبُوهُما
আমি সেই দেশকে ভালোবাসি যার প্রশাসক ন্যায়পরায়ণ	أُحِبُّ الْبَلَدَ الْعادِلَ حاكِمُهُ
সেই লোকটি এসেছিলো যার ভাই ভদ্র	جَاءَ الرَّجُلُ الْفَاضِلُ أَخُوهُ
একটি লোক এসেছে যার পুত্র একজন আলিম	جَاء رَجُلٌ عِالِمٌ وَلَدُهُ
এই একজন যুবতী যার বইগুলো এলোমেলো	هذه فتاةٌ ممزّقٌ كتابُها

প্রথম বাক্যে বিশেষণ “সুস্বাদু” আসলে রেস্টুরেন্টের গুন নয় বরং খাবারের গুন। তেমনিভাবে দ্বিতীয় বাক্যে “দয়ালু” দেশের গুন নয় বরং অধিবাসীর গুন। النَّعْتُ السَّبَبِيُّ এর ক্ষেত্রে কয়েকটি বিষয় লক্ষ্যণীয়ঃ

ক) النَّعْتُ السَّبَبِيُّ তার পূর্ববর্তী ইসমের বিভক্তি ও নির্দিষ্টতা গ্রহণ করে কিন্তু লিঙ্গ তার পরবর্তী ইসমকে অনুসরণ করে এবং সর্বদা একবচন হয়।

খ) النَّعْتُ السَّبَبِيُّ এর পরবর্তী ইসমটি সর্বদা মারফু এবং তার সাথে একটি সর্বনাম বিদ্যমান যার লিঙ্গ ও বচন পুর্ববর্তী ইসমকে অনুসরণ করে।

১৯। اَلْمَنْسُوْبُ সম্পৃক্ত বিশেষ্য

বিশেষ্যের গুনকে বলা হয় বিশেষ্যের বিশেষণ বা সম্পৃক্ত বিশেষ্য। যেমন পিতা থেকে পিতৃসূলভ, মাতা থেকে মাতৃসুলভ ইত্যাদি। সাধারণ নিয়ম হলো শেষে يٌّ নিয়ে এসে তার পূর্বে যের বসানো। তবে এর আরও কিছু নিয়ম আছে। যেমন,

১) ৩/4 অক্ষরের ইসমের শেষে ى থাকলে তা و তে পরিণত হয়। যেমন, عِيسَى < عِيسَوِيٌّ

২) ৫ অক্ষরের ইসমের শেষের ى বাদ যাবে। যেমন, مُصْطَفَى < مُصْطَفِيٌّ

৩) ইসমের শেষে ي থাকলে অতিরিক্ত ي লাগবে না। যেমন, شَافِعِيٌّ < شَافِعِيٌّ

৪) ইসমের শেষে ة থাকলে তা বাদ যাবে। যেমন, مَكَّةُ < مَكِّيٌّ

৫) فَعِيْلَةٌ গঠনের ইসমের শেষে ي ও ة থাকলে তা বাদ যাবে। যেমন, مَدِيْنَةٌ < مَدَنِيٌّ

৬) فَعِيْلٌ গঠনের ইসমের শেষে ي থাকলে তা প্রথমে و তে পরিনত হবে এবং এর পুর্বে যবর হবে। যেমন, عَلِيٌّ < عَلَوِيٌّ

৭) কিছু বিশেষ নিয়মে হয়। যেমন, نُوْرٌ < نُورَانِيٌّ

মানসুবগুলোর আরও কিছু উদাহরণ হলঃ

বিশেষ্যের বিশেষণ		বিশেষ্য		বিশেষ্যের বিশেষণ		বিশেষ্য	
نَبَوِيٌّ	নবী সুলভ	نَبِيٌّ	নবী	هِنْدِيٌّ	হিন্দুস্থানী	اَلْهِنْدُ	হিন্দ
رُجُولِيٌّ	পুরুষসূলভ	رَجُلٌ	পুরুষ	أَمْرِيْكِيٌّ	আমেরিকান	أَمْرِيْكَا	আমেরিকা

نِسْوِيٌّ	নারী সূলভ	نِسَاءٌ	নারী	سُوْرِيٌّ	সিরিয়ান	سُوْرِيَا	সিরিয়া
طُفُولِيٌّ	শিশুসুলভ	طِفْلٌ	শিশু	أَخَوِيٌّ	ভাইসুলভ	أَخٌ	ভাই
رِيفِيٌّ	গ্রামীণ	رِيْفٌ	গ্রাম	أَبَوِيٌّ	পিতৃসুলভ	أَبٌ	পিতা
				أُمُومِيٌّ	মাতৃসূলভ	أُمٌّ	মা

উদাহরণ

তুমি কি একজন হিন্দুস্থানী?	هَلْ هِنْدِيٌّ أَنْتَ؟
না আমি একজন তুর্কি	لَا، أَنَا تُرْكِيٌّ
আমি এটা পড়েছিলাম নববী হাদিস শরীফে	قَرَأْتُ هٰذَا فِي الْحَدِيثِ النَّبَوِيِّ الشَّرِيفِ
এই আয়াতটি কি মাক্কী?	هَلْ هٰذِهِ الْآيَةُ مَكِّيَّةٌ؟
না, এই আয়াতটি মাদানী	لَا، هٰذِهِ الْآيَةُ مَدَنِيَّةٌ

২০। الفاءُ السَّبَبِيَّةُ কারণ বাচক فَ

অনেক সময় فَ অব্যয়টি একথা বুঝায় যে, পূর্ববর্তি ফেয়েলটি হচ্ছে পরবর্তী ফেলের কারন, বা পরবর্তী ফেলটি হচ্ছে পূর্ববর্তী ফেলের ফল। যেমন,

তুমি চেষ্টা করোনি যে তুমি সফল হবে	لم تَجْتَهِدْ فَتَنْجَحَ
তাদের মৃত্যুর আদেশ দেয়া হবেনা যে তারা মারা যাবে	لَا يُقْضَى عَلَيْهِمْ فَيَمُوْتُوْا

২১। أَفْعَالُ الشُّرُوْعِ শুরু করার ক্রিয়া

শুরু করা অর্থে أَخَذَ , جَعَلَ , طَفِقَ ইত্যাদি ব্যবহৃত হয়। এরপর ইসম ও খবর আসে এবং এগুলোতে ক্রিয়ার বর্তমান /ভবিষ্যত রূপ বসে।

বিলাল লিখতে শুরু করল	طَفِقَ بِلَالٌ يَكْتُبُ
বেলাল পাঠটি ব্যাখ্যা করতে শুরু করল	أَخَذَ بِلَالٌ يَشْرَحُ الْدَّرْسَ
আমি খেতে আরম্ভ করলাম	جَعَلْتُ آكُلُ
অতঃপর সে তাদের পা ও গলদেশ ছেদন করতে শুরু করল	فَطَفِقَ مَسْحًا بِالسُّوقِ وَالْأَعْنَاقِ
বালকটি কাঁদতে শুরু করলো	طَفِقَ الْوَلَدُ يَبْكِيْ
আমিনা গাইতে আরম্ভ করলো	جَعَلَتْ آمِنَةُ تُغَنِّي
খেলোয়াড়রা ছুটতে শুরু করলো	أَخَذَ اللَّاعِبُوْنَ يَسْعَونَ
ইমাম কুরআন পড়তে শুরু করলো	طَفِقَ الْإِمَامُ يَقْرَأُ الْقُرْآنَ
আমরা রচনাটি লিখতে শুরু করলাম	جَعَلْنَا نَكْتُبُ الإِنْشَاءَ
তারা চোরটিকে মারতে শুরু করল	طَفِقُوْا يَضْرِبُونَ السَّارِقَ

২২। أَفعَالُ الْمَدْحِ والذَمِّ প্রশংসা ও ঘৃনা প্রকাশক ক্রিয়া

প্রশংসার জন্য شَرُفَ ، حَسُنَ ، نِعْمَ এবং দোষারোপের জন্য كَبُرَ ، ضَعُفَ ، سَاءَ ، بِئْسَ ইত্যাদি ক্রিয়া ব্যবহৃত হয়।

অর্থ	স্ত্রী	পুরুষ	অর্থ	স্ত্রী	পুরুষ
কত নিকৃষ্ট হলো!	بِئْسَتْ	بِئْسَ	কত ভালো হলো!	نِعْمَتْ	نِعْمَ
কত দুর্বল হলো!	ضَعُفَتْ	ضَعُفَ	কত উত্তম হলো!	حَسُنَتْ	حَسُنَ
কত ঘৃণিত হলো!	كَبُرَتْ	كَبُرَ	কত মর্যাদাবান হলো!	شَرُفَتْ	شَرُفَ
			কত খারাপ হলো!	سَاءَتْ	سَاءَ

২৩। عَلامَاتُ الإِعْرَابِ বিভক্তির আলামত

ইরাব বা বিভক্তির আলামতগুলো কখনও ظَاهِرَةٌ প্রকাশ্য ও কখনও تَقْدِيْرِيٌّ গুপ্ত। প্রকাশ্য আলামতগুলো আবার দুই প্রকার। মুখ্য ও গৌন আলামত। আমরা ইতোপূর্বে বিভিন্ন সময় এগুলো দেখেছি। এখানে এগুলো চার্ট হিসেবে উপস্থাপিত হলো।

ظَاهِرَةٌ				
প্রকাশ্য যা নিদর্শন দেখে বোঝা যায়				
فَرعِيةٌ গৌন আলামত		أَصْلِيةٌ মুখ্য আলামত		
مسلمُونَ، أَبوك	و	محمدٌ	ُ	مرفوع
مسلمِينَ، أباك، مسلماتٍ	ي، ا، ِ	محمدًا	َ	منصوب
مسلمِينَ، أبيك، ، فِرعونَ	ي ، َ	محمَّدٍ	ِ	مجرور

تَقْدِيْرِيٌّ		
গুপ্ত আলামত যার কোন নিদর্শন নাই। বাক্যে অবস্থান দেখে বুঝতে হয়		
هٰذا العَصَا لِي	مقصور	مرفوع
جَاء القَاضِي	منقُوص	
قَلَمِي جَمِيلٌ	مضاف إِلَى ياءِ متكلم	
وضَعْتُ العَصَا هُنَا	مقصور	منصوب
هَلْ رَأيتَ قَلَمِي	مضاف إِلَى ياءِ متكلم	
ضربَ بِالعَصَا	مقصور	مجرور
بَيتُ القَاضِي قَرِيبٌ	منقُوص	
جَانبَ قَلَمِي كِتابُك	مضاف إِلَى ياءِ متكلم	

২৪। দ্বিবচনের কয়েকটি নিয়ম

- শেষে ى ،ا থাকলে তা মূল অক্ষরে পরিনত হবে। যেমন,

অর্থ	**الْمُثَنَّى**	**الْمُفْرَدُ**
লাঠি	عَصَوَانِ	عَصًا (عصو)
চাকা	رَحَيَانِ	رَحًى (رحي)
গর্ভবতী	حُبلَيَانِ	حُبْلَى (حبلي)

- শেষে اء থাকলে ء যদি মৌলিক হয় তবে ء থাকবে। আর স্ত্রীবাচক হলে و তে পরিনত হবে। যেমন,
-

অর্থ	الْمُثَنَّى	الْمُفْرَدُ
পাঠক	قَرَّاءَانِ	قَرَّاءٌ
লাল	حَمْرَاوَانِ	حَمْرَاءُ

২৫। বহুবচনের কয়েকটি নিয়ম

নিচের শব্দগুলোর স্ত্রীবাচক সুগঠিত বহুবচন হয়,

- অনেক মাসদার বা ক্রিয়া বিশেষ্যের

تَنْظِيْمَاتٍ	تَنْظِيْمَاتٌ	تَنْظِيْمٌ
বিন্যাসগুলোর/ বিন্যাসগুলোকে	বিন্যাসগুলো	বিন্যাস
تَطْبِيقَاتٍ	تَطْبِيقاتٌ	تَطْبِيقٌ
অনুশীলনগুলোর/অনুশীলনগুলোকে	অনুশীলনগুলো	অনুশীলন
إِصْلَاحاتٍ	إِصْلَاحاتٌ	إِصْلَاحٌ
সংশোধন	সংশোধন	সংশোধন
إِكْرَامَاتٍ	إِكْرَامَاتٌ	إِكْرَامٌ
সম্মান	সম্মান	সম্মান

- স্ত্রীবাচক নামের

زَيْنَبَاتٍ	زَيْنَبَاتٌ	زَيْنَبُ
যায়নাবদের/যায়নাবদেরকে	যায়নাবরা	একজন যায়নাব

- অনেক সামায়ী স্ত্রীবাচক শব্দের

حَمَّامَاتٍ	حَمَّامَاتٌ	حَمَّامٌ
গোসলখানাগুলোর/গোসলখানাগুলোকে	গোসলখানাগুলো	একটি গোসলখানা
سِجِّيلَاتٍ	سِجِّيلَاتٌ	سِجِّيلٌ
পাথর খন্ডগুলোর /পাথর খন্ডগুলোকে	পাথর খন্ডগুলো	পাথর খন্ড

- স্ত্রীবাচক শব্দ যার শেষে আলিফ থাকে

هُدَيَاتٍ	هُدَيَاتٌ	هُدًى
গাইডলাগুলোর/ গাইডলাইগুলোকে	গাইডলাইনগুলো	একটি গাইডলাইন
صَحْرَاوَاتٍ	صَحْرَاوَاتٌ	صَحْرَاءُ
মরুভূমিগুলোর/মরুভূমিগুলোকে	মরুভূমিগুলো	একটি মরুভূমি

- তাসগির বা ছোট অর্থের ইসমগুলোতে

نُهَيْرَاتٍ	نُهَيْرَاتٌ	نُهَيْرٌ
ছোট নদীগুলোর/ছোট নদীগুলোকে	ছোট নদীগুলো	একটি ছোট নদী
جُبَيلَاتٍ	جُبَيلَاتٌ	جُبَيلٌ
ছোট পাহাড়গুলোকে	ছোট পাহাড়গুলো	ছোট পাহাড়

২৬। جَمْعُ الجَمْعِ বহুবচনের বহুবচন

কিছু বহুবচনের আবার বহুবচন রয়েছে। এদের আর বহুবচন হয় না। যেমন,

বহুবচনের বহুবচন	বহুবচন	একবচন
পথসমূহ طُرُقَاتٌ	পথসমূহ طُرُقٌ	পথ طَرِيْقٌ
স্থানসমূহ أَمَاكِنُ	স্থানসমূহ أَمْكِنَةٌ	স্থান مَكَانٌ
চুড়িসমূহ أَسَاوِرُ	চুড়িসমূহ أَسْوِرَةٌ	চুড়ি سِوَارٌ
বাড়িগুলো بُيُوْتَاتٌ	বাড়িগুলো بُيُوْتٌ	বাড়ি بَيْتٌ

কুরানীয় উদাহরণঃ

তাদের যখন বলা হত, আল্লাহ ব্যতীত কোন উপাস্য নেই, তখন তারা ঔদ্ধত্য প্রদর্শন করত।	إِنَّهُمْ كَانُوا إِذَا قِيلَ لَهُمْ لَا إِلَٰهَ إِلَّا اللَّهُ يَسْتَكْبِرُونَ
এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই। পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য,	ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيهِ هُدًى لِّلْمُتَّقِينَ
আর তোমাদের উপাস্য একইমাত্র উপাস্য। তিনি ছাড়া মহা করুণাময় দয়ালু কেউ নেই।	وَإِلَٰهُكُمْ إِلَٰهٌ وَاحِدٌ لَّا إِلَٰهَ إِلَّا هُوَ الرَّحْمَٰنُ الرَّحِيمُ
আল্লাহ ছাড়া অন্য কোন উপাস্য নেই, তিনি জীবিত, সবকিছুর ধারক।	اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ
এসব মাসে যে লোক হজ্জের পরিপূর্ণ নিয়ত করবে, তার পক্ষে স্ত্রীও সাথে নিরাভরণ হওয়া জায়েজ নয়। না অশোভন কোন কাজ করা, না ঝাগড়া-বিবাদ করা হজ্জের সেই সময় জায়েজ নয়।	فَمَن فَرَضَ فِيهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ وَلَا فُسُوقَ وَلَا جِدَالَ فِي الْحَجِّ ۗ
তারা বলল, তুমি পবিত্র! আমরা কোন কিছুই জানি না, তবে তুমি যা আমাদিগকে শিখিয়েছ	قَالُوا سُبْحَانَكَ لَا عِلْمَ لَنَا إِلَّا مَا

	عَلَّمْتَنَا ۖ
(কিতাব) অনারব ভাষায় (আর রসূল) আর আরবী ভাষী?	أَأَعْجَمِيٌّ وَعَرَبِيٌّ
এবং এ কোরআন পরিষ্কার আরবী ভাষায়	وَهَٰذَا لِسَانٌ عَرَبِيٌّ مُّبِينٌ
কতই না উত্তম বন্ধু এবং কতই না চমৎকার সাহায্যকারী	نِعْمَ الْمَوْلَىٰ وَنِعْمَ النَّصِيرُ
যারা কাজ করে তাদের জন্য কতইনা চমৎকার প্রতিদান	وَنِعْمَ أَجْرُ الْعَامِلِينَ
কত নিকৃষ্ট পানীয় এবং খুবই মন্দ আশ্রয়	بِئْسَ الشَّرَابُ وَسَاءَتْ مُرْتَفَقًا
কত মন্দ এই বন্ধু এবং কত মন্দ এই সঙ্গী	لَبِئْسَ الْمَوْلَىٰ وَلَبِئْسَ الْعَشِيرُ
অবস্থানস্থল ও বাসস্থান হিসেবে তা কত উত্তম	حَسُنَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا
আর বন্ধু হিসেবে তারা কত না উত্তম!	وَحَسُنَ أُولَٰئِكَ رَفِيقًا
বসবাস ও অবস্থানস্থল হিসেবে তা কত নিকৃষ্ট জায়গা	إِنَّهَا سَاءَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا
কত দুর্বল প্রার্থনাকারী ও যার কাছে প্রার্থনা করা হয়!	ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوبُ
তোমরা যা কর না, তা বলা আল্লাহর কাছে খুবই অসন্তোষজনক	كَبُرَ مَقْتًا عِندَ اللَّهِ أَن تَقُولُوا مَا لَا تَفْعَلُونَ
কত কঠিন কথা তাদের মুখ থেকে বের হয়!	كَبُرَتْ كَلِمَةً تَخْرُجُ مِنْ أَفْوَاهِهِمْ

২৭। جَمْعُ الْقِلَّةِ এবং جَمْعُ الْكَثْرَةِ

তিন থেকে নয় পর্যন্ত সংখ্যক বহুবচনকে جَمْعُ الْقِلَّةِ বলে। এর চারটি গঠন আছে।

অর্থ	বহুবচন	একবচন	গঠন
কুকুর	أَكْلُبٌ	كَلْبٌ	أَفْعُلٌ
কথা	أَقْوَالٌ	قَولٌ	أفْعَالٌ
সাহায্য	أعْوِنَةٌ	عَوْنٌ	أفْعِلَةٌ
চাকর	غِلْمَةٌ	غُلَامٌ	فِعْلَةٌ

অন্যদিকে দশ বা দশের অধিক সংখ্যক বহুবচনকে جَمْعُ الْكَثْرَةِ বলে। এর অনেক গঠন রয়েছে। এরমধ্যে কয়েকটি এখানে দেওয়া হলো।

অর্থ	বহুবচন	একবচন	গঠন
লোক	رِجَالٌ	رَجُلٌ	**فِعَالٌ**
চোখ	عُيُونٌ	عَيْنٌ	**فُعُوْلٌ**
জ্ঞানী	حُكَماءُ	حَكِيْمٌ	**فُعَلَاءُ**
রসূল	رُسُلٌ	رَسُوْلٌ	**فُعُلٌ**
নবী	أَنْبِيَاءُ	نَبِيٌّ	**أَفْعِلَاءُ**
রুম	غُرَفٌ	غُرْفَةٌ	**فُعَلٌ**
লেখক	كُتَّابٌ	كَاتِبٌ	**فُعَّالٌ**

এছাড়া ال যুক্ত হলে সুগঠিত বহুবচনগুলো জামউ কাসরা হয়। আবার কিছু কিছু শব্দের সুগঠিত ও ভঙ্গুর উভয় ধরনের বহুবচন রয়েছে।

ছাত্র	طُلَّابٌ	طَالِبُوْنَ	طَالِبٌ
জ্ঞানী	عُلَمَاءُ	عالِمُونَ	عالمٌ
লেখক	كُتَّابٌ	كاتِبونَ	كاتبٌ
কর্মী	عَوَامِلُ	عاملون	عامل
ইবাদতকারী	عَوابِدُ/عبَّادٌ/عَبِيدٌ	عابدون	عابدٌ

২৮। শব্দের শুরুতে, মধ্যে এবং শেষে আলিফ এর রুপ

শব্দের শুরুতে ও মধ্যে আলিফ সর্বদা ا রুপেই বসে। তবে শেষে বসার ক্ষেত্রে ইসম, ফেল ও হারফের নিজ নিজ নিয়ম আছে। মনে রাখতে হবে যে শব্দের শেষের প্রকাশ্য আলিফ মূলত و কিংবা ي

<table>
<tr><th colspan="3">ইসমের ক্ষেত্রেঃ</th></tr>
<tr><th>মাবনী</th><th colspan="2">মু'রাব</th></tr>
<tr><td></td><td>তিন অক্ষরের ইসম</td><td>তিনোর্ধ অক্ষরের ইসম</td></tr>
<tr><td>মাবনী ইসমের ক্ষেত্রে أَلَى ، أَنَّى ، مَتَى ، لَدَى، أُوْلَى এই পাঁচটি ছাড়া সকল ক্ষেত্রে ا লেখা হয়। যেমনঃ أَنَا، هٰذَا</td><td>و থেকে উদ্ভূত হলে ا যেমনঃ عصَا
এবং ي থেকে উদ্ভূত হলে ى যেমনঃ هُدًى</td><td>১) জাতিবাচক নামের শেষে আলিফের পুর্বে ي হলে ا হবে যেমনঃ دُنْيَا আর আলিফের পুর্বে ي না হলে ى হবে। যেমনঃ مُشْتَشْفَى । তবে নামবাচক বিশেষ্যে আলিফের পুর্বে ي</td></tr>
</table>

		হলেও ى হবে। যেমনঃ يَحْيَ ২) অনারব নামে সর্বদা ا হবে যেমনঃ أَمْرِيْكَا ، فَرَنْسَا তবে مُوْسَى كِسْرَى ، عِيْسَى ইত্যাদি ব্যতিক্রম।

ফে'লের ক্ষেত্রে	
তিন অক্ষরের ফে'ল	তিনোর্ধ অক্ষরের ফে'ল
আলিফটি و থেকে উদ্ভূত হলে ا আর ي থেকে উদ্ভূত হলে ى যেমনঃ دَعَا عَفَا، مَشَى মনে রাখার জন্য, শব্দের মধ্যে و বা ء থাকলে শেষে ى হয় যেমনঃ جَوَى، وَقَى، شَأَى، بَأَى	তিনোর্ধ অক্ষরের ক্ষেত্রে শেষ আলিফের পুর্বে ي হলে ا হবে যেমনঃ أَحْيَا আর না হলে ى হবে। যেমনঃ اِنْتَهَى

হারফের ক্ষেত্রে
لَا، أَلَّا، كَلَّا، عَدَا এই চারটি ব্যতিত সকল হারফে ا হবে। যেমনঃ إِلَى، عَلَى، حَتَّى، بَلَى

আলিফ মাকসুরা ى এর পরে মানসুব বা মাজরুর অবস্থায় ضَمِيْرٌ আসলে তা 'ا' হয়ে যায়।

আমি তার অর্থ জানি না	لَا أَدْرِي مَعْنَاهُ	مَعْنَى + هُ = مَعْنَاهُ
সে সেটা ইস্ত্রী করল	كَوَاهُ	كَوَى + هُ = كَوَاهُ
বুখারি তা বর্ণনা করল	رَوَاهُ الْبُخَارِي	رَوَى + هُ = رَوَاهُ

২৯। শব্দের শুরুতে, মধ্যে এবং শেষে ء এর চেয়ার

ব্যতিক্রম	নিয়ম	ء এর অবস্থান
	শব্দের শুরুতে ء সর্বদা আলিফকে চেয়ার হিসেবে গ্রহন করে। যেমনঃ إ ، أ যবর আর পেশের ক্ষেত্রে উপরে আর যেরের ক্ষেত্রে নিচে বসে।	শব্দের শুরুতে
	১) ءِ এর পূর্বে যাই থাকুক না কেন তার চেয়ার হবে ي যেমনঃ سُئِلَ	শব্দের মধ্যে
وْ এবং يْ	২) ءُ এর পূর্বে যাই থাকুক না কেন তার চেয়ার হবে و যেমনঃ لَؤُمٌ ، رُؤُسٌ، تَلْؤُمٌ ، خَلطَاؤُهُ	
وْ এবং يْ	৩) ءَ এর পূর্বে, যবর/সাকিন হলে ا , যের হলে ي, পেশ হলে و চেয়ার হিসেবে আসে। যেমনঃ رَأَيْتَ، تَسْأَلُوْنَ، سَيِّئَةٌ، فُؤَادٌ	
	৪) ءْ এর পূর্বে, যবর হলে ا, যের হলে ي, পেশ হলে و চেয়ার হিসেবে আসে। যেমনঃ رَأْسٌ، بِئْسٌ، مُؤْمِنٌ	
	৫) ءَ / ءُ এর পূর্বে يْ হলে তার চেয়ার হবে ي যেমনঃ مَجِيْئُهَا ، مَلِيْئَةٌআর পূর্বে اْ ، وْ، وّ হলে চেয়ার ছাড়া। যেমনঃ يَتَسَاءَلُ تَوْءَمٌ، بَوَّءَهُمْ، يَسُوْءُهُمْ،	
	১) যবর এর পরে হলে ا, যের এর পরে হলে ي, পেশ এর পরে হলে و চেয়ার হিসেবে আসে। যেমনঃ قَرَأَ ، شَاطِئٌ، بِجُرُؤٌ	শব্দের শেষে
	২) সুকুন এর পরে আসলে চেয়ার ছাড়া। যেমনঃ شَيْءٌ، سَمَاءٌ، مَاءٌ	

অধ্যায়-৩০ (বিবিধ শব্দের ব্যবহার)

১। كَانَ এর ব্যবহার

كَانَ হল সহায়ক ক্রিয়া (auxiliary verb) যার অর্থ "ছিল" বা "হলো" । এটা নামবাচক বাক্যে ব্যবহৃত হয়ে ইসমকে মারফু এবং খবরকে মানসুব করে। তখন মুবতাদাকে বলা হয় اِسْمُ كَانَ ও খবরকে বলা হয় خَبَرُ كَانَ । যেমনঃ كَانَ حَامِدٌ حَاضِرًا 'হামিদ উপস্থিত ছিল' বা হামিদ উপস্থিত হলো। এখানে حَامِدٌ হল اِسْمُ كَانَ এবং حَاضِرًا হল خَبَرُ كَانَ

আর كَان এর পূর্বে তার ইসম উল্লেখ থাকলে তাহলে كَانَ তার পরের ইসমকে মানসুব করবে।
حَامِدٌ كَانَ مَرِيْضًا

كَانَ এরপর খবর না থাকলে শুধু اِسْمٌ কে মারফু করবে। তখন একে كَانَ تَامَّة বলা হয়। এক্ষেত্রে ইসমু কানাকে ফায়েল বলা হবে। যেমন, كَانَ الْمَطَرُ 'বৃষ্টি হয়েছে। এখানে الْمطرُ হল فاعل

كَانَ অতিরিক্ত অবস্থায় আসলে মানসুব করবে না। যেমন, إِنَّ مِنْ أفضَلِهم كَانَ حامِدٌ ।

এছাড়া কখনো অস্থায়ী আবার কখনো স্থায়ী অর্থ দেয়, যেমন,

লোকটি দন্ডায়মান ছিলো	كَانَ الرَّجُلُ قَائِمًا
আল্লাহ সর্বোজ্ঞ ও পরম সহিষ্ণু	كان اللهُ عَليمًا حَكِيمًا

كَانَ এর রূপ কর্তার পরিবর্তনের সাথে বদলায়ঃ

كَانُوْا	هُمْ	كَانَا	هُما	كَانَ	هُوَ
كُنَّ	هُنَّ	كَانَتَا	هُما	كَانَتْ	هِيَ
كُنْتُمْ	أَنْتُمْ	كُنْتُمَا	أَنْتُما	كُنْتَ	أَنْتَ
كُنْتُنَّ	أَنْتُنَّ	كُنْتُمَا	أَنْتُما	كُنْتِ	أَنْتِ
كُنَّا	نَحْن			كُنْتُ	أَنَا

কিছু উদাহরণঃ

অর্থ	আরবী
হামিদ অসুস্থ ছিলো	كَانَ حَامِدٌ مَرِيْضًا
তোমরা উৎফুল্ল ছিলে	كُنْتُمْ فَارِحِيْنَ
আয়িশা মেধাবী ছিলো	كَانَتْ عَائِشَةُ ذَكِيَّةً
ডাক্তারগণ ভালো ছিলো	الأَطِبَّاءُ كَانُوا صَالِحِيْنَ
তোমরা দুজন খুশি ছিলে না	مَا كُنْتُمَا فَارِحَيْنِ
তারা অপরাধী ছিলো	كَانُوا مُجْرِمِيْنَ
মেয়েটি খারাপ ছিলো না	مَا كَانَتِ الفَتَاةُ فَاسِدَةً

نَكُنْ ,أَكُنْ ,تَكُنْ ,يَكُنْ এই চারটি মাজ্জুম এর نْ উঠে গিয়ে نَكُ ,أَكُ ,تَكُ ,يَكُ হতে পারে

এবং পুর্বে আমি তোমাকে সৃষ্টি করেছি অথচ তুমি কিছুই ছিলে না	وَقَدْ خَلَقْتُكَ مِنْ قَبْلُ وَلَمْ تَكُ شَيْئًا
তারা বলল, আমরা মুসল্লি ছিলাম না	قَالُوْا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّيْنَ
অতঃপর যদি তারা তাওবা করত সেটা তাদের জন্য কল্যানকর হত	فَإِنْ يَتُوْبُوْا يَكُ خَيْرًا لَهُمْ

كَانَ এর বোনঃ

সকালে লোকটি মুমিন হল	أَصْبَحَ الرَّجُلُ مُؤْمِنًا	সে হল, সে সকালে হল	أَصْبَحَ
হে আল্লহর বান্দারা তোমরা ভোরের সালাত আদায় করো	أَضْحُوا عِبَادَ اللهِ صَلَاةَ الضُّحٰى	দুপুরে হল	أَضْحَى
সন্ধ্যায় লোকটি মুমিন হল	أَمْسَى الرَّجُلُ مُؤْمِنًا	সে হল, সে সন্ধ্যায় হল	أَمْسَى
অতঃপর সারাদিন এদেরকেই নিষ্ঠার সাথে আঁকড়ে থাকি।	فَنَظَلُّ لَهَا عَاكِفِينَ	দিনে হল	ظَلَّ
এবং যারা রাত্রি যাপন করে পালনকর্তার উদ্দেশ্যে সেজদাবনত হয়ে ও দন্ডায়মান হয়ে	وَالَّذِينَ يَبِيتُونَ لِرَبِّهِمْ سُجَّدًا وَقِيَامًا	রাতে হল	بَاتَ
হামিদ অসুস্থ নয়	لَيْسَ حَامِدٌ مَرِيْضًا	নয়, not	لَيْسَ
লোকেরা এখনও আশাবাদী	مَا زَالَ الشَّعْبُ مُتَفَائِلاً	এখনও শেষ নয়, still not	مَا زَالَ
হামিদ এখনও অসুস্থ	لَا يَزَالُ حَامِدٌ مَرِيْضًا	এখনও, still	لَا يَزَالُ
বালকটি যুবক হয়ে গেছে	صَارَ الوَلَدُ شَابًّا	হওয়া, to be	صَارَ
যতক্ষণ লোকটি মিথ্যা বলছে আমি কিচ্ছু শুনব না	مَادَامَ الرَّجُلُ يَكْذِبُ مَا أَسْمَعُ شَيْئًا	যতক্ষণ, as long as	مَادَامَ

أَصْبَحَ لَيْسَ ও مَادَامَ ছাড়া অন্যান্য ফেল নাকিসগুলো مَاضِي, مُضَارِعٌ, أَمْرٌ, نَهْيٌ হয়। এছাড়া أمسى، أَضْحَى، ظَلَّ ইত্যাদি কখনো কেবল“ হলো ”অর্থেও ব্যবহৃত হয়। যেমনঃ

অতঃপর তোমরা তার অনুগ্রহে ভাই ভাই হয়ে গেলে।	فَأَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ إِخْوَانًا

২। لَيْسَ এর ব্যবহার

لَيْسَ হল সহায়ক ক্রিয়া যার অর্থ "নয়" ইংরেজিতে "not"। এটা নামবাচক বাক্যে ব্যবহৃত হয়। যেমনঃ لَيْسَ حَامِدٌ بِمُدَرِّسٍ 'হামিদ শিক্ষক নয়'। এখানে حَامِدٌ হল اِسْمُ لَيْسَ এবং بِمُدَرِّسٍ হল خَبَرُ لَيْسَ। لَيْسَ এর পর সাধারণত بِ যোগ হয়। এর বর্তমান কালের রুপ নাই।

না বাচক	হ্যাঁ বাচক
لَيْسَ الْقَلَمُ بِمَكْسُوْرٍ	اَلْقَلَمُ مَكْسُورٌ
কলমটি ভাঙ্গা নয়	কলমটি ভাঙ্গা
لَيْسَ الْكِتَابُ بِجَدِيْدٍ	اَلْكِتَابُ جَدِيدٌ
বইটি নতুন নয়	বইটি নতুন
لَيْسَ لِيْ أَخٌ	لِيْ أَخٌ
আমার কোন ভাই নাই	আমার এক ভাই আছে

তবে لَيْسَ এর পরে حَرْفُ جَرٍّ থাকলে بِ যোগ হয় না যেমন

তাদের হেদায়েত তোমার উপর নয় বরং আল্লাহ যাকে চান হেদায়েত দেন	لَّيْسَ عَلَيْكَ هُدَاهُمْ وَلَكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ
সিদ্ধান্তের কোন কিছুই তোমার নয়	لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ
সে আমাদের অন্তর্ভুক্ত নয় যে গোত্রবাদের দিকে আহবান করে	لَيْسَ مِنَّا مَنْ دَعَا إِلَى عَصَبِيَّةٍ

لَيْسَ এর রূপ কর্তার পরিবর্তনের সাথে বদলায়ঃ

لَيْسُوْا	هُمْ	لَيْسَا	هُما	لَيْسَ	هُوَ
لَسْنَ	هُنَّ	لَيْسَتَا	هُما	لَيْسَتْ	هِيَ
لَسْتُمْ	أَنْتُمْ	لَسْتُمَا	أَنْتُما	لَسْتَ	أَنْتَ
لَسْتُنَّ	أَنْتُنَّ	لَسْتُمَا	أَنْتُما	لَسْتِ	أَنْتِ
لَسْنَا	نَحْنُ			لَسْتُ	أَنَا

৪। عَسَى এর ব্যবহার

عَسَى দুটি অর্থে ব্যবহৃত হয়। ক) আশা এবং খ) আশঙ্কা। এর পরে অসমাপিকা ক্রিয়া অর্থাৎ (أَنْ + مُضَارِع مَنْصُوبٌ) ব্যবহৃত হয়।

আশা করা যায় আল্লাহ তাদের উপর ক্ষমাপরায়ণ হবেন।	عَسَى اللّٰهُ أَنْ يَتُوْبَ عَلَيْهِمْ	আশা অর্থে
তোমরা যা পছন্দ কর না এমন হতেই পারে যে, তা তোমাদের পক্ষে কল্যাণকর	وَ عَسَى أَنْ تَكْرَهُوْا شَيْئًا وَ هُوَ خَيْرٌ لَكُمْ	
আশা করি এই বছর বিবাহ করব	عَسَيْتُ أَنْ أَتَزَوَّجَ هٰذَا الْعَامَ	
হয়ত বা আপনার পালনকর্তা আপনাকে মাকামে মাহমুদে পৌঁছাবেন।	عَسَىٰ أَن يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا	
এমনও হতে পারে যে, তোমরা যা পছন্দ কর তা তোমাদের জন্য অকল্যাণকর	وَعَسَىٰ أَن تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَّكُمْ	আশংকা অর্থে
পক্ষান্তরে তোমাদের কাছে হয়তো কোন একটা বিষয় পছন্দসই নয়, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর।	وَعَسَىٰ أَن تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَّكُمْ	

عَسَى দুর্বল ক্রিয়া বা পূর্ণ ক্রিয়া উভয় হিসাবেই ব্যবহৃত হয়।

اَلْفِعْلُ التَّامُ সরল ক্রিয়া বা পূর্ণ ক্রিয়া	الفِعْلُ النَّاقِصُ দুর্বল ক্রিয়া
عَسَى أَنْ يَهْدِيَنِ رَبِّي আশা করছি যে আমার রব আমাকে পথ দেখাবেন।	عَسَى اللّٰهُ أَنْ يَتُوْبَ عَلَيْهِمْ আশা করা যায় আল্লাহ তাদের উপর ক্ষমাপরায়ণ হবেন।

৫। ذُوْ এর ব্যবহার

ذُوْ অর্থ "অধিকারী/বিশিষ্ট/ওয়ালা"। এটা খবর বা নাত হিসেবে ব্যবহৃত হয়। ذُوْ হল মুদাফ সুতরাং এর পরবর্তী ইসমটি হবে মুদাফ ইলাইহি।

অর্থ	উদাহরণ	ذُوْ এর অবস্থা
বেলাল জ্ঞানের অধিকারী	بِلَالٌ ذُوْ عِلْمٍ	خَبَرٌ
এই ছাত্রটি চরিত্রবান	هٰذَا الطَّالِبُ ذُوْ خُلُقٍ	خَبَرٌ
মিনার সহ মসজিদটি বড়	اَلْمَسْجِدُ ذُو الْمَنَارَةِ كَبِيْرٌ	نَعْتٌ
আমাদের মহল্লায় মিনারসহ একটি মসজিদ আছে	فِيْ حَيِّنَا مَسْجِدٌ ذُوْ مَنَارَةٍ	نَعْتٌ
আল্লাহ বিশ্ববাসীর উপর করুনাশীল	اَللّٰهُ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ	خَبَرٌ
আমি দাড়ি ওয়ালা লোকটিকে চিনি	أَعْرِفُ الرَّجُلَ ذَا اللِّحْيَةِ	نَعْتٌ

লক্ষ্যণীয়ঃ ذُوْ যখন নির্দিষ্ট اِسْمٌ এর نَعْتٌ হিসেবে আসে তখন মুদফ ইলাহীতে الْ যোগ হয়। এটা এ কারনে যে, মুদফ হওয়ার দরুন ذُوْ এর সাথে الْ হতে পারেনা।

যেমন الْمَسْجِدُ ذُوْ الْمَنَارَةِ كَبِيْرٌ বাক্যে الْمَسْجِدُ নির্দিষ্ট হওয়াতে মুদাফ ইলাইহি الْ বিশিষ্ট হয়েছে الْمَنَارَةِ

একজন দাড়ি ওয়ালা লোক	رَجُلٌ ذُوْ لِحْيَةٍ
দাড়ি ওয়ালা লোকটি	الرَّجُلُ ذُوْ اللِّحْيَةِ
এই দাড়ি ওয়ালা লোকটি	هٰذَا الرَّجُلُ ذُوْ اللِّحْيَةِ
এই লোকটি দাড়ি ওয়ালা	هٰذَا الرَّجُلُ ذُوْ لِحْيَةٍ

ذُوْ এর রুপ তার দ্বারা নির্দেশিত ইসমটির বচন, লিঙ্গ ও বিভক্তি অনুযায়ী পরিবর্তিত হয়।

বহুবচন	একবচন		
الطُّلَّابُ ذَوُوْ الْعِلْمِ ذَهَبُوْا أَمْسِ জ্ঞানী ছাত্ররা গতকাল গিয়েছিল	الطَّالِبُ ذُوْ خُلُقٍ ছাত্রটি চরিত্রবান	মারফু	পুরুষ
رَأَيْتُ الطُّلَّابَ ذَوِيْ العِلْمِ জ্ঞানী ছাত্রদেরকে দেখেছিলাম	أعْرِفُ الطَّالِبَ ذَا النَّظَّارَةِ চশমা পড়া ছাত্রটিকে আমি চিনি	মানসুব	
ذَهَبْتُ مَعَ طُلَّابٍ ذَوِيْ خُلُقٍ চরিত্রবান ছাত্রদের সাথে গিয়েছিলাম	ذَهَبْتُ إِلَى رَجُلٍ ذِيْ مَالٍ সম্পদশালী এক লোকের কাছে গিয়েছিলাম	মাজরুর	
هَؤُلَاءِ الطَّالِبَاتُ ذَوَاتُ عِلْمٍ এই ছাত্রীগন জ্ঞানী	الطَّالِبَةُ ذَاتُ خُلُقٍ ছাত্রীটি চরিত্রবান	মারফু	

أعْرِفُ طَالِبَاتٍ ذَوَاتَ خُلُقٍ আমি চরিত্রবান ছাত্রীদেরকে চিনি	أعْرِفُ طَالِبَةً ذَاتَ خُلُقٍ আমি একজন চরিত্রবান ছাত্রীকে চিনি	মানসুব	স্ত্রী
ذَهَبْتُ مَعَ طَالِبَاتٍ ذَوَاتِ خُلُقٍ চরিত্রবান ছাত্রীদের সাথে গিয়েছিলাম	ذَهَبْتُ مَعَ الطَّالِبَةِ ذَاتِ العِلْمِ জ্ঞানী ছাত্রীটির সাথে গিয়েছিলাম	মাজরুর	

৬। اَلْ এর বিভিন্ন ব্যবহার

ইতিপূর্বে আমরা অনির্দিষ্টকে নির্দিষ্ট করতে اَلْ এর ব্যবহার দেখেছি। একে বলা হয় لَامُ التَّعْرِيْفِ এটা কয়েক প্রকার হয়। যেমন,

নারী ও সন্তানাদি থেকে	مِنَ ٱلنِّسَاءِ وَٱلْبَنِينَ	নির্দিষ্ট শ্রেণী	ال الْجِنْسِيَّة
সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহর	الحَمْدُ لِلَّهِ رَبِّ ٱلْعَالَمِينَ	একটা নির্দিষ্ট শ্রেণীর সকলকে বোঝাতে	ال الْإِسْتِغْرَاقِية
প্রেরণ করেছিলাম ফেরাউনের কাছে একজন রসূল। অতঃপর ফেরাউন সেই রসূলকে অমান্য করল	أَرْسَلْنَا إِلَىٰ فِرْعَوْنَ رَسُولًا فَعَصَىٰ فِرْعَوْنُ الرَّسُولَ	নির্দিষ্ট অর্থে যখন তা বাক্যে পূর্বে উল্লেখ থাকে	ال العَهْدِية الخَارِجِيَّة
মুসলিমরা ভাই ভাই	الْمُؤْمِنُونَ إِخْوَةٌ	নির্দিষ্ট অর্থে যখন তা বাক্যে পূর্বে উল্লেখ থাকে না	ال العَهْدِية الجِهْنِيَّة
এবং মদীনাবাসী থেকে	وَمِنْ أَهْلِ الْمَدِينَةِ	অতিরিক্ত হিসেবে	ال الزَّائِدَة

এছাড়া ال বিশিষ্ট কর্তা বিশেষ্য ও কর্ম বিশেষ্য গুলো ইসমুল মাওসুলির অর্থ দেয়। যেমন,

হত্যাকারী এসেছে / সে এসেছে যে হত্যা করেছে	جَاءَ الَّذِي قَاتَل	جَاءَ القَاتِلُ
প্রহৃত ব্যক্তি মরেছে/ সে মরেছে যে প্রহৃত হয়েছে	مَاتَ الَّذِي ضُرِبَ	مَاتَ الْمَضْرُوبُ

আবার কখনও ال থাকলেও অনির্দিষ্টতার অর্থ দেয়, যেমন,

আর আমি ভয় করছি যে কোন নেকড়ে তাকে খেয়ে ফেলবে।	وأخافُ أَن يَأْكُلَهُ الذِّئبُ وَأَنتُم عنْهُ غَافِلُونَ

৭। كُلٌّ এর ব্যবহার

كُلٌّ এর অর্থ 'প্রত্যেক' অথবা 'সব'। যখন তা অনির্দিষ্ট ইসমের আগে আসে তখন সাধারণত 'প্রত্যেক' বোঝায় আর যখন নির্দিষ্ট ইসমের আগে আসে তখন 'সব' অর্থে আসে। এটা অধিকাংশ সময়ই মুদাফ এবং এর বিভক্তি যাকে জোর দেওয়া হয় তার মত।

নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক জিনিসের উপর ক্ষমতাবান	إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ
প্রত্যেক রাতে আল্লাহ পৃথিবীর নিকটতম আকাশে অবতীর্ন হন	يَنْزِلُ اللّهُ إِلَى السَّمَاءِ الدُّنْيَا كُلَّ لَيْلَةٍ
প্রত্যেক প্রানীকেই মৃত্যুর স্বাদ গ্রহন করতে হবে	كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ
প্রত্যেক (প্রানীর) ছবি অঙ্কনকারী জাহান্নামে	كُلُّ مُصَوِّرٍ فِي النَّارِ
এবং আল্লাহ কোন সীমালঙ্ঘনকারী কাফেরকে ভালোবাসেন না	وَاللَّهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ أَثِيمٍ
তাদের সকলেই তার প্রতি অনুগত	كُلٌّ لَّهُ قَانِتُونَ
প্রত্যেক দলই তাদের কাছে যা আছে তা নিয়ে সন্তুষ্ট	كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ
এই ক্লাসের সকল ছাত্রীরাই ভারত থেকে	كُلُّ الطَّالِبَاتِ فِي هٰذَا الصَّفِّ مِنَ الْهِنْدِ

লক্ষ্যণীয়ঃ

প্রত্যেক পাতা	كُلُّ صَفْحَةٍ
সব পাতা	كُلُّ الصَّفْحَةِ
পাতাগুলোর সব	كُلُّ الصَّفْحَاتِ

৮। بَلْ শব্দের ব্যবহার

بَلْ শব্দের অর্থ" বরং"। এটি সাধারণত দুটি ক্ষেত্রে ব্যবহৃত হয়।

ক- পূর্বোক্ত বাক্যকে নাকচ করার জন্য। যেমন,

এবং যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তাদের মৃত ভেবো না বরং তারা জীবিত	وَلاَ تَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللهِ اَمْوَاتًا بَلْ أَحْيَاءٌ
আমি কি প্রথমবার সৃষ্টি করেই ক্লান্ত হয়ে পড়েছি? বরং তারা নতুন সৃষ্টির ব্যাপারে সন্দেহ পোষন করেছে।	أَفَعَيِينَا بِالْخَلْقِ الْأَوَّلِ بَلْ هُمْ فِي لَبْسٍ مِّنْ خَلْقٍ جَدِيدٍ
আমাদের মধ্যে কি তারই প্রতি উপদেশ নাযিল করা হয়েছে? বরং সে একজন মিথ্যাবাদী, দাম্ভিক।	أَأُلْقِيَ الذِّكْرُ عَلَيْهِ مِن بَيْنِنَا بَلْ هُوَ كَذَّابٌ أَشِرٌ

খ- একটা বাক্যের অর্থকে পরবর্তী বাক্যে নিয়ে যাওয়া। যেমন,

ইব্রাহিম অলস, সে অসচেতনও বটে।	إِبْرَاهِيْمُ كَسْلاَنٌ بَلْ هُوَ مُهْمِلٌ
তারা কি একে অপরকে এই উপদেশই দিয়ে গেছে? বস্তুতঃ ওরা দুষ্ট সম্প্রদায়।	أَتَوَاصَوْا بِهِ بَلْ هُمْ قَوْمٌ طَاغُونَ
বস্তুতঃ তোমরা পার্থিব জীবনকে অগ্রাধিকার দাও	بَلْ تُؤْثِرُونَ الْحَيَاةَ الدُّنْيَا
বরং এটা মহান কুরআন	بَلْ هُوَ قُرْآنٌ مَّجِيدٌ
এবং তোমাদের উপর আমাদের কোন কর্তৃত্ব ছিল না, বরং তোমরাই ছিলে সীমালংঘনকারী সম্প্রদায়।	وَمَا كَانَ لَنَا عَلَيْكُم مِّن سُلْطَانٍ بَلْ كُنتُمْ قَوْمًا طَاغِينَ

৯। أَمَّا এর ব্যবহার

দুটি বা অধিক বিষয় সম্পর্কে বলতে أَمَّا ব্যবহৃত হয়। أَمَّا এর পরবর্তী خَبَرٌ এর সাথে فَ যুক্ত হয়।

আমার বোন আমার সাথে বাস করে ,আমার ভাইয়ের ব্যাপার হল সে আমার আব্বার সাথে বাস করে।	أُخْتِيْ تَسْكُنُ مَعِيْ أَمَّا أَخِيْ فَيَسْكُنُ مَعَ أَبِيْ
যারা মুমিন তারা জানে যে, তদের রবের পক্ষ থেকে আসা সেটা সত্য	فَأَمَّا الَّذِينَ آمَنُوا فَيَعْلَمُونَ أَنَّهُ الْحَقُّ مِن رَّبِّهِمْ
আর যারা কাফের তারা বলে, এরূপ উপমা দ্বারা আল্লাহ কি বোঝাতে চান?	وَأَمَّا الَّذِينَ كَفَرُوا فَيَقُولُونَ مَاذَا أَرَادَ اللَّهُ بِهَٰذَا مَثَلًا
আর প্রাচীরের ব্যাপার-সেটি ছিল নগরের দুজন পিতৃহীন বালকের।	وَأَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلَامَيْنِ يَتِيمَيْنِ

১০। إِنَّمَا এর ব্যবহার

(إِنَّ+مَا) إِنَّمَا এর অর্থ কেবল/ মূলত/ প্রকৃতপক্ষে। এরপর ইসম মারফু হয়।

প্রকৃতপক্ষে মুশরিকরা হল অপবিত্র	إِنَّمَا الْمُشْرِكُونَ نَجَسٌ
কাজের ফল কেবল নিয়তের উপর	إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ
মূলত তিনি তোমাদের উপর হারাম করেছেন মৃত প্রাণী	إِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ
আমি কেবল ছবিগুলো দেখছি।	إِنَّمَا أَنْظُرُ إِلَى الصُّوَرِ

১১। حَتَّىٰ শব্দের ব্যবহার

حَتَّىٰ শব্দের অর্থ ১। যাতে (so that)। ২।পর্যন্ত (till) ৩। ব্যতিত (except) । এরপর ইসম মাজরুর এবং মুদারি মানসুব হয়।

যাতে (so that)

অপেক্ষা কর যতক্ষণ আমি পোশাক পরি	اِنْتَظِرْ حَتَّى أَلْبِسَ
আমি প্রবেশ করলাম (না বলে) যাতে তোমাকে বিচলিত না করি।	دَخَلْتُ حَتَّى لَا أَشْغَلَكَ
আমি পড়াশুনা করি যাতে আমি পাশ করতে পারি	أَدْرُسُ حتى أَنْجَحَ

পর্যন্ত (till)

আপনি কিছুকালের জন্যে তাদেরকে উপেক্ষা করুন।	وَتَوَلَّ عَنْهُمْ حَتَّىٰ حِينٍ
এটা শান্তি, যা ফজরের উদয় পর্যন্ত অব্যাহত থাকে।	سَلَامٌ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ
এবং পালনকর্তার এবাদত করুন, যে পর্যন্ত আপনার কাছে নিশ্চিত কথা না আসে।	وَاعْبُدْ رَبَّكَ حَتَّىٰ يَأْتِيَكَ الْيَقِينُ
এবং কখনোই ইয়াহুদি এবং খ্রীষ্টানেরা আপনার উপর সন্তুষ্ট হবে না যতক্ষন আপনি তাদের পথ গ্রহন না করেন	وَلَن تَرْضَىٰ عَنكَ الْيَهُودُ وَلَا النَّصَارَىٰ حَتَّىٰ تَتَّبِعَ مِلَّتَهُمْ
তোমাদের কেউ ঈমানদার হতে পারবে না যতক্ষন আমি যা নিয়ে এসেছি তাতে তার প্রবৃত্তি অনুগত হয়	لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّى يَكُونَ هَوَاهُ تَبَعًا لِمَا جِئْتُ بِهِ
কেয়ামত ততদিন হবে না যতক্ষন আমার উম্মতের একটা দল মুশরিকদের সাথে মিলিত হয় এবং যতক্ষন তারা মুর্তি পুজা করে	لاَ تَقُومُ السَّاعَةُ حَتَّى تَلْحَقَ قَبَائِلُ مِنْ أُمَّتِي بِالْمُشْرِكِينَ وَحَتَّى يَعْبُدُوا الأَوْثَانَ

সে ফিরে না আসা পর্যন্ত অপেক্ষা করো	انتظرْ حتى لا يرجعَ
আমরা মধ্যরাত পর্যন্ত পড়াশোনা করেছি	قَدْ دَرَسْنَا حتى نِصَف اللَّيْلِ
আমি ঘুমিয়ে পড়া পর্যন্ত পরেছি	قَرَأتُ حتى نِمْتُ
আমি মাছ খেয়েছি তার মাথা পর্যন্ত	أَكَلْتُ السَّمَكَ حتى رَأْسِها
বইটি শেষ পৃষ্ঠা পর্যন্ত পড়ুন	اِقْرَأ الْكِتَابَ حتى آخِرَ صَفْحَةٍ

ব্যতিত (except)

কস্মিণকালেও কল্যাণ লাভ করতে পারবে না, যদি তোমাদের প্রিয় বস্তু থেকে তোমরা ব্যয় না কর।	لَن تَنَالُوا الْبِرَّ حَتَّىٰ تُنفِقُوا مِمَّا تُحِبُّونَ

১২। وَ এর বিভিন্ন ব্যবহার

ক) "এবং" অর্থে সংযোগকারী অব্যয় হিসেবে

আমি একটি বই ও একটি কলম চাই	أُرِيْدُ كِتَابًا وَقَلَمًا
আমার আব্বা ও আম্মা তাদের রুমে আছেন।	أَبِي وَ أَمِّي فِي غُرْفَتِهِمَا
আরবী আল কুরআনের ভাষা এবং সেটা জান্নাতেরও ভাষা।	الْعَرَبِيَّةُ لُغَةُ الْقُرْآنِ وَ هِيَ لُغَةُ الْجَنَّةِ أَيْضًا

খ) কসমের জন্য বাক্যের শুরুতে وَ ব্যবহৃত হয়। وَ হল হারফ জার সুতরাং এর পর ইসমটি মাজরুর হবে। জোর দিতে হ্যাঁ বোধক বাক্যে وَ এরপর لَ ،لَقَد আসে কিন্তু না বোধক বাক্যে তা আসে না।

আল্লাহর কসম তাকে আমি বাজারে দেখেছিলাম	وَاللهِ لَقَدْ رَأَيْتُهُ فِي السُّوْقِ
আল্লাহর কসম তাকে আমি বাজারে দেখিনি	وَاللهِ مَا رَأَيْتُهُ فِي السُّوْقِ

আল্লাহর কসম আমি প্রায় মরে গিয়েছিলাম	وَاللهِ لَقَدْ كِدْتُ أَمُوْتُ
আল্লাহর কসম আমি কিছুই খাইনি	وَاللهِ مَا أَكَلتُ شَيْئًا

গ) وَ আল হাল

আমার বাবা মারা গেছেন যখন আমি ছোট ছিলাম	مَاتَ اَبِيْ وَاَنَا صَغِيْرٌ
বালকটি আমার কাছে কান্নারত অবস্থায় আসল	جَاءَنِي الْوَلَدُ وَهُوَ يَبْكِيْ
তোমাদের উপর যুদ্ধ ফরয করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়	كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ
আমি মসজিদে প্রবেশ করলাম যখন ইমাম রুকু করছিল	دَخَلْتُ الْمَسْجِدَ وَالْإِمَامُ يَرْكَعُ
ইমাম রুকু করার পরে আমি মসজিদে প্রবেশ করেছি	دَخَلْتُ الْمسْجدَ وَقَدْ رَقَعَ الإِمَام
ইমাম ফাতিহা শেষ করার পর আমি মাসজিদে প্রবেশ করেছি	دَخَلْتُ الْمَسْجِدَ وَ قَدْ قَرَأَ الْإِمَامُ الفَاتِحَةَ
শিক্ষকটি পাঠ ব্যাখ্যা শেষ করার পর আমরা ক্লাস ত্যাগ করেছিলাম	خَرَجْنَا مِنَ الفَصْلِ وَ قَدْ شَرَحَ الْمُدَرِّسُ الدَّرْسَ
রোগী মরার পরে ডাক্তার আসল	جَاءَ الطَّبِيْبُ وَ قَدْ مَاتَ الْمَرِيْضُ
হে পালনকর্তা! কেমন করে আমার পুত্র সন্তান হবে, আমার যে বার্ধক্য এসে গেছে	رَبِّ أَنَّىٰ يَكُونُ لِي غُلَامٌ وَقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ

লক্ষ্যণীয়ঃ

- و আল হাল এর পর নামপ্রধান বাক্যে ক্রিয়ার বর্তমানকাল ব্যবহৃত হলেও অর্থ অতীতকালের হবে।
- و আল হাল এর পর ক্রিয়াপ্রধান বাক্যের হ্যাঁ-সূচক অতীতকালের পূর্বে قَدْ বসে।

ঘ) অতিরিক্ত وَ

যায়েদ আসলেও রশিদ অনুপস্থিত	جَاءَ زَيْد وَلَكِنِ غَابَ رَاشد
তারাই তাদের রবের নির্দেশিত পথে রয়েছে	أولئك على هدى من ربهم

ঙ) পুনরায় আরম্ভ করার وَ

অতঃপর তিনি নির্দিষ্টকাল নির্ধারণ করেছেন। আর অপর নির্দিষ্টকাল আল্লাহর কাছে আছে।	ثُمَّ قَضَىٰٓ أَجَلًا وَأَجَلٌ مُّسَمًّى عِندَهُۥ
আর মানুষের মাঝে এমন লোক আছে যারা বলে আমরা আল্লাহর উপর ঈমাণ এনেছি।	وِمن الناس من يقول آمنا بالله

১৩। مَا এর বিভিন্ন ব্যবহার।

এর পূর্বে আমরা "না/নয়" অর্থে , প্রশ্ন করতে "কি" অর্থে, এবং সম্বন্ধবাচক সর্বনাম হিসেবে "যা" অর্থে مَا এর ব্যাবহার দেখেছি। এখানে আমরা مَا এর আরও দুটি ব্যবহার দেখব।

ক) অনির্দিষ্ট" অর্থে مَا এর ব্যবহার

আমাকে যেকোনএকটা বই দাও	أَعْطِنِي كِتَابًا مَا
আমি তাকে কোন এক জায়গায় দেখেছিলাম	رَأَيْتُهُ فِي مَكَانٍ مَا
তুমি এটা কোন এক দিন বুঝবে	سَتَفْهَمُ هٰذَا يَوْمًا مَا

খ) "যতক্ষন পর্যন্ত" বা ইংরেজিতে "so long as" বোঝাতে مَا এর ব্যবহার

ইসলাম ততোদিন বাকী থাকবে যতক্ষন পর্যন্ত পৃথিবী বাকী থাকবে	سَيَبْقَى الْإِسْلَامُ مَا بَقِيَ العَالَمُ

আমাকে মান্য কর যতক্ষন পর্যন্ত আমি আল্লাহ ও তার রসুলকে অনুসরন করি।	أَطِيْعُوْنِي مَا أَطَعْتُ اللهَ وَ رَسُوْلَهُ
এই চেয়ারটিতে বস যতক্ষন পর্যন্ত সে না আসে	اِجْلِسْ فِي هٰذَا الكُرْسِيِّ مَا لَمْ يَأْتِ

গ) মাসদার বা ক্রিয়া বিশেষ্যের পরিবর্তে مَا এর ব্যবহার

আমি প্রবেশ করেছিলাম শিক্ষকের প্রবেশের পরে	دَخَلْتُ بَعْدَ مَا دَخَلَ الْمُدَرِّسُ
আমি প্রবেশ করেছিলাম শিক্ষকের প্রবেশের পরে	دَخَلْتُ بَعْدَ دُخُوْلِ الْمُدَرِّسِ
আমি তোমাকে ম্যাগাজিনটি দেখাবো শিক্ষকের বের হওয়ার পরে	سَأُرِيْكَ الْمَجَلَّةَ بَعْدَ مَا يَخْرُجُ الْمُدَرِّسُ
হিসাবের দিন ভুলে যাওয়ার জন্য তাদের জন্য আছে কঠোর আযাব	لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ بِمَا نَسُوْا يَوْمَ الحِسَابِ
তাহলে আযাব আস্বাদন কর, যেহেতু তোমরা কুফরী করছিলে	فَذُوْقُوْ الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ

তাহলে এক নজরে কিছু ব্যবহার দেখি,

শিক্ষকটি নতুন নয়	مَا الْمُدَرِّسُ جَدِيْدًا	ما مُشَبَّهَةٌ بِلَيسَ
এতো কোন মানুষ নয়	مَا هَذا بَشَرًا	ما مشبهة بليس
তুমি কি খেয়েছো? আমি কিছুই খাইনি	مَاذَا أَكَلْتَ؟ مَا أَكَلْتُ شَيْئًا	ما استفهامية
মশার মত একটা উদাহরণ	مَثَلاً مَا بَعُوضَةً	ما مَوْصُوفةٌ
আমি এবাদত করিনা, তোমরা যার এবাদত কর।	لا أَعْبُد مَا تَعْبُدُونَ	ما مَوصُولَة
নিশ্চয়ই কাজগুলো নিয়তের সাথে সম্পৃক্ত	إنّما الأعمالُ بالنياتِ	ما كَافَّةٌ
আর তোমরা যাকিছু সৎকাজ কর, আল্লাহ তা জানেন।	وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ يَعْلَمْهُ اللهُ	ما شَرْطِيةٌ

ধ্বংস হোক মানুষ সে কতই না অকৃতজ্ঞ	قُتِلَ الإنسَانُ مَا أَكْفَرَهُ	ما تَعَجُّبِيةٌ
আপনি যা করেছেন তাতে আমি অবাক হয়েছি	عَجِبْتُ مِمَّا فعلتَ	ما مَصْدَرِية

১৪। كَ এর ব্যবহার

كَ অর্থ " মত" । এটা একটি حَرْفُ جَرٍّ সুতরাং এর পরের ইসমটি মাজরুর।

মুসলিমগণ একটা মাত্র লোকের ন্যায়	الْمُسْلِمُونَ كَرَجُلٍ وَاحِدٍ
আমার ঘড়ি তোমার ঘড়ির মত।	سَاعَتِيْ كَسَاعَتِكَ
আর এভাবে আমি তোমাদের করেছি ভারসাম্যপূর্ণ জাতি	وَكَذٰلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا
সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঙ্গের ন্যায়	يَوْمَ يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوثِ
নিশ্চয়ই আমার উপর মিথ্যারোপ অন্য কারো উপর মিথ্যারোপের মত নয়	إِنَّ كَذِبًا عَلَيَّ لَيْسَ كَكَذِبٍ عَلَى أَحَدٍ

كَ সর্বনামের সাথে ব্যবহৃত হয় না। যেমনঃ أَنَا كَهُ হবে না। এই ক্ষেত্রে كَ এর সাথে مِثْلُ যুক্ত হয়।

যেমনঃ أَنَا كَمِثْلِهِ আমি তার মত। অনুরূপে, لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ তার মত সাদৃশ্যপূর্ন কেউই নাই ।

১৫। أَوْ এবং أَمْ এর ব্যবহার

বিবৃতি মূলক বাক্যে ‘অথবা’ অর্থে أَوْ কিন্তু প্রশ্নবোধক বাক্যে ‘অথবা/নাকি’ অর্থে أَمْ ব্যবহৃত হয়।

যেমনঃ

বেলাল অথবা হামিদ বের হল	خَرَجَ بِلَالٌ أَوْ حَامِدٌ

আমি বেলাল অথবা হামিদকে দেখেছিলাম	رَأَيْتُ بِلَالًا أَوْ حَامِدًا
গাড়িটি বেলালের অথবা হামিদের	السَّيَّارَةُ لِبِلَالٍ أَوْ لِحَامِدٍ
তুমি কি ভারত নাকি পাকিস্তান থেকে?	أَمِنَ الهِنْدِ أَنْتَ أَمْ مِنْ بَاكِسْتَانَ
তুমি কি ইঞ্জিনিয়ার নাকি ডাক্তার?	أَ مُهَنْدِسٌ أَنْتَ أَمْ طَبِيْبٌ؟

১৬। فَإِنَّ ও لِأَنَّ এর ব্যবহার

কারণ অর্থে لِأَنَّ এবং যেহেতু/ অতএব/ তবে অর্থে فَإِنَّ এর ব্যবহার লক্ষ্য করি

শার্টটি পরিষ্কার কর যেহেতু সেটা ময়লা।	اِغْسِلِ القَمِيْصَ فَإِنَّهُ وَسِخٌ
আমি আজ স্কুলে যাইনি কারণ আমি অসুস্থ	مَا ذَهَبْتُ إِلَى الْمَدْرَسَةِ الْيَوْمَ لِأَنَّنِي مَرِيْضٌ
আমরা আরবী ভাষা শিখেছিলাম কারণ সেটা কুরআনের ভাষা	دَرَسْنَا اللُّغَةَ العَرَبِيَّةَ لِأَنَّهَا لُغَةُ القُرْآنِ
বাড়ি থেকে বের হইনি কারণ আবহাওয়া ঠান্ডা	مَا خَرَجْتُ مِنَ البَيْتِ لِأَنَّ الجَوَّ بَارِدٌ
এবং বোঝাতে থাকুন; কেননা, বোঝানো মুমিনদের উপকারে আসবে	وَذَكِّرْ فَإِنَّ الذِّكْرَىٰ تَنفَعُ الْمُؤْمِنِينَ
অতএব, আমরা তোমাদের আনীত বিষয় অমান্য করলাম	فَإِنَّا بِمَا أُرْسِلْتُم بِهِ كَافِرُونَ
যদি তোমরা অস্বীকার কর, তবে আল্লাহ তোমাদের থেকে বেপরওয়া।	إِن تَكْفُرُوا فَإِنَّ اللَّهَ غَنِيٌّ عَنكُمْ
আল্লাহ বললেনঃ বের হয়ে যা এখান থেকে। কারণ, তুই অভিশপ্ত	قَالَ فَاخْرُجْ مِنْهَا فَإِنَّكَ رَجِيمٌ

১৭। آخَرُ ও أُخْرَى এর ব্যবহার

آخَرُ অর্থ "অন্য" এর স্ত্রীবাচক হল أُخْرَى। এরা উভয়ই দ্বিত্ব। অর্থাৎ এরা মাজরুর অবস্থায় যেরের বদলে যবর নেবে।

আজ ইব্রাহীম ও অন্য একজন ছাত্র অনুপস্থিত	غَابَ اليَوْمَ إِبْرَاهِيْمُ وَ طَالِبٌ آخَرُ
আমাদের শিক্ষক ও অন্য একজন শিক্ষককে জিজ্ঞাসা করেছিলাম	سَأَلْتُ مُدَرِّسَنَا وَ مُدَرِّسًا آخَرَ
আমি সূরা রহমান ও অন্য একটি সূরা মুখস্ত করেছিলাম	حَفِظْتُ سُوْرَةَ الرَّحْمَنِ وَ سُوْرَةً أُخْرَى

آخَرُ "অন্য"- এর বচন ও লিঙ্গ

বহুবচন	দ্বিবচন	একবচন	
آخَرُوْنَ	آخَرَانِ	آخَرُ	পুরুষ
أُخَرُ	أُخْرَيَانِ	أُخْرَى	স্ত্রী

বেলাল এবং অন্য একজন ছাত্র আজ অনুপস্থিত রয়েছে	غَابَ الْيَوْمَ بِلَالٌ وَطَالِبٌ آخَرُ
বেলাল এবং অন্যান্য ছাত্ররা আজ অনুপস্থিত রয়েছে	غَابَ الْيَوْمَ بِلَالٌ وَطُلَّابٌ آخَرُوْنَ
জয়নাব এবং অন্য এক ছাত্রী অনুপস্থিত রয়েছে	غَابَتْ زَيْنَبُ وَطَالِبَةٌ أُخْرَى
জয়নাব এবং অন্যান্য ছাত্রীরা অনুপস্থিত রয়েছে	غَابَتْ زَيْنَبُ وَطَالِبَاتٌ أُخَرُ

১৮। إِمَّا... وَإِمَّا এর ব্যবহার

হয়...অথবা" বা ইংরেজীতে either...or বোঝাতে إِمَّا.... وإِمَّا ব্যবহৃত হয়।

ইসম হয় পুরুষবাচক অথবা স্ত্রী	اَلْاِسْمُ إِمَّا مُذَكَّرٌ وَإِمَّا مُؤَنَّثٌ
হয় তুমি আমাকে দেখতে আসবে অথবা আমি তোমাকে দেখতে যাবো	إِمَّا تَزُوْرُنِيْ وَإِمَّا أَزُوْرُكَ

২২। مِنْ قَبْلُ এর ব্যবহার

আমরা জানি যে قَبْلَ এবং بَعْدَ হল জারফ এবং মুদাফ। কিন্তু এদের কখনো কখনো "মুদাফ ইলাইহি" নাও থাকতে পারে। সেক্ষেত্রে مِنْ قَبْلُ এবং مِن بَعْدُ হবে।

মুদাফ ইলাইহি ছাড়া	মুদাফ ইলাইহি সহ
لِلّٰهِ الْأَمْرُ مِنْ قَبْلُ وَ مِنْ بَعْدُ	ذَهَبْتُ إِلَى الْمَسْجِدِ قَبْلَ الْأَذَانِ
আগে পিছের সব আদেশ আল্লাহর	আযানের পুর্বে মাসজিদে গিয়েছিলাম

১৯। كِلَا এবং كِلْتَا এর ব্যবহার

كِلَا শব্দের অর্থ" উভয় "পুং এবং এর স্ত্রীবাচক كِلْتَا। এরা উভয়েই মুদাফ। সুতরাং এর পরবর্তী মুদাফ ইলাইহী দ্বিবচন মাজরুর হবে। যেমনঃ

উভয় ছাত্র লাইব্রেরিতে।	كِلَا الطَّالِبَيْنِ فِيْ الْمَكْتَبَةِ
উভয় গাড়ি বাড়িটির সামনে	كِلْتَا الْسَّيَّارَتَيْنِ أَمَامَ الْبَيْتِ

كِلَا ও كِلْتَا উভয়কেই একবচন ধরা হয় । তাই এদের খবর একবচন হয়। [দ্বিবচনও অনুমোদিত]

كِلَا الطَّالِبَيْنِ ذَهَبَ	উভয় ছাত্র গিয়েছিল
كِلْتَا السَّاعَتَيْنِ جَمِيْلَةٌ	সুন্দর ঘড়ি উভয়

كِلَا ও كِلْتَا উভয়ই মানসুব ও মাজরুর অবস্থায় অপরিবর্তনীয় যখন তাদের মুদাফ ইলাইহি কোন اِسْمٌ হয়। আর যদি মুদাফ ইলাইহি ضَمِيْرٌ হয় তাহলে এর বিভক্তি দ্বিবচনের ন্যায়।

	বিভক্তি অপরিবর্তনীয় যখন মুদাফ ইলাইহি اِسْمٌ	বিভক্তি পরিবর্তনীয় যখন মুদাফ ইলাইহি ضَمِيْرٌ
মারফু	كِلَا الطَّالِبَيْنِ مَسْرُوْرٌ	كِلَانَا مَسْرُوْرٌ
মানসুব	أَعْرِفُ كِلَا الْطَّالِبَيْنِ	رَأَيْتُ كِلَيْهِمَا
মাজরুর	بَحَثْتُ عَنْ كِلَا الْطَّالِبَيْنِ	بَحَثْتُ عَنْ كِلَيْهِمَا

২০। إِيَّاكَ সাবধান করতে

কোন কাজ করা থেকে সাবধান করতে إِيَّاكَ এর পরে (أَنْ + مُضَارِعِ مَنْصُوبٌ) ব্যবহৃত হয়।

إِيَّاكَ أَنْ تَنَامَ فِي الفَصْلِ	ক্লাসে ঘুমানো থেকে সাবধান থেকো
إِيَّاكُم أَنْ تَزْنُوْا	যেনা করা থেকে সাবধান

যদি إِيَّاكَ এর পর ইসম থাকে তাহলে এরপর وَ আসে এবং পরবর্তী ইসমটি মানসুব।

إِيَّاكَ وَ النَّوْمَ فِي الفَصْلِ	ক্লাসে ঘুমানো থেকে সাবধান থেকো
إِيَّاكَ وَ الْكَذِبَ	মিথ্যা থেকে সাবধান

হিংসা থেকে সাবধান	إِيَّكُنَّ وَ الْحَسَدَ
নব উদ্ভাবিত (ইবাদাত মূলক) কাজ থেকে সাবধান	إِيَّاكُمْ وَمُحْدَثَاتِ الأُمُورِ

২১। لَا بُدَّ এর ব্যবহার

কোনো কিছুকে অবশ্যই অর্থে لَا بُدَّ ব্যবহৃত হয়। এর পরে مِنْ বসে।

অবশ্যই পরীক্ষা দিতে হবে	لَا بُدَّ مِنَ الإِخْتِبَارِ
অবশ্যই মরতে হবে	لَا بُدَّ مِنَ الْمَوْتِ

তবে এর পর অসমাপিকা ক্রিয়া থাকলে مِنْ কে বাদ দেওয়া যায়।

তোমাকে অবশ্যই তাকে লিখতে হবে	لَابُدَّ أَنْ تَكْتُبَ لَهُ
তোমাকে অবশ্যই জানতে হবে কীভাবে কম্পিউটার অপারেট করতে হয়	لَابُدَّ أَنْ تَتَعَلَّمُوْا تَشْغِيْلَ الحَاسُوْبِ

২২। تَعَالَ শব্দের ব্যবহার

تَعَالَ একটা আদেশ। অর্থ' ,আসো'। "সে আসল" এই অর্থে ব্যবহৃত ক্রিয়া হল جَاءَ– يَجِيْءُ ও أَتَى– يَأْتِي কিন্তু "আদেশে" ব্যবহৃত হয় تَعَالَ এর রুপগুলো হলঃ

বহুবচন	দ্বিবচন	একবচন	
تَعَالَوْا	تَعَالَيَا	تَعَالَ	পুং
تَعَالَيْنَ	تَعَالَيَا	تَعَالَيْ	স্ত্রী

নোটঃ تَعَالَى হলো একটি ক্রিয়া যার অর্থ ‘সে উপরে উঠল ,সে উচ্চ হল’ ইত্যাদি। আদেশ বা আমর تَعَالَ এর মূল অর্থ হলো “উঠে আসো”

২৩। هَاتِ এর ব্যবহার

هَاتِ (দাও, নিয়ে আসো) এর ব্যবহার

বহুবচন	একবচন	
هَاتُوا بُرْهَانَكُمْ إِنْ كُنتُمْ صَادِقِينَ	هَاتِ قَلَمًا يَا وَلَدُ!	পুরুষ
তোমাদের প্রমাণ নিয়ে এসো ,যদি তোমরা সত্যবাদী হও।	একটা কলম দাও হে বালক	
هَاتِينَ بُرْهَانَكُنَّ إِنْ كُنْتُنَّ صَادِقَاتٍ	هَاتِيْ كِتَابًا يَا عَائِشَةُ!	স্ত্রী
তোমাদের প্রমাণ নিয়ে এসো, যদি তোমরা (স্ত্রী) সত্যবাদী হও।	হে আয়েশা একটা বই নিয়ে আসো	

২৪। هَلاَّ এবং كَلَّا এর ব্যবহার

এটা ক্রিয়াপ্রধান বাক্যে ব্যবহৃত হয়। এটা মুদরীতে কোন কাজের উৎসাহ দিতে আর মাদীতে কাজ না করার জন্য ভর্ৎসনা দিতে বসে বা অনুমোদন না দিতে বসে।

তুমি কি তার ব্যাপারে হেডমাস্টারের কাছে অভিযোগ করবে না! (অর্থাৎ অভিযোগ করা উচিত)	هَلاَّ تَشْكُوْهُ إِلى الْمُدِيْرِ
তোমার কি তার ব্যাপারে হেডমাস্টারের কাছে অভিযোগ করা উচিত ছিল না! (অর্থাৎ অভিযোগ করনি কেন)	هَلاَّ شَكَوْتَهُ إِلى الْمُدِيْرِ

كَلَّا শব্দের অর্থ ‘‘কক্ষণও না’’। এটা ধমকের অব্যয়,

কখনও না, এটা তো উপদেশ মাত্র।	كَلَّا إِنَّهُ تَذْكِرَةٌ
কখনও না, বরং তাদের অন্তরে মরিচা পড়েছে	كَلَّا بَلْ رَانَ عَلَىٰ قُلُوبِهِم

২৫। إِذَنْ শব্দের ব্যবহার

إِذَنْ শব্দের অর্থ ‘‘সে কারণে’’। এটা মুদারির পূর্বে বসে তাকে মানসুব করে। একটা বিবৃতির জবাব হয়।

জবাব	**বিবৃতি**
إِذَنْ نَسْتَقْبِلَهُ فِي الْمَطَارِ	يَرْجِعُ الْمُدِيْرُ اليَوْمَ مِنَ الخَارِجِ
সে কারনে আমরা তাকে বিমান বন্দরে স্বাগত জানাব	প্রধান শিক্ষক আজ বাহির থেকে ফিরবেন

إِذَنْ ক্রিয়াকে মানসুব করে নিচের তিনটি ক্ষেত্রেঃ

- إِذَنْ অবশ্যই বাক্যের শুরুতে আসবে। যেমন نَحْنُ إِذَنْ نَسْتَقْبِلُهُ তে ক্রিয়া মানসুব হয়নি যেহেতু তা শুরুতে আসেনি।
- ক্রিয়াপদ ঠিক তার পরপরই আসতে হবে। অবশ্য না বোধক لَا এবং و আল কসম এ দুয়ের মধ্যে আসতে পারে। যেমন إِذَنْ وَاللهِ نَسْتَقْبِلَهُ فِي الْمَطَارِ
- ক্রিয়াটি ভবিষ্যৎ কালের অর্থ প্রকাশ করবে।

২৬। فَ এর বিভিন্ন ব্যবহার

হামিদ এসেছে, তারপর আমর, তারপর আমর	جاء حَامِدَ فَعَمْرو ثُمَّ عَمْرو	حَرْفُ الْعَطْفِ
নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শনাবলীর অন্তর্ভুক্ত। সুতরাং যে ব্যক্তিই বাইতুল্লাহর হজ্জ করবে বা উমরা করবে তার জন্য এ দুটোর প্রদক্ষিণ করাতে কোনও গুনাহ নেই	إِنَّ الصَّفَا والْمَرْوَةَ مِنْ شَعَائِرِ الله فَمَنْ حَج البيت أو اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ أَنْ يَطَّوَّفَ بِهِمَا	اَلْفَاءُ الرَّابِطَةُ لِجَوَابِ الشَّرْطِ
যে বপন করে, ফসল কর্তনকারী তার জন্য অপেক্ষা করে।	مَن يَزْرَعْ فَالحصَّادُ يَنتَظِرُهُ	اَلْفَاءُ لِجَوَابِ الشَّرْطِ
কোন ফাসেক যদি তোমাদের কাছে কোন সংবাদ নিয়ে আসে, তবে ভালোভাবে যাচাই করে দেখবে	إِن جَاءَكُمْ فَاسِقُ بِنَبَاءٍ فَتَبَيَّنُوا	اَلْفَاءُ لِجَوَابِ الشَّرْطِ
যদি তুমি পরিশ্রম করো তাহলে তোমাকে আপসোস করতে হবে না	إِنْ تَجْتَهِدْ فَمَا تَنْدَمْ	اَلْفَاءُ لِجَوَابِ الشَّرْطِ/ جَزَاء
তুমি যখন খাবে অতিরিক্ত খাবে না	إِنْ تَأْكُلْ فَلَا تَكْثُرْ	اَلْفَاءُ لِجَوَابِ الشَّرْطِ
পরিশ্রম করো তাহলে বছরের শেষে তুমি সফল হবে	اِجْتَهِدْ فَتَنْجَحَ آخرَ السَّنَةِ	اَلْفَاءُ لِلسَّبَب
তুমি অলস হয়োনা তাহলে তুমি পরিক্ষায় ফেল করবে	لا تَكْسِلْ فَتَرْسِبَ فِي الاِمْتِحَانِ	اَلْفَاءُ لِلسَّبَب
এবং একে কোন মন্দ ইচ্ছায় স্পর্শ করো না। অন্যথায়	وَلَا تَمَسُّوهَا بِسُوءٍ فَيَأْخُذَكُمْ عَذَابٌ	اَلْفَاءُ لِلسَّبَب

তোমাদেরকে যন্ত্রনাদায়ক শাস্তি পাকড়াও করবে।	أَلِيم	
আমি যা বলি তা শোনার জন্য তুমিকি কাছে আসবেনা	ألا تَدْنو فتَمْسَمعَ مَا أقولُ.	اَلْفَاءُ لِلسَّبَب
তুমি অভাবিদের সহযোগিতা কারো কারন সে তোমার মানবতার ভাই	ساعِدْ المحتاجَ فهو أخُوك في الإنسان	اَلْفَاءُ لِلتَّعْلِيْلِ
আমার কাছে মাত্র একশ টাকা	عندى مائةُ تَاكا فقط	اَلْفَاءُ لِلزَّائِدَةِ
তোমাদের মধ্যে কি কেউ তার মৃত ভাইয়ের গোশ্ত খেতে চাইবে ? বস্তুত তোমরা তো এটাকে ঘৃণ্যই মনে কর।	أَيُحِبُّ أَحَدُكُمْ أَنْ يَأْكُلَ لَحْمَ أَخيهِ مَيْتًا فَكَرِهْتُمُوْه	اَلْفَاءُ الْفَصِيْحَةُ
প্রত্যেক ফায়েল মারফু হয়, সুতরাং ضرب زيد বাক্যে زيد মারফু হয়েছে।	كُل فَاعِلٍ مَرْفوعٌ فَزيد مَرْفُوعٌ فِي "ضَرَبَ زَيْدٌ"	فَاءُ التَّفْرِيْعِ
পরকথা হল, আমি অভিশপ্ত শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই	أَمَّا بَعْدُ فأعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ	اَلْفَاءُ الرَّابِطَةِ لِلْجَوَابِ
আর বালকটির ব্যাপার এই, তার পিতা-মাতা ছিল মুমিন	وأَمَّا الغلام فكان أبواه مؤمنين	

২৭। لام এর বিভিন্ন ব্যবহার

যায়েদ অবশ্যই দাঁড়িয়ে	لَزيد قائم	لَامُ الْاِبْتِدَاءِ لِلتَّوْكِيْدِ
সে অবশ্যই অবশ্যই করবে, যদিও আমি তাকে পূর্বে নিষেধ করেছি।	لَيَفْعَلَنَّ وَلَوْ نَهَيْتُ مِنْ قَبْل	لَامُ الْاِبْتِدَاءِ لِلتَّوْكِيْدِ
নিশ্চয়ই তুমি রসূলগণের অন্তর্ভুক্ত	إِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ	لَامُ الْمُزْحَلَقَةِ
যাতে আমরা একে অপরকে সাহায্য করতে পারি	لِيَنْصُرْ بَعْضُنَا بَعْضًا	لَامُ الْأَمْرِ
যদি তুমি আসতে অবশ্যই আমি তোমাকে সম্মান করতাম	لو جئتَ لَأكرمْتُك	اَللَّامُ الْوَاقِعَة لِجَوَابِ الشَّرْطِ
আল্লাহ এমন নন যে তিনি তাদের শাস্তি দিবেন	ماكان الله ليُعَذِّبَهم	لَامُ الْجُحُوْدِ
যদি তোমরা শুকরিয়া আদায় করো আবশ্যই আমি তোমাদের বাড়িয়ে দিবো	لَئِن شَكَرْتُمْ لَأَزِيدَنَّكُمْ	1- اَللَّامُ مُوطِّئَةٌ لِلْقَسَمِ الْمَحْذُوْفِ. 2- اَللَّامُ وَاقِعَةٌ فِي جَوَابِ الْقَسَمِ
আমি ইসলাম গ্রহন করেছি জান্নাতে প্রবেশ করার জন্য	أسلمتُ لأدْخُلَ الجنة	لَامُ التَّعْلِيْلِ
	يالَزيدٍ	
কি চমৎকার লোক	يَا لَهُ مِنْ رَجُلٍ	لَامُ التَّعَجُّبِ
আল্লাহর কশম, অবশ্যই আমি সাহায্য করবো	وَاللهِ لأنْصُرَنَّ	اَللَّامُ لِلْقَسَمِ
নিশ্চয়ই এরা দুজন জাদুকর	إنَّ هذان لَسَاحِرَانِ	اَللَّامُ الْفَارِقَةُ

২৮। إِنَّ، إِنْ، أَنَّ، أَنْ এর বিভিন্ন ব্যবহার

اَلْمُشَبَّهَةُ بِالْفِعْلِ	إِنَّ الإِنْسَانَ لَفِي خُسْرٍ	নিশ্চয় মানুষ ক্ষতিগ্রস্ত
	إِنَّ اللهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ	নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান।
إِنْ:مُخَفَّفَةٌ مِنَ الثَّقِيْلَةِ	وإِنْ وجدنا أكثرَهُمْ لَفَاسِقِينَ	বরং আমি তাদের অধিকাংশকে অবশ্যই অবাধ্য পেয়েছি
إِنْ:نَافِيَةٌ	إِنْ في صدورهم إِلَّا كبر	তাদের অন্তরে অহমিকা ছাড়া আর কিছুই নেই
	إِنْ الحكمُ إِلَّا لله	আল্লাহ ছাড়া কারো নির্দেশ চলে না
إِنْ: زَائِدَةٌ	مَا إِنْ زَيْدٌ شَرِيفٌ	যায়েদ ভদ্র লোক
إِنْ: شَرْطِيَّةٌ	إِنْ كَانَ لِلرَّحْمٰنِ وَلَدٌ فَأَنَا أَوَّلُ العَابِدِين	বলুন, দয়াময় আল্লাহর কোন সন্তান থাকলে আমি সর্ব প্রথম তার এবাদত করব।
إِنْ: نَافِيَةٌ	إِن يُوحَى إِلَيَّ إِلَّا أَنَّمَا أَنَا نَذِيْرٌ مُبِيْن	আমার কাছে এ ওহীই আসে যে, আমি একজন স্পষ্ট সতর্ককারী।
إِنْ: شَرْطِيَّةٌ	وإِنْ كانتْ وَاحْدَةً فَلَهَا نِصْفُ	যদি কেবল একজন নারী থাকে, তবে সে (পরিত্যক্ত সম্পত্তির) অর্ধেক পাবে।
إِنْ: حرف نَفِي	إِن كُلُّ نَفْسٍ لَمَّا عَلَيْهَا حَافِظ	এমন কোন জীব নেই, যার কোন তত্ত্বাবধানকারী নেই।
اللَّامُ الفَارِقَةُ	وَ إِن كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلَالٍ مُبِيْنٌ	আর নিশ্চয় এর আগে তারা সুস্পষ্ট গোমরাহীর মধ্যে ছিল।
إِنْ: شرطية	إِن تُعَذِّبْهُمْ فَإِنَّهُمْ عِبَادُكَ	যদি আপনি তাদেরকে শাস্তি দেন, তবে তারা তো আপনারই বান্দা

যদি কোন পাপাচারী ব্যক্তি তোমাদের কাছে কোন সংবাদ আনয়ন করে, তবে তোমরা পরীক্ষা করে দেখবে	إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَإٍ فَتَبَيَّنُوا	إِنْ: شرطية
যাতে তোমরা অজ্ঞতাবশত কোন সম্প্রদায়ের ক্ষতি করে না বস।	أن تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ	أَنْ: النَّاصِبَةُ
আমি অবশ্যই জানি যে, তোমাদের মধ্যে মিথ্যা আরোপকারী রয়েছে।	وإِنَّا لَنَعْلَمُ أَنَّ مِنكُمْ مُكَذِّبِيْن	الحرف الْمُشَبَّهةُ بالفعل
সে মনে করে যে, তার অর্থ চিরকাল তার সাথে থাকবে!	يَحْسَبُ أَنَّ مَالَهُ أَخَلَدَهُ	الحرف المشبهة بالفعل
আর আমি তাকে ডাক দিয়ে বললাম, হে ইবরাহীম!	ونَادَيْنَاهُ أَنْ يَا إِبْرَاهِيمَ	أَنْ: مُفَسِّرَةٌ
আর তাদের শেষ ধ্বনি হবে এই যে, সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি জগতসমূহের প্রতিপালক।	وَآخِرُ دَعْوَاهُمْ أَنِ الحمد لله رَبِّ العالمين	أَنْ: مُخَفَّفَةٌ مِن أنَّ
তিনি জানেন যে তোমাদের মধ্যে কিছু লোক অসুস্থ হয়ে পড়বে	عَلِمَ أَن سَيَكُونَ مِنْكُمْ مرضى	أَنْ: مخففة من الثقيلة
এবং (আমাকে) এই (বলা হয়েছে) যে, তুমি একনিষ্ঠভাবে নিজ চেহারাকে এই দীনের দিকেই কায়েম রাখবে	وَأَن أَقِمْ وَجْهَكَ لِلَّذِينَ حَنِيْفا	أَنْ: تَفْسِيرِية
যখন আমার প্রেরিত ফিরিশতাগণ লূতের কাছে আসল,	وَلَمَّا أَن جَاءَتْ رُسُلُنَا لوطا	أَنْ: زَائِدَة

কুরআনীয় উদাহরণ

ইব্রাহীম ইহুদী ছিলেন না এবং নাসারাও ছিলেন না	مَا كَانَ إِبْرَاهِيمُ يَهُودِيًّا وَلَا نَصْرَانِيًّا
অতঃপর তা হয়ে যাবে উৎক্ষিপ্ত ধূলিকণা।	فَكَانَتْ هَبَاءً مُّنبَثًّا
নিশ্চয় জাহান্নাম প্রতীক্ষায় থাকবে	إِنَّ جَهَنَّمَ كَانَتْ مِرْصَادًا
তারা বলে, তোমরা সত্যবাদী হলে বল এই ওয়াদা কবে পূর্ণ হবে?	وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِن كُنتُمْ صَادِقِينَ

কুরআনীয় উদাহরণ

ফলে সকাল পর্যন্ত হয়ে গেল ছিন্নবিচ্ছিন্ন তৃণসম	فَأَصْبَحَتْ كَالصَّرِيمِ
অতঃপর তিনি প্রভাতে উঠলেন সে শহরে ভীত-শংকিত অবস্থায়।	فَأَصْبَحَ فِي الْمَدِينَةِ خَائِفًا
সকালে মূসা জননীর অন্তর অস্থির হয়ে পড়ল।	وَأَصْبَحَ فُؤَادُ أُمِّ مُوسَىٰ فَارِغًا
ফলে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে গেল।	فَأَصْبَحَ مِنَ الْخَاسِرِينَ

কুরআনীয় উদাহরণ

এতে আছে ফলমূল এবং বহিরাবরণবিশিষ্ট খর্জুর বৃক্ষ	فِيهَا فَاكِهَةٌ وَالنَّخْلُ ذَاتُ الْأَكْمَامِ
দীর্ঘ স্তম্ভ সম্পন্ন ইরাম গোত্র	إِرَمَ ذَاتِ الْعِمَادِ
শপথ চক্রশীল আকাশের	وَالسَّمَاءِ ذَاتِ الرَّجْعِ
সত্বরই সে প্রবেশ করবে লেলিহান অগ্নিতে	سَيَصْلَىٰ نَارًا ذَاتَ لَهَبٍ
অতঃপর তা দ্বারা আমি মনোরম বাগান সৃষ্টি করেছি	فَأَنبَتْنَا بِهِ حَدَائِقَ ذَاتَ بَهْجَةٍ

কুরআনীয় উদাহরণ

সুতরাং তোমাদের মধ্যে যে অসুস্থ থাকে অথবা সফরে থাকে…	فَمَن كَانَ مِنْكُمْ مَّرِيضًا أَوْ عَلَىٰ سَفَرٍ
তারা দুনিয়াতে মাত্র এক সন্ধ্যা অথবা এক সকাল অবস্থান করেছে	لَمْ يَلْبَثُوا إِلَّا عَشِيَّةً أَوْ ضُحَاهَا
কিন্তু তাদের স্ত্রী অথবা মালিকানাভূক্ত দাসীদের বেলায়	إِلَّا عَلَىٰ أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ
তারা আরও বলবেঃ যদি আমরা শুনতাম অথবা বুদ্ধি খাটাতাম	وَقَالُوا لَوْ كُنَّا نَسْمَعُ أَوْ نَعْقِلُ
নাকি তারা নভোমন্ডল ও ভূমন্ডল সৃষ্টি করেছে?	أَمْ خَلَقُوا السَّمَاوَاتِ وَالْأَرْضَ
তাদের কাছে কি আপনার পালনকর্তার ভান্ডার রয়েছে, নাকি তারাই সবকিছুর তত্ত্বাবধায়ক?	أَمْ عِندَهُمْ خَزَائِنُ رَبِّكَ أَمْ هُمُ الْمُصَيْطِرُونَ

কুরআনীয় উদাহরণ

আল্লাহর সাথে অন্য মাবুদ সাব্যস্ত কর না	لَّا تَجْعَلْ مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ
এবং কোন বোঝা বহনকারী অন্য কারও বোঝা বহন করবে না	وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ
পুনরুত্থানের দায়িত্ব তাঁরই	وَأَنَّ عَلَيْهِ النَّشْأَةَ الْأُخْرَىٰ
নিশ্চয় সে তাকে আরেকবার দেখেছিল,	وَلَقَدْ رَآهُ نَزْلَةً أُخْرَىٰ
আমি তোমার প্রতি আরও একবার অনুগ্রহ করেছিলাম।	وَلَقَدْ مَنَنَّا عَلَيْكَ مَرَّةً أُخْرَىٰ
সেগুলোই কিতাবের আসল অংশ। আর অন্যগুলো রূপক।	هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ

কুরআনীয় উদাহরণ

তাদের মধ্যে কেউ অথবা উভয়েই যদি তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হয়; তবে তাদেরকে 'উহ' শব্দটিও বলো না	إِمَّا يَبْلُغَنَّ عِندَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَاهُمَا فَلَا تَقُل لَّهُمَا أُفٍّ
উভয় বাগানই ফলদান করে এবং তা থেকে কিছুই হ্রাস করত না	كِلْتَا الْجَنَّتَيْنِ آتَتْ أُكُلَهَا وَلَمْ تَظْلِم مِّنْهُ شَيْئًا

কুরআনীয় উদাহরণ

বলুনঃ এস, আমি তোমাদেরকে ঐসব বিষয় পাঠ করে শুনাই, যেগুলো তোমাদের প্রতিপালক হারাম করেছেন	قُلْ تَعَالَوْا أَتْلُ مَا حَرَّمَ رَبُّكُمْ
আর যখন আপনি তাদেরকে বলবেন, আল্লাহর নির্দেশের দিকে এসো-যা তিনি রসূলের প্রতি নাযিল করেছেন, তখন আপনি মুনাফেকদিগকে দেখবেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণ ভাবে দূরে সরে যাচ্ছে	وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَا أَنزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا

অধ্যায়-৩১ (আলংকারিক বাক্য)

আরবী বাক্যে اَلْبَلَاغَةُ বালাগাহ বলতে বাক্যের সুন্দর ও যথাযথ উপস্থাপন বোঝায়। এতে বাক্যের উপস্থাপন এমন হয় যে বক্তার মনের ভাব সুন্দর ভাষায়, স্থান ও কালানুযায়ী সঠিকভাবে উপস্থাপিত হয়। এর মূলত তিনটি শাখা রয়েছে,

১. اَلْبَيَانُ এই অংশে বাক্যে আলংকারিক, রূপক, উপমার প্রয়োগ আলোচনা করা হয়। এর মধ্যে রয়েছে তুলনামুলক কথা, রূপক কথা ও ইঙ্গিতপূর্ন কথা।

২. اَلْمَعَانِي এই অংশে বাক্যের অর্থকে স্থান কাল পাত্রের চাহিদানুযায়ী হওয়া নিয়ে আলোচনা করা হয়। এর মধ্যে রয়েছে খবর ও ইনশা, সংক্ষিপ্তকরণ, অতিরিক্ত শব্দ শব্দের বদল, যথাযথ শব্দ, শব্দের স্থান পরিবর্তন ইত্যাদি।

৩. اَلْبَدِيْعُ এই অংশে বাক্যের ছন্দ প্রকরণ, শব্দ ও অর্থগত সৌন্দর্য নিয়ে আলোচনা করা হয়। এর মধ্যে রয়েছে একই শব্দের একাধিক প্রয়োগ, ছন্দ মিল, বিপরীত অর্থের শব্দ প্রয়োগ, ঠাট্টা বিদ্রুপ, অবাক করা উত্তর, দৃষ্টি আকর্ষণ ইত্যাদি।

স্পষ্টকরণ

এই অধ্যায়ে আমরা কুরআনের বিভিন্ন আয়াতের অলঙ্কারিক যে ব্যখ্যাগুলো করবো তা পূর্ববর্তী আলিমদের করা ব্যাখ্যা। আলংকারিক এই ব্যাখ্যাগুলো হাদিস কুরআন দিয়ে সাব্যস্ত নয়। আমরা যদিও বলব এই কারণে এই হয়েছে কিন্তু এসব ব্যাপারে আল্লাহই ভালো জানেন।

الْبَلاغَةُ	الْبَيَانُ	তুলনা	التَّشْبِيه
		রূপক	الْمَجَازُ
		ইঙ্গিত	الكِنَايَةُ
	الْمَعَانِي	খবর ও ইনশা	الخَبر والإنشاء
		সংক্ষিপ্তকরণ	الإيجَازُ
		অতিরিক্ত শব্দ	الإطنَابُ
		শব্দের বদল	الإبدال
		যথাযথ শব্দ	الْمُناسَبة
		স্থান পরিবর্তন	التَّقْدِيمُ والتَّأخِيرُ
	البَدِيْعُ	শব্দের একাধিক প্রয়োগ	الجِنَاس
		ছন্দ মিল	السَّجْعُ
		বিপরীত অর্থের শব্দ	الطِّبَاقُ والْمُقَابَلَةُ
		ঠাট্টা বিদ্রূপ	التَّهَكُّمُ
		অবাক করা উত্তর	أُسلُوبُ الحَكِيمِ
		দৃষ্টি আকর্ষণ	الإلتِفات

১। التَّشْبِيه তুলনামুলক কথা

তুলনামূলক বাক্যের চারটি অংশঃ যাকে তুলনা করা হয়, যার সাথে তুলনা করা হয়, তুলনার উপকরণ ও যা দিয়ে তুলনা করা হয়। যাকে তুলনা করা হয় এবং যার সাথে তুলনা করা হয় এই দুইটা সর্বদা থাকবে।

فِي الشُّجاعَةِ	الْأَسَدِ	كَ	هُوَ
বীরত্বে	সিংহের	মত	সে
যা দিয়ে তুলনা করা হয় وَجْهُ الشَّبَهِ	যার সাথে তুলনা করা হয় مُشَبَّهٌ بِهِ	তুলনার উপকরণ أَدَاتُ التَشْبِيْهِ	যাকে তুলনা করা হয় مُشَبَّهٌ

এটা চার প্রকার,

চারটি অংশই উপস্থিত	সুতরাং তা পাথরের মত এমনকি তার চেয়েও শক্ত	فَهِيَ كَالْحِجَارَةِ أَوْ أَشَدُّ قَسْوَةً
যা দিয়ে তুলনা করা হয়েছে তা অনুপস্থিত	যেন তারা সীসা গালানো প্রাচীর	كَأَنَّهُم بُنْيَانٌ مَّرْصُوصٌ
তুলনার উপকরণ অনুপস্থিত	সে বীরত্বে সিংহ	هُوَ أَسَدٌ فِي الشُّجاعَةِ
তুলনার উপকরণ ও যা দিয়ে তুলনা করা হয়েছে তা অনুপস্থিত	মুমিনরা তার ভাইয়ের আয়না	الْمُؤمِنُونَ مِرْآةُ أَخِيهِ

প্রথম উদাহরণটি লক্ষ্য করি যে এখানে চারটি অংশ আমরা পাই ১. هِيَ যাকে তুলনা করা হয়। ২. كَ তুলনার উপকরণ। ৩. الْحِجَارَةِ যার সাথে তুলনা করা হয়। ৪. قَسْوَةً যা দিয়ে তুলনা করা হয়। এটা হলো তাশবিহ এর প্রথম প্রকার। একে বলা হয় الْمُفَصَّلُ ।

দ্বিতীয় উদাহরণটি লক্ষ্য করি যে এখানে চারটি অংশের তিনটি উপস্থিত ১. هُم যাকে তুলনা করা হয়। ২. كَأَنَّ তুলনার উপকরণ। ৩. بُنْيَانٌ যার সাথে তুলনা করা হয়। ৪. (যা দিয়ে তুলনা করা হয়) এটা অনুপস্থিত। এটা হলো তাশবিহ এর দ্বিতীয় প্রকার। একে বলা হয় الْمُجْمَلُ ।

তৃতীয় উদাহরণটি লক্ষ্য করি যে এখানেও চারটি অংশের তিনটি উপস্থিত ১. هُوَ যাকে তুলনা করা হয়। ২. أَسَدٌ যার সাথে তুলনা করা হয়। ৩. الشُّجَاعَةِ যা দিয়ে তুলনা করা হয়। ৪. (তুলনার উপকরণ) এটা অনুপস্থিত। এটা হলো তাশবিহ এর তৃতীয় প্রকার। একে বলা হয় الْمُؤَكَّدُ الْمُفَصَّلُ ।

চতুর্থ উদাহরণটি লক্ষ্য করি যে এখানে চারটি অংশের দুটি উপস্থিত ১. الْمُؤْمِنُونَ যাকে তুলনা করা হয়। ২. مِرْآةٌ যার সাথে তুলনা করা হয়। তুলনার উপকরণ এবং যা দিয়ে তুলনা করা হয়-এই দুটি অংশ অনুপস্থিত। এটা হলো তাশবিহ এর চতুর্থ প্রকার। একে বলা হয় البَلِيْغُ ।

২। الْمَجَازُ রূপক কথা

الْمَجَازُ (রূপক কথা) দুই প্রকার ১. الْمَجَازُ الْمُشَبَّهُ তুলনা সহ রূপক কথা ২. الْمَجَازُ غَيرُ الْمشَبهِ তুলনাহীন রূপক কথা।

الْمَجَازُ الْمُشَبَّه তুলনা সহ রূপক কথা

অন্ধকারকে জাহিলিয়াত ও আলোকে হেদায়েতের সাথে তুলনা করা হয়েছে।	যাতে আপনি মানুষকে অন্ধকার থেকে আলোর দিকে বের করে আনেন	لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ

মানুষের উপর মানুষ উপচে পড়ে না মুলত সাগরের ঢেউয়ের সাথে তুলনা করা হয়েছে	আমি সেদিন তাদেরকে দলে দলে তরঙ্গের আকারে ছেড়ে দেব	وَتَرَكْنَا بَعْضَهُمْ يَوْمَئِذٍ يَمُوجُ فِي بَعْضٍ
কঠিন পরিস্থিতিকে তুলনা করতে বাচ্চা বৃদ্ধ হয়ে যাবে বলা হয়েছে	এমন এক দিনে যেদিন বালকদেরকে করে দিবে বৃদ্ধ	يَوْمًا يَجْعَلُ الْوِلْدَانَ شِيبًا
সত্য গ্রহণ না করার গোয়ার্তুমিকে অন্তরের অসুস্থতার সাথে তুলনা করা হয়েছে	তাদের অন্তরে রয়েছে অসুখ। অতঃপর আল্লাহ অসুখ বাড়িয়ে দিয়েছেন	فِي قُلُوبِهِم مَّرَضٌ فَزَادَهُمُ اللَّهُ مَرَضًا

আমরা যদি প্রথম উদাহরণটি লক্ষ করি যে এখানে الظُّلُمَاتِ ও النُّورِ এই দুটি শব্দ রুপক এসেছে। মূলত বুঝানো হয়েছে যে لِتُخْرِجَ النَّاسَ مِنَ الجَاهِلِيَّةِ كَالظُّلُمَاتِ إِلَى الهِدَايَةِ كَالنُّورِ (মানুষকে বের করা হয়েছে জাহিলিয়াতের অন্ধকার থেকে হিদায়েতের আলোর দিকে) এখানে الهِدَايَةِ ও الجَاهِلِيَّةِ শব্দ দুটি নেই কিন্তু الظُّلُمَاتِ এর মাধ্যমে الجَاهِلِيَّةِ এবং النُّورِ এর মাধ্যমে الهِدَايَةِ বুঝানো হয়েছে । সূতরাং আমরা দেখছি এখানে যাকে তুলনা করা হয়েছে (الهِدَايَةِ ও الجَاهِلِيَّةِ যাকে مُشَبَّهٌ বলা হয়) তা অনুপস্থিত এবং যার সাথে তুলনা করা হয়েছে (الظُّلُمَاتِ ও النُّورِ যাকে مُشَبَّهٌ بِهِ বলা হয়) সেটা উপস্থিত। এটা হলো الْمَجَازُ এর একটি প্রকার আরবী ভাষায় একে বলা হয় تَصْرِيْحِيَّةٌ স্পষ্ট।

الْمَجَازُ এর আরেকটি প্রকার হলো যেখানে তাশবিহ এর মূল দুটি অংশের একটি থাকবেনা যেমন

আমরা যদি দ্বিতীয় উদাহরণটি লক্ষ করি যে এখানে মূলত বুঝানো হয়েছে যে يَوْمَئِذٍ يَمُوجُ كَالبَحْرِ (ঐদিন সমুদ্রের ঢেউয়ের ন্যায়) এখানে البَحْرِ শব্দটি হলো مُشَبَّهٌ بِهِ (যার সাথে তুলনা করা হয়েছে) অনুপস্থিত। আরবী ভাষায় একে বলা হয় مَكْنِيَّةٌ সরাসরি।

الْمَجَازُ غير الْمُشَبَّه তুলনাহীন রূপক কথা

আকাশ থেকে আসলে রিযিক নেমে আসে না বরং কেবল বৃষ্টি নামে তা থেকে রিযিক উৎপন্ন হয়	এবং তিনি তাদের জন্য আকাশ থেকে রিযিক নাযিল করেন	وَيُنَزِّلُ لَكُم مِّنَ السَّمَاءِ رِزْقًا
এখানে সিজদা রুকু করা বলতে মুলত ইবাদত করা বোঝানো হয়েছে	হে মারিয়াম! তুমি তোমার রবের জন্য বিনিত হও এবং সিজদাহ করো আর রুকু করো তাদের সাথে যারা রুকু করে	يَا مَرْيَمُ اقْنُتِي لِرَبِّكِ وَاسْجُدِي وَارْكَعِي مَعَ الرَّاكِعِينَ
ইয়াতিমকে বাচ্চা বয়সে তাদের সম্পদ দিতে বলা হয়নি বরং বড় হলে দিতে বলা হয়েছে	আর ইয়াতিমদের তাদের সম্পদ দাও	وَآتُوا الْيَتَامَىٰ أَمْوَالَهُمْ

৩। الكِنَايَةُ ইংগিতপূর্ন কথা

الكِنَايَةُ (ইংগিতপূর্ন কথা) অর্থাৎ একটি কথার মাধ্যমে ভিন্ন্য আরেকটি মেসেজ দেয়া।

চাবি দ্বারা জান্নাত ও সালাত এবং সালাত ও জান্নাতের মধ্যকার সম্পর্ককে ইংগিত করা হয়েছে	জান্নাতের চাবি হলো নামাজ আর সালাতের চাবি হলো ওযু	مِفْتاحُ الجَنَّةِ الصَّلاةُ، ومِفْتاحُ الصَّلاةِ الوَضُوءُ

الْغَائِط শব্দটি দ্বারা নিম্নস্থান বোঝায়। আরবরা প্রাইভেসির জন্য টয়লেটে যেতো নিম্ন স্থানে তাই নিম্ন স্থান দিয়ে টয়লেট করা ইঙ্গিত করা হয়েছে। একইভাবে স্পর্শ করা দ্বারা স্বামী স্ত্রীর মিলন ইঙ্গিত হয়েছে	অথবা আসে তোমাদের কেউ পায়খানা থেকে অথবা তোমরা নারী স্পর্শ করে আসো	أَوْ جَاءَ أَحَدٌ مِّنكُم مِّنَ الْغَائِطِ أَوْ لَامَسْتُمُ النِّسَاءَ
মারইয়াম (আ) এবং ঈসা (আ) উভয়ই খাদ্য গ্রহণ করতেন এর দ্বারা ইঙ্গিতে বলা হয়েছে যে তারা স্বাভাবিক মানুষ ছিলেন।	আর তার মাতা বিশ্বাসী , তারা উভয়ই খাবার খেতো	وَأُمُّهُ صِدِّيقَةٌ كَانَا يَأْكُلَانِ الطَّعَامَ
ক্বরুনের সম্পদের আধিক্য ইঙ্গিত করতে তার চাবিগুলোর ওজন বর্ননা করা হয়েছে	আর আমরা তাকে দিয়েছিলাম ধনভান্ডার এতো বেশি যে তার চাবিগুলো একটা দলকে ন্যুয়ে দিতো	وَآتَيْنَاهُ مِنَ الْكُنُوزِ مَا إِنَّ مَفَاتِحَهُ لَتَنُوءُ بِالْعُصْبَةِ
মাওলা শব্দটি দ্বারা অভিভাকত্ব বোঝালেও এখানে বিদ্রুপ ইঙ্গিত করা হয়েছে	তোমাদের স্থান হলো আগুন। সেটাই তোমাদের দেখভালকারী	مَأْوَاكُمُ النَّارُ هِيَ مَوْلَاكُمْ
শাস্তির সুসংবাদ দ্বারা এখানে বিদ্রুপ ইঙ্গিত করা হয়েছে	সুতরাং তাদেরকে যন্ত্রনাদায়ক আযাবের সুসংবাদ দাও	فَبَشِّرْهُم بِعَذَابٍ أَلِيمٍ

৪। اَلْخَبَرُ খবর

খবর হলো এমন বিষয় যা সত্য বা মিথ্যা হতে পারে। খবর তিন প্রকার,

সত্য হতে পারে মিথ্যা হতে পারে। শ্রোতার অস্বীকার করার সম্ভাবনা কম তাই জোর দেওয়া হয়নি।	লোকটি ঘরের মধ্যে	الرَّجُلُ فِي البَيْتِ	اَلْإِبْتِدَاءُ
সন্দেহ আছে। শ্রোতা সামান্য দ্বিমত করতে পারে তাই কিছুটা জোর দেওয়া হয়েছে।	আজ বৃষ্টি নামতে পারে	قَدْ يَنْزِلُ الْمَطَرُ اليَوْمَ	طَلَبِيٌّ
কোন সন্দেহ নাই। শ্রোতা অস্বীকার করতে পারে তাই জোর দেওয়া হয়েছে। বস্তুত এখানে মৃত্যুর পরের জীবনের দিকে ইঙ্গিত করা হয়েছে যা কাফিররা অস্বীকার করতো।	অতঃপর নিশ্চয়ই তোমরা তার পরে মৃত্যুবরন করবে	ثُمَّ إِنَّكُم بَعْدَ ذَٰلِكَ لَمَيِّتُونَ	إِنْكَارِيٌّ

ইংগিতপূর্ণ খবর

যাকারিয়া (আ) জানতেন যে তিনি বৃদ্ধ হয়ে গেছেন এটা আল্লাহ জানেন। খবর দ্বারা তার আশ্চর্য হওয়া প্রকাশ পেয়েছে।	সে বলল, হে আমার রব! নিশ্চয়ই আমার হাড় নরম হয়ে গেছে আর আমার মাথা সাদা হয়ে গেছে	قَالَ رَبِّ إِنِّي وَهَنَ الْعَظْمُ مِنِّي وَاشْتَعَلَ الرَّأْسُ شَيْبًا
মারিয়াম (আ) এর মাতাও জানতেন যে তিনি প্রসব করেছেন আল্লাহ তা জানেন। তার এই খবর দ্বারা পূর্ব আকাঙ্ক্ষার প্রকাশ পেয়েছে	সে বলল, হে আমার রব নিশ্চয়ই আমি কন্যা প্রসব করেছি	قَالَتْ رَبِّ إِنِّي وَضَعْتُهَا أُنثَىٰ

নুহ (আ) জানতেন যে তিনি দিন রাত দাওয়াত করেছেন তা আল্লাহ জানে। তার এই খবর দ্বারা আক্ষেপ প্রকাশ পেয়েছে	সে বলল হে আমার রব নিশ্চয়ই আমি দিন রাত আমার জাতিকে দাওয়াত দিয়েছি	قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَنَهَارًا

৫। الإِنْشَاءُ ইনশা

ইনশা হলো এমন বিষয় যা সত্য বা মিথ্যা হতে পারেনা। যেমন আদেশ, নিষেধ, প্রশ্ন, আশ্চর্য, আশা , আশংকা ইত্যাদি।

ক) আদেশ

আক্ষরিক অর্থে আদেশ	ফেরাউনের কাছে যাও নিশ্চয়ই সে সীমালঙ্ঘন করেছে	اذْهَبْ إِلَىٰ فِرْعَوْنَ إِنَّهُ طَغَىٰ
আদেশ (প্রার্থনা)	সে বললঃ হে আমার পালনকর্তা! আপনার সন্নিকটে জান্নাতে আমার জন্যে একটি গৃহ নির্মাণ করুন	قَالَتْ رَبِّ ابْنِ لِي عِندَكَ بَيْتًا فِي الْجَنَّةِ
আদেশ (উপদেশ)	অতঃপর নামায সমাপ্ত হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড় এবং আল্লাহর অনুগ্রহ তালাশ কর	فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَانتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِن فَضْلِ اللَّهِ
আদেশ (সতর্কতা)	তোমরা যা ইচ্ছা কর, নিশ্চয় তিনি দেখেন যা তোমরা কর।	اعْمَلُوا مَا شِئْتُمْ إِنَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ

খ) নিষেধ

আক্ষরিক অর্থে নিষেধ	তোমরা সত্যকে মিথ্যার সাথে মিশিয়ে দিও না	وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ
নিষেধ (প্রার্থনা)	যদি আমরা ভুলে যাই কিংবা ভুল করি, তবে আমাদেরকে অপরাধী করো না।	رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِن نَّسِينَا أَوْ أَخْطَأْنَا
নিষেধ (উপদেশ)	হে মুমিণগন, এমন কথাবার্তা জিজ্ঞেস করো না, যা তোমাদের কাছে পরিব্যক্ত হলে তোমাদের খারাপ লাগবে।	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِن تُبْدَ لَكُمْ تَسُؤْكُمْ

গ) প্রশ্ন

আক্ষরিক অর্থে প্রশ্ন	জিজ্ঞেস করলেন" হে মারইয়াম! কোথা থেকে এসব তোমার কাছে এলো?	قَالَ يَا مَرْيَمُ أَنَّىٰ لَكِ هَٰذَا
প্রশ্ন (অস্বীকৃতি)	তারা আপনাকে জিজ্ঞাসা করে, কেয়ামত কখন হবে?	يَسْأَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا
প্রশ্ন (আশ্চর্য)	কেমন করে তোমরা আল্লাহর ব্যাপারে কুফরী অবলম্বন করছ? অথচ তোমরা ছিলে নিষ্প্রাণ। অতঃপর তিনিই তোমাদেরকে প্রাণ দান করেছেন	كَيْفَ تَكْفُرُونَ بِاللَّهِ وَكُنتُمْ أَمْوَاتًا فَأَحْيَاكُمْ
প্রশ্ন (প্রশংসা)	যে আল্লাহর দিকে দাওয়াত দেয়, সৎকর্ম করে এবং বলে, আমি একজন আজ্ঞাবহ, তার কথা অপেক্ষা উত্তম কথা আর কার?	وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِّمَّن دَعَا إِلَى اللَّهِ وَعَمِلَ صَالِحًا
প্রশ্ন (বিদ্রূপ)	তারা বলল-হে শোয়ায়েব (আঃ) আপনার নামায কি আপনাকে ইহাই শিক্ষা দেয় যে, আমরা ঐসব উপাস্যদেরকে পরিত্যাগ করব আমাদের বাপ-দাদারা যাদের উপাসনা করত?	قَالُوا يَا شُعَيْبُ أَصَلَاتُكَ تَأْمُرُكَ أَن نَّتْرُكَ مَا يَعْبُدُ آبَاؤُنَا

গ) আকাঙ্ক্ষা, আশা, শপথ

আকাঙ্ক্ষা	যদি কোনরূপে একবার ফিরে যেতে পারি, তবে আমি সৎকর্মপরায়ণ হয়ে যাব।	لَوْ أَنَّ لِي كَرَّةً فَأَكُونَ مِنَ الْمُحْسِنِينَ
আশা	সম্ভবতঃ আমাদের পালনকর্তা পরিবর্তে এর চাইতে উত্তম বাগান আমাদেরকে দিবেন।	عَسَىٰ رَبُّنَا أَن يُبْدِلَنَا خَيْرًا مِّنْهَا
শপথ	আল্লাহর কসম, আমরা প্রকাশ্য বিভ্রান্তিতে লিপ্ত ছিলাম।	تَاللَّهِ إِن كُنَّا لَفِي ضَلَالٍ مُّبِينٍ
প্রশংসা ও নিন্দা	তারা যা করত তা অবশ্যই মন্দ ছিল	لَبِئْسَ مَا كَانُوا يَفْعَلُونَ
গঠনগত অর্থে খবর কিন্তু অর্থের চাহিদার দিক দিয়ে ইনশা	যাবতীয় প্রশংসা আল্লাহ তাআলার যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা।	الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

৬। الإِيجَازُ সংক্ষিপ্তকরণ

সংক্ষিপ্তকরণ বাক্যের মধ্যে দুই ভাবে হতে পারে ১. কম শব্দে অধিক অর্থ প্রকাশ এটাকে বলা হয় إِيجَازُ الْقَصْرِ ২. বাক্য থেকে কোন শব্দ কমিয়ে ফেলা বা কোন শব্দ থেকে কোন অক্ষরকে কমিয়ে দেয়া এটাকে বলা হয় إِيجَازُ الحَذْفِ ।

ক) শব্দ সংক্ষিপ্তকরণ

নিরাপত্তা হলো শান্তি থেকে। কিন্তু কি থেকে নিরাপত্তা সেটা আয়াতে বিস্তারিত বলা নাই	যারা ঈমান আনে এবং স্বীয় বিশ্বাসকে শেরেকীর সাথে মিশ্রিত করে না, তাদের জন্যেই শান্তি এবং তারাই সুপথগামী	الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُم بِظُلْمٍ أُولَٰئِكَ لَهُمُ الْأَمْنُ** وَهُم مُّهْتَدُونَ
হারফ জার ইলা বাদ ; ক্রিয়াটি “হাদা ইলা”	আমাদেরকে সরল পথ দেখাও	اهْدِنَا ** الصِّرَاطَ الْمُسْتَقِيمَ
মুদাফ বাদ; বাছুরের ভালোবাসায় সিক্ত হয়েছে সেক্ষেত্রে মাহাব্বাতু বাদ	তাদের অন্তরে গোবৎসপ্রীতি পান করানো হয়েছিল	وَأُشْرِبُوا فِي قُلُوبِهِمُ** الْعِجْلَ
মুদাফ ইলাইহি বাদ; প্রত্যেক কি? কুল্লু নাফসিন	প্রত্যেকেই আমার কাছে প্রত্যাবর্তিত হবে।	كُلٌّ ** إِلَيْنَا رَاجِعُونَ
মানউত বাদ ; রেশমের কাপড় কিন্তু এখানে কাপড় উল্লেখ নাই	তারা পরিধান করবে চিকন ও পুরু রেশমীবস্ত্র, মুখোমুখি হয়ে বসবে।	يَلْبَسُونَ مِن** سُندُسٍ وَإِسْتَبْرَقٍ مُّتَقَابِلِينَ
মুবতাদা বাদ; হুয়া আজুজুন আকিম	বললঃ সে তো বৃদ্ধ, বন্ধ্যা	وَقَالَتْ** عَجُوزٌ عَقِيمٌ
খবর বাদ; তাদের জন্য রয়েছে জান্নাত এটা খবর	যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম সম্পাদন করে..... আমি সৎকর্মশীলদের পুরস্কার নষ্ট করি না।	إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ ** إِنَّا لَا نُضِيعُ أَجْرَ مَنْ أَحْسَنَ عَمَلًا
ফেল বাদ; نَاقَةَএখানে মাফউলুন বিহি কিন্তু এর ফেল উল্লেখ নাই	অতঃপর আল্লাহর রসূল তাদেরকে বলেছিলেনঃ আল্লাহর উষ্ট্রী ও তাকে পানি পান করানোর ব্যাপারে সতর্ক	فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ** نَاقَةَ اللَّهِ وَسُقْيَاهَا

	থাক।	
মাফুলুন বিহি বাদ; কাকে মৃত্যু দেন, জীবন দেন সেই মাফুল্লুন বিহি উল্লেখ নাই	তিনি ব্যতীত কোন উপাস্য নেই। তিনি জীবন দান করেন ও মৃত্যু দেন।	لَا إِلَٰهَ إِلَّا هُوَ يُحْيِي وَيُمِيتُ **
জাওয়াবু শর্ত বাদ ; "অপরাধীদের বলতে দেখতে" এটা শর্তের জওয়াব ছিলো	যদি আপনি দেখতেন যখন অপরাধীরা তাদের পালনকর্তার সামনে নতশির হবে..., হে আমাদের পালনকর্তা, আমরা দেখলাম ও শ্রবণ করলাম।	وَلَوْ تَرَىٰ إِذِ الْمُجْرِمُونَ نَاكِسُو رُءُوسِهِمْ عِندَ رَبِّهِمْ** رَبَّنَا أَبْصَرْنَا وَسَمِعْنَا

আমরা প্রথম উদাহরণটি লক্ষ করি যে এটা হলো إِيجَازُ الْقَصْرِ কারণ এখানে ظُلْمٍ ব্যাখ্যা মূলক শব্দ এটা দ্বারা শিরিক বুঝানো হয় আর আমরা জানি শিরক এর অনেক প্রকার রয়েছে সুতরাং এটা একটা বড় আলোচনা কিন্তু এখানে যুলুম শব্দ দ্বারা এটা খুব সংক্ষেপে বুঝানো হয়েছে। একই ভাবে الْأَمْنُ (নিরাপত্তা) কিন্তু কিসের নিরাপত্তা সেটা বলা হয়নি। সেক্ষেত্রে আমরা দেখছি যে এখানে কম শব্দ ব্যবহার করা হয়েছে কিন্তু সেটা আরো ব্যাখ্যার দাবি রাখে। অর্থাৎ শব্দ চয়ন কম হলেও এটার অর্থটা বিস্তারিত।

আমরা দ্বিতীয় উদাহরণটি লক্ষ করি যে এখানে মূলত ছিল اهْدِنَا إِلَى (হিদায়েতের দিকে পথ দেখান) এখানে হারফে জারকে বাদ দেয়া হয়েছে। এটা হলো إِيجَازُ الحَذْفِ ।

খ) বর্ণ সংক্ষিপ্তকরণ

ن বাদ; أَكُ < أَكُن	মরিয়াম বললঃ কিরূপে আমার পুত্র হবে, যখন কোন মানব আমাকে স্পর্শ করেনি এবং আমি ব্যভিচারিণীও কখনও ছিলাম না	وَلَمْ يَمْسَسْنِي بَشَرٌ وَلَمْ أَكُ بَغِيًّا
ت বাদ;	যারা নিজের অনিষ্ট করে, ফেরেশতারা তাদের প্রাণ হরণ করে	إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ

تَوَفَّا< تَتَوَفَّا		ظَالِمِي أَنفُسِهِمْ
ت বাদ; تَنَزَّلُ < تَتَنَزَّلُ	এতে প্রত্যেক কাজের জন্যে ফেরেশতাগণ ও রূহ অবতীর্ণ হয় তাদের পালনকর্তার নির্দেশক্রমে।	تَنَزَّلُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِم
ت বাদ; تَذَكَّرُونَ < تَتَذَكَّرُونَ	তোমরা কি অনুধাবন কর না?	أَفَلَا تَذَكَّرُونَ
ت বাদ; اسْطَاعُوا < اتسْطَاعُوا	অতঃপর তার উপরে আরোহণ করতে পারল না এবং তা ভেদ করতে ও সক্ষম হল না।	فَمَا اسْطَاعُوا أَن يَظْهَرُوهُ وَمَا اسْتَطَاعُوا لَهُ نَقْبًا
ت বাদ; تَسْطِع < تَسْتَطِع	আপনি যে বিষয়ে ধৈর্য্যধারণ করতে অক্ষম হয়েছিলেন, এই হল তার ব্যাখ্যা।	ذَٰلِكَ تَأْوِيلُ مَا لَمْ تَسْطِع عَّلَيْهِ صَبْرًا
ي বাদ; عِبَادِ < عِبَادِ	হে আমার বান্দাগণ, আমাকে ভয় কর।	يَا عِبَادِ فَاتَّقُونِ
ي বাদ; يَهْدِيَنِ < يَهْدِيَنِي	আশা করি আমার পালনকর্তা আমাকে এর চাইতেও নিকটতম সত্যের পথ নির্দেশ করবেন।	عَسَىٰ أَن يَهْدِيَنِ رَبِّي لِأَقْرَبَ مِنْ هَٰذَا رَشَدًا
ي বাদ; دَعَانِ < دَعَانِي	তাদের প্রার্থনা কবুল করে নেই, যখন আমার কাছে প্রার্থনা করে।	أُجِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ

৭। الإِطْنَابُ অতিরিক্ত শব্দ যোগ

الإِطْنَابُ হলো الإِيجَازُ এর বিপরীত, অর্থাৎ বাক্যের মধ্যে অতিরিক্ত শব্দ বা বাক্য যোগ করা।

একই শব্দের পূনব্যবহার	এটা কখনও উচিত নয়। তোমরা সত্ত্বরই জেনে নেবে। অতঃপর এটা কখনও উচিত নয়। তোমরা সত্ত্বরই জেনে নেবে।	كَلَّا سَوْفَ تَعْلَمُونَ . ثُمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُونَ
সতর্কতার জন্য سُبْحَانَهُ অতিরিক্ত যোগ	তারা আল্লাহর জন্যে কন্যা সন্তান নির্ধারণ করে-তিনি পবিত্র মহিমান্বিত এবং নিজেদের জন্যে ওরা তাই স্থির করে যা ওরা চায়।	وَيَجْعَلُونَ لِلَّهِ الْبَنَاتِ سُبْحَانَهُ وَلَهُم مَّا يَشْتَهُونَ
একই ধরনের বাক্যের সংযুক্তি	বলুনঃ সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে। নিশ্চয় মিথ্যা বিলুপ্ত হওয়ারই ছিল।	وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا
ফেরেশতার কথা উল্লেখ করার পর সুনির্দিষ্ট করে রুহ; আমের পর খাস	এতে প্রত্যেক কাজের জন্যে ফেরেশতাগণ ও রূহ অবতীর্ণ হয় তাদের পালনকর্তার নির্দেশক্রমে।	تَنَزَّلُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِم
“هُمْ” অতিরিক্ত সর্বনাম	এবং এরাই সফলকাম।	وَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ

৮। الإِبْدَالُ বদল

ক) تَ এর পরবর্তী বর্নের সাথে বদল হয়

يَصَّدَّقُوا < يَتَصَدَّقُوا	এবং রক্ত বিনিময় সমর্পন করবে তার স্বজনদেরকে; কিন্তু যদি তারা ক্ষমা করে দেয়...	وَدِيَةٌ مُّسَلَّمَةٌ إِلَىٰ أَهْلِهِ إِلَّا أَن يَصَّدَّقُوا
يَضَّرَّعُونَ < يَتَضَرَّعُونَ	পাকড়াও করেছি সে জনপদের অধিবাসীদিগকে কষ্ট ও কঠোরতার মধ্যে, যাতে তারা শিথিল হয়ে পড়ে।	أَخَذْنَا أَهْلَهَا بِالْبَأْسَاءِ وَالضَّرَّاءِ لَعَلَّهُمْ يَضَّرَّعُونَ
الْمُدَّثِّرُ < الْمُتَدَثِّرُ	হে চাদরাবৃত	يَا أَيُّهَا الْمُدَّثِّرُ
الْمُصَّدِّقِينَ < الْمُتَصَدِّقِينَ	নিশ্চয় দানশীল ব্যক্তি ও দানশীলা নারী, যারা আল্লাহকে উত্তমরূপে ধার দেয়	إِنَّ الْمُصَّدِّقِينَ وَالْمُصَّدِّقَاتِ وَأَقْرَضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا
يَخِصِّمُونَ < يَخْتَصِمُونَ	তাদের পারস্পরিক বাকবিতন্ডাকালে।	وَهُمْ يَخِصِّمُونَ
يَهِدِّي < يَهْتَدِي	নাকি যে পথ পায় না তাকে পথ দেখানো ছাড়া	أَمَّن لَّا يَهِدِّي إِلَّا أَن يُهْدَىٰ

খ) মাদীর ক্ষেত্রে তা এর বদলে তাশদিত আসে তাই উচ্চারণ করা যায় না। এক্ষেত্রে হামজাহ আসে

وَازَّيَّنَتْ < وتزَيَّنَتْ	এমনকি যমীন যখন সৌন্দর্য সুষমায় ভরে উঠলো	حَتَّىٰ إِذَا أَخَذَتِ الْأَرْضُ زُخْرُفَهَا وَازَّيَّنَتْ
ادَّارَكَ < تَدَارَكَ	বরং পরকাল সম্পর্কে তাদের জ্ঞান নিঃশেষ হয়ে গেছে	بَلِ ادَّارَكَ عِلْمُهُمْ فِي الْآخِرَةِ

اطَّيَّرْنَا > تَطَيَّرْنَا	তারা বলল, তোমাকে এবং তোমার সাথে যারা আছে, তাদেরকে আমরা অকল্যাণের প্রতীক মনে করি।	قَالُوا اطَّيَّرْنَا بِكَ وَبِمَن مَّعَكَ

৯। التَّقْدِيمُ و التَّأخِيرُ শব্দের স্থান পরিবর্তন

মাফুলুন বিহি আগে	বরং আল্লাহরই এবাদত করুন এবং কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত থাকুন।	بَلِ اللَّهَ فَاعْبُدْ وَكُن مِّنَ الشَّاكِرِينَ
খবর আগে	নভোমন্ডল ও ভূমন্ডলের রাজত্ব তাঁরই। সবকিছু তাঁরই দিকে প্রত্যাবর্তন করবে।	لَّهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ
মুতায়াল্লাক আগে	আল্লাহই সর্ব বিষয়ে ক্ষমতার অধিকারী	وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ
মাফুলুন বিহি আগে	আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি	إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ

১০। الْمُنَاسَبَةُ যথাযথ শব্দ

প্রথম তিন লাইনে هُوَ আছে কারন তাতে জোর দেওয়ার দরকার আছে। পক্ষান্তরে শেষে هُوَ নাই কারণ জোর দেওয়ার দরকার ছিলো না	যিনি আমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তিনিই আমাকে পথপ্রদর্শন করেন	الَّذِي خَلَقَنِي فَهُوَ يَهْدِينِ وَالَّذِي هُوَ يُطْعِمُنِي وَيَسْقِينِ وَإِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِينِ وَالَّذِي يُمِيتُنِي ثُمَّ يُحْيِينِ

জান্নাতে অনেকের সাথে থাকবে তাই خَالِدِينَ	এগুলো আল্লাহর নির্ধারিত সীমা। যে কেউ আল্লাহ ও রসূলের আদেশমত চলে, তিনি তাকে জান্নাত সমূহে প্রবেশ করাবেন, যেগুলোর তলদেশ দিয়ে স্রোতস্বিনী প্রবাহিত হবে। তারা সেখানে চিরকাল থাকবে। এ হল বিরাট সাফল্য।	تِلْكَ حُدُودُ اللَّهِ ۚ وَمَن يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ وَذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ
জাহান্নামে একাকিত্বে থাকবে তাই خَالِدًا	যে কেউ আল্লাহ ও রসূলের অবাধ্যতা করে এবং তার সীমা অতিক্রম করে তিনি তাকে আগুনে প্রবেশ করাবেন। সে সেখানে চিরকাল থাকবে। তার জন্যে রয়েছে অপমানজনক শাস্তি।	وَمَن يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ وَيَتَعَدَّ حُدُودَهُ يُدْخِلْهُ نَارًا خَالِدًا فِيهَا وَلَهُ عَذَابٌ مُّهِينٌ
اصطفى শব্দটি আসে স্পেসিফিক কারনে সিলেকশনের জন্য।	আল্লাহ ফেরেশতা ও মানুষের মধ্য থেকে রাসূল মনোনীত করেন।	اللَّهُ يَصْطَفِي مِنَ الْمَلَائِكَةِ رُسُلًا وَمِنَ النَّاسِ ۚ
আর اجتبى আসে নির্দিষ্ট কোন উদ্দেশ্যে সিলেক্ট করার জন্য	তিনি তোমাদেরকে পছন্দ করেছেন এবং ধর্মের ব্যাপারে তোমাদের উপর কোন সংকীর্ণতা রাখেননি।	هُوَ اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ
কুরআনের ক্ষেত্রে ধীরে তাই نَزَّلَ তাওরাত একসাথে তাই أَنزَلَ	তিনি আপনার প্রতি কিতাব নাযিল করেছেন সত্যতার সাথে; যা সত্যায়ন করে পূর্ববর্তী কিতাবসমুহের।	نَزَّلَ عَلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ وَأَنزَلَ التَّوْرَاةَ وَالْإِنجِيلَ
وَالْكِتَابِ একবচন কারন সকল কিতাবের মেসেজ একই	সৎকর্ম শুধু এই নয় যে, পূর্ব কিংবা পশ্চিমদিকে মুখ করবে, বরং বড় সৎকাজ হল এই যে,	لَّيْسَ الْبِرَّ أَن تُوَلُّوا وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ

	ঈমান আনবে আল্লাহর উপর কিয়ামত দিবসের উপর, ফেরেশতাদের উপর এবং সমস্ত নবী-রসূলগণের উপর,	وَلَٰكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ
যখন "দারিদ্র্যতার কারণে" তখন তোমাদের আর তাদের	স্বীয় সন্তানদেরকে দারিদ্রের কারণে হত্যা করো না, আমি তোমাদেরকে ও তাদেরকে আহার দেই,	وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُم مِّنْ إِمْلَاقٍ ۖ نَّحْنُ نَرْزُقُكُمْ وَإِيَّاهُمْ
যখন"দারিদ্রতার ভয়ে" তখন তাদের ও পরে তোমাদের।	দারিদ্রের ভয়ে তোমাদের সন্তানদেরকে হত্যা করো না। তাদেরকে এবং তোমাদেরকে আমিই জীবনোপকরণ দিয়ে থাকি।	وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ خَشْيَةَ إِمْلَاقٍ ۖ نَّحْنُ نَرْزُقُهُمْ وَإِيَّاكُمْ
إِلَيْنَا যখন উপহার স্বরূপ অথবা রহমত	তোমরা বল, আমরা ঈমান এনেছি আল্লাহর উপর এবং যা অবতীর্ণ হয়েছে আমাদের প্রতি এবং যা অবতীর্ণ হয়েছে ইব্রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব এবং তদীয় বংশধরের প্রতি	قُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنزِلَ إِلَيْنَا وَمَا أُنزِلَ إِلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَالْأَسْبَاطِ
عَلَيْنَا যখন তখন এটা ফরজ হিসেবে	বলুন, আমরা ঈমান এনেছি আল্লাহর উপর এবং যা কিছু অবতীর্ণ হয়েছে আমাদের উপর, ইব্রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব এবং তাঁদের সন্তানবর্গের উপর	قُلْ آمَنَّا بِاللَّهِ وَمَا أُنزِلَ عَلَيْنَا وَمَا أُنزِلَ عَلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَالْأَسْبَاطِ
ভুলের ক্ষেত্রে অতীতকাল قَتَلَ কারন একবারই ভুল হয়	মুসলমানের কাজ নয় যে, মুসলমানকে হত্যা করে; কিন্তু ভুলক্রমে। যে ব্যক্তি মুসলমানকে ভুলক্রমে হত্যা করে, সে একজন মুসলমান ক্রীতদাস মুক্ত করবে এবং রক্ত বিনিময় সমর্পন করবে	وَمَن قَتَلَ مُؤْمِنًا خَطَأً فَتَحْرِيرُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ وَدِيَةٌ مُّسَلَّمَةٌ إِلَىٰ أَهْلِهِ إِلَّا أَن

	তার স্বজনদেরকে; কিন্তু যদি তারা ক্ষমা করে দেয়।	يَصَّدَّقُوا
ইচ্ছাকৃত ক্ষেত্রে বর্তমান কাল يَقْتُلْ কারন কয়েকবার হতে পারে	যে ব্যক্তি স্বেচ্ছাক্রমে মুসলমানকে হত্যা করে, তার শাস্তি জাহান্নাম, তাতেই সে চিরকাল থাকবে।	وَمَن يَقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا
اجْعَلْ هَٰذَا بَلَدًا এটা তখন যখন এটা প্রতিষ্ঠিত দেশ ছিলো না	যখন ইব্রাহীম বললেন, পরওয়ারদেগার! একে তুমি শান্তির স্থান কর এবং এর অধিবাসীদের রিযিক দান কর	وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ اجْعَلْ هَٰذَا بَلَدًا آمِنًا وَارْزُقْ أَهْلَهُ
اجْعَلْ هَٰذَا الْبَلَدَ তখন যখন ইতোমধ্যে দেশ হয়েছে	যখন ইব্রাহীম বললেনঃ হে পালনকর্তা, এ শহরকে শান্তিময় করে দিন	وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ اجْعَلْ هَٰذَا الْبَلَدَ آمِنًا

১১। কিছু শব্দের ব্যতিক্রমি ব্যবহার

বিপরীত অর্থে ইসমুল ইশারা	এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই।	ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ ۛ فِيهِ
উচ্চ মর্যাদার জন্য ইশারাবাচক সর্বনাম	এসব লোকই তাদের পরওয়ারদেগারের তরফ থেকে আগত হেদায়েতের উপর প্রতিষ্ঠিত এবং এরাই সফলকাম।	أُولَٰئِكَ عَلَىٰ هُدًى مِّن رَّبِّهِمْ وَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ
নিম্ন মর্যাদার জন্য ইশারাবাচক সর্বনাম	তারাই দোযখের অধিবাসী।	أُولَٰئِكَ أَصْحَابُ الْجَحِيمِ
অনির্দিষ্ট “আল”	আমার দুশ্চিন্তা হয় যে, তোমরা তাকে নিয়ে যাবে এবং আমি আশঙ্কা করি যে, ব্যাঘ্র তাঁকে	وَأَخَافُ أَن يَأْكُلَهُ الذِّئْبُ وَأَنتُمْ عَنْهُ غَافِلُونَ

	খেয়ে ফেলবে এবং তোমরা তার দিক থেকে গাফেল থাকবে।	

১২। অনির্দিষ্টতার বিভিন্ন অর্থ

কম অর্থে	তোমাদের জন্যে পৃথিবীতে বাসস্থান আছে এবং একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত ফল ভোগ আছে।	وَلَكُمْ فِي الْأَرْضِ مُسْتَقَرٌّ وَمَتَاعٌ إِلَىٰ حِينٍ
তুলনার জন্যে	অনেক মুখমন্ডল সেদিন হবে লাঞ্ছিত,...... অনেক মুখমন্ডল সেদিন হবে, সজীব,	وُجُوهٌ يَوْمَئِذٍ خَاشِعَةٌ ......وُجُوهٌ يَوْمَئِذٍ نَّاعِمَةٌ
সম্মানের জন্য	অর্থাৎ আল্লাহর একজন রসূল, যিনি আবৃত্তি করতেন পবিত্র সহীফা	رَسُولٌ مِّنَ اللَّهِ يَتْلُو صُحُفًا مُّطَهَّرَةً
ছোট করার জন্য	তোমাদের বাপ-দাদারা যার ইবাদত করত এ লোকটি যে তা থেকে তোমাদেরকে বাধা দিতে চায়।	مَا هَٰذَا إِلَّا رَجُلٌ يُرِيدُ أَن يَصُدَّكُمْ عَمَّا كَانَ يَعْبُدُ آبَاؤُكُمْ

১৩। বিপরীত লিঙ্গের কর্তা

সঙ্খ্যা কম বেশি বা তীব্রতা বোঝাতে	একদলকে পথ প্রদর্শন করেছেন এবং একদলের জন্যে পথভ্রষ্টতা অবধারিত হয়ে গেছে।	فَرِيقًا هَدَىٰ وَفَرِيقًا حَقَّ عَلَيْهِمُ الضَّلَالَةُ
কঠোরতার জন্য	আর তাদের মত হয়ো না, যারা বিচ্ছিন্ন হয়ে গেছে এবং নিদর্শন সমূহ আসার পরও বিরোধিতা করতে শুরু করেছে	وَاخْتَلَفُوا مِن بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ

সংখ্যায় কমের জন্য	নগরে মহিলারা বলাবলি করতে লাগল যে, আযীযের স্ত্রী স্বীয় গোলামকে কুমতলব চরিতার্থ করার জন্য ফুসলায়।	وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِينَةِ امْرَأَتُ الْعَزِيزِ تُرَاوِدُ فَتَاهَا
বেশি সংখ্যার জন্য	মরুবাসীরা বলেঃ আমরা বিশ্বাস স্থাপন করেছি। বলুনঃ তোমরা বিশ্বাস স্থাপন করনি	قَالَتِ الْأَعْرَابُ آمَنَّا قُل لَّمْ تُؤْمِنُوا

১৪। الجِنَاس একই শব্দের একাধিক প্রয়োগ

একই শব্দ বা কাছাকাছি শব্দ এনে অন্ত্যমিল তৈরী করা

যেদিন কেয়ামত সংঘটিত হবে, সেদিন অপরাধীরা কসম খেয়ে বলবে যে, এক মুহুর্তেরও বেশী অবস্থান করিনি।	وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ يُقْسِمُ الْمُجْرِمُونَ مَا لَبِثُوا غَيْرَ سَاعَةٍ
অথচ তারা মনে করে যে, তারা সৎকর্ম করেছে।	وَهُمْ يَحْسَبُونَ أَنَّهُمْ يُحْسِنُونَ صُنْعًا
আমি তাদের মধ্যে ভীতি প্রদর্শনকারী প্রেরণ করেছিলাম। অতএব লক্ষ্য করুন, যাদেরকে ভীতিপ্রদর্শণ করা হয়েছিল, তাদের পরিণতি কি হয়েছে।	وَلَقَدْ أَرْسَلْنَا فِيهِم مُّنذِرِينَ فَانظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنذَرِينَ
তারা এ থেকে বাধা প্রদান করে এবং এ থেকে পলায়ন করে।	وَهُمْ يَنْهَوْنَ عَنْهُ وَيَنْأَوْنَ عَنْهُ
তারা বলবেঃ আল্লাহ শোকর, যিনি আমাদেরকে এ পর্যন্ত পৌছিয়েছেন। আমরা কখনও পথ পেতাম না, যদি আল্লাহ আমাদেরকে পথ প্রদর্শন না করতেন।	وَقَالُوا الْحَمْدُ لِلَّهِ الَّذِي هَدَانَا لِهَٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا اللَّهُ

প্রথম উদাহরণটি আমরা লক্ষ করি যে سَاعَةٍ শব্দটি দুইবার ব্যবহার করে বাক্যে একটা সৌন্দর্য্য আনা হয়েছে। দ্বিতীয় উদাহরণটিতে يَحْسَبُونَ শব্দটির কাছাকছি শব্দ يُحْسِنُونَ আনা হয়েছে। তৃতীয় উদাহরণটিতে مُنذَرِينَ এবং مُّنذِرِينَ একই টাইপের দুটি শব্দ আনা হয়েছে।

১৫। السَّجْعُ ছন্দ মিল

আমরা যদি খেয়াল করি কুরআনের অনেক সুরাতে ছন্দমিল ঠিক রেখে আয়াত বর্ণনা করা হয়েছে। যেমন, সুরা তাকউইরে আমরা খেয়াল করি,

إِذَا الشَّمْسُ كُوِّرَتْ ﴿١﴾ وَإِذَا النُّجُومُ انكَدَرَتْ ﴿٢﴾ وَإِذَا الْجِبَالُ سُيِّرَتْ ﴿٣﴾ وَإِذَا الْعِشَارُ عُطِّلَتْ ﴿٤﴾ وَإِذَا الْوُحُوشُ حُشِرَتْ ﴿٥﴾ وَإِذَا الْبِحَارُ سُجِّرَتْ ﴿٦﴾ وَإِذَا النُّفُوسُ زُوِّجَتْ ﴿٧﴾ وَإِذَا الْمَوْءُودَةُ سُئِلَتْ ﴿٨﴾ بِأَيِّ ذَنبٍ قُتِلَتْ ﴿٩﴾ وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ ﴿١٠﴾ وَإِذَا السَّمَاءُ كُشِطَتْ ﴿١١﴾ وَإِذَا الْجَحِيمُ سُعِّرَتْ ﴿١٢﴾ وَإِذَا الْجَنَّةُ أُزْلِفَتْ ﴿١٣﴾ عَلِمَتْ نَفْسٌ مَّا أَحْضَرَتْ ﴿١٤﴾
وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ ﴿١﴾ وَالْيَوْمِ الْمَوْعُودِ ﴿٢﴾ وَشَاهِدٍ وَمَشْهُودٍ ﴿٣﴾ قُتِلَ أَصْحَابُ الْأُخْدُودِ ﴿٤﴾ النَّارِ ذَاتِ الْوَقُودِ ﴿٥﴾ إِذْ هُمْ عَلَيْهَا قُعُودٌ ﴿٦﴾ وَهُمْ عَلَىٰ مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِينَ شُهُودٌ

একইভাবে সূরা আল-কমার, ৫৪ :আয়াত সংখ্যা :৫৫ এখানে খেয়াল করি, শেষ বর্ণগুলো এমন,

15	14	13	12	11	10	9	8	7	6	5	4	3	2	1
رٍ	رَ	رٍ	رَ	رٍ	رْ	رَ	رٌ	رٌ	رٍ	رُ	رٌ	رٌ	رٌ	رُ

30	29	28	27	26	25	24	23	22	21	20	19	18	17	16
رِ	رَ	رٌ	رْ	رُ	رٌ	رٍ	رِ	رٍ	رِ	رٍ	رٍ	رِ	رٍ	رِ
45	44	43	42	41	40	39	38	37	36	35	34	33	32	31
رَ	رٌ	رِ	رٍ	رُ	رٍ	رِ	رٌ	رِ	رِ	رَ	رٍ	رِ	رٍ	رِ
					55	54	53	52	51	50	49	48	47	46
					رٍ	رٍ	رٌ	رِ	رٍ	رِ	رٍ	رَ	رٍ	رُ

সূরা আল-জিন, ৭২:আয়াত সংখ্যা : ২৮ এখানে খেয়াল করি, শেষ বর্ণগুলো এমন,

15	14	13	12	11	10	9	8	7	6	5	4	3	2	1
بًا	دًا	قاً	بًا	دًا	دًا	دًا	بًا	دًا	قاً	بًا	طاً	دًا	دًا	بًا
		28	27	26	25	24	23	22	21	20	19	18	17	16
		دًا	دًا	دًا	دًا	دًا	دًا	دًا	دًا	دًا	دًا	دًا	دًا	قاً

সূরা নূহ, ৭১:আয়াত সংখ্যা : ২৮ এখানে খেয়াল করি, শেষ বর্ণগুলো এমন,

